- শ্বেত রক্ত কণিকায় এদের বেশি পাওয়া যায়। এছাড়া সব প্রাণীকোষ বিশেষ করে বৃক্ক কোষ, অন্ত্রের আবরণী কোষেও লাইসোসোম আছে।
- RBC-তে লাইসোসোম থাকে না।
- লাইসোসোমে 40/50 এনজাইম পাওয়া যায়।
- সম্প্রতি উদ্ভিদকোষেও লাইসোসোম আবিষ্কৃত হয়েছে যাকে Spherosome বলা হয়। এদেরকে Oleosome-ও বলা হয়।

➤ অন্যান্য নাম: অটোফ্যাগী, স্বগ্রাসী, আত্মঘাতী থলিকা, হাইড্রোলাইটিক এনজাইমের আধার, Bag of enzyme (এনজাইমের থলিকা) বলে।

➤ কাজ:

- জীবদেহের একেজো কোষ ধ্বংস করে।
- কেরাটিন প্রস্তুত করায় অংশ নেয়।
- অন্তঃকোষীয় পরিপাকে সহায়তা করে।
- ব্যাকটেরিয়ার সংক্রমণ প্রতিরোধ করে।
- লাইসোসোম নিঃসৃত উৎসেচক ক্যাসার রোগের কারণ।

(Ref: হাসান স্যার, আজিবুর স্যার, আজমল স্যার)



SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

♦ লাইসোসোম ও রাইবোসোম এর পার্থক্য লিখ?

উত্তর: রাইবোসোম ও লাইসোসোসোমের মধ্যে পার্থক্য:

পার্থক্যের বিষয়	রাইবোসোম	লাইসোসোম
আবরণ	কোনো আবরণী দিয়ে এটি আবৃত নয়	আবরণী দিয়ে এটি আবৃত থাকে
অবস্থান	বিভিন্ন কোষ অঙ্গাণুর গায়ে লাগানো বা সাইটোপ্লাজমে বিচ্ছিন্নভাবে থাকে	কোষের সাইটোপ্লাজমে সর্বত্র প্রায় সমানভাবে সাজানো থাকে
গঠন	RNA ও হিস্টোন প্রোটিন দিয়ে গঠিত থাকে	বিভিন্ন ধরনের এনজাইম বিদ্যমান থাকে
খণ্ডায়ন	দুটি অসমান খণ্ডে বিভক্ত থাকে	অখণ্ডিত থাকে
কাজ	প্রোটিন সংশ্লেষে বিশেষ ভূমিকা রাখে	এন্টি অস্ত্রকোষীয় পরিপাকে সহায়তা করে



REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

01. কোনটি অস্ত্রকোষীয় পরিপাক ঘটায়? [DU. 10-11]  
A. রাইবোসোম B. লাইসোসোম  
C. জিন D. ক্রোমোসোম [Ans B]

☆ JU ☆

01. কোন ধরনের কোষে লাইসোসোম অনুপস্থিত? [JU. 16-17]  
A. Liver cell B. Red blood cell  
C. Neuron cell D. Kidney cell [Ans B]

☆ RU ☆

01. কোন অঙ্গানুটি অটোলাইসিসে অংশ নেয়? [RU. 16-17; D.Board. 15; J.Board. 16]  
A. লাইসোসোম B. গলজি বডি  
C. রাইবোসোম D. সেন্ট্রিওল [Ans A]

☆ CU ☆

01. প্রাণীকোষে লাইসোসোমের কাজ কি? [CU. 11-12]  
A. পরিপাক B. শ্বসন  
C. রেচন D. সংবহন E. প্রজনন [Ans A]

☆ KU ☆

01. কোষের সুইসাইডাল স্কোয়াড বলা হয় কাকে? [KU. 17-18,15-16, 09-10; RU. 18-19]  
A. গলজি বডি B. লাইসোসোম  
C. সেন্ট্রিওল D. ক্রোমোসোম [Ans B]
02. এনজাইম প্যাকেট কাকে বলে? [KU. 09-10]  
A. মাইটোকন্ড্রিয়া B. রাইবোসোম  
C. লাইসোসোম D. নিউক্লিওসোম [Ans C]

☆ CoU ☆

01. জীবদেহের একেজো কোষসমূহ ধ্বংস করে কোনটি? [CoU: A. 19-20]  
A. লাইসোসোম B. ইডিওসোম C. পারঅক্সিসোম D. রাইবোসোম  
[Ans A] Why লাইসোসোম ফ্যাগোসাইটোসিস ও পিনোসাইটোসিস প্রক্রিয়ায় আক্রমণকারী জীবাণু ধ্বংস করে এবং হেটোরোফ্যাগি প্রক্রিয়ায় কোষে গৃহীত ব্যাকটেরিয়া ও খাদ্যবস্তুর জারণ ঘটায়।

☆ IU ☆

01. অটোফ্যাগীতে প্রাচীর ফেটে যায়- [IU. 16-17]  
A. লাইসোসোমের B. গলজি বডির  
C. রাইবোসোমের D. এন্ডোপ্লাজমিক রেটিকুলামের [Ans A]

## STEP 02 ANALYSIS OF SCIENCE &amp; TECHNOLOGY QUESTION

☆ JUST ☆

01. কোষের কোন ক্ষুদ্রাঙ্গ জীবাণু ধ্বংস করে?/জীব দেহের একেজো কোষকে ধ্বংস করে- [JUST: 11-12; RU. 10-11,04-05]  
A. গলজি বডি B. লাইসোসোম  
C. রাইবোসোম D. মাইটোকন্ড্রিয়া [Ans B]

☆ BSMRSTU ☆

01. লাইসোসোমকে কোষের 'Suicidal Squad' বলার কারণ- [BSMRSTU:C,18-19]  
A. আমিষ সংশ্লেষণ B. অটোফ্যাগি প্রক্রিয়া  
C. স্নেহজাতীয় পদার্থের বিপাক D. পিনোসাইটোসিস প্রক্রিয়া  
[Ans B] Why তীব্র খাদ্য অভাবের সময় এর প্রাচীর ফেটে যায় এবং আবদ্ধকৃত এনজাইম বের হয়ে কোষের অন্যান্য অঙ্গাণুগুলো বিনষ্ট করে দেয়। এ কাজকে বলা হয় অটোফ্যাগী। এজন্য লাইসোসোমকে বলা হয় Suicidal Squad।

☆ HSTU ☆

01. অটোলাইসিস দেখা যায় কোনটিতে? [HSTU.17-18]  
A. রাইবোসোমে B. ক্রোমোসোমে C. লাইসোসোমে D. গলজি বডিতে  
[Ans C] Why তীব্র খাদ্যভাবের সময় লাইসোসোমের প্রাচীর ফেটে যায় এবং আবদ্ধকৃত এনজাইম বের হয়ে কোষের অন্যান্য অঙ্গাণুগুলো বিনষ্ট করে দেয়। এ কাজকে স্ব-গ্রাস বা অটোফ্যাগী (Autophagy) বলে। এভাবে সমস্ত কোষটি ও পরিপাক হয়ে যেতে পারে। একে বলা হয় অটোলাইসিস (Autolysis)।
02. জীবদেহে জীবাণু ধ্বংস করে- [HSTU.13-14]  
A. রাইবোসোম B. লাইসোসোম C. মাইটোকন্ড্রিয়া D. গলজি বস্তু  
[Ans B] Why লাইসোসোম ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ভক্ষণ করে।

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

☆ MAT ☆

01. নিম্নের কোনটি শরীরে অনুপ্রবেশিত জীবাণুকে ধ্বংস করার প্রক্রিয়া? [MAT. 07-08]  
A. পিনোসাইটোসিস B. ফ্যাগোসাইটোসিস  
C. অটোলাইসিস D. অটোফ্যাগি [Ans B]
02. লাইসোসোম এর কাজ- [MAT. 96-97]  
A. কোষ বিভাজনের সময় মেরু নির্দেশ করে B. কোষসং ধারণ করা  
C. প্রোটিন সংশ্লেষণ D. আক্রমণকারী জীবাণু ভক্ষণ [Ans D]

☆ DAT ☆

01. নিম্নের কোনটি লাইসোসোম তৈরি করে? [DAT. 05-06]  
A. গলজি বডি B. মাইটোকন্ড্রিয়া  
C. সেন্ট্রিওল D. সাইটোপ্লাজম [Ans A]


### ◆ Sub Item-04 : এন্ডোপ্লাজমিক রেটিকুলাম

পরিণত কোষে সাইটোপ্লাজমে যে জালিকা বিন্যাস দেখা যায় তাকে এন্ডোপ্লাজমিক রেটিকুলাম বলে।


- অমসৃণ জালিতে RNA ও গ্লাইঅক্সিসোম নামক ক্ষুদ্রাকার কণা থাকতে পারে।
- অমসৃণ রেটিকুলামের ক্ষুদ্র ক্ষুদ্র বিচ্ছিন্ন অংশকে মাইক্রোসোম বলে।
- ১৫ ধরনের এনজাইম পাওয়া যায়।
- পরিণত লোহিত কণিকা ও আদিকোষ ছাড়া প্রায় সকল উদ্ভিদ ও প্রাণিকোষে থাকে।

#### ➤ গঠন: সিভেট

সি →	সিস্টারনি (শাখাহীন)
ভে →	ভেসিকল (বর্তুলাকার)
ট →	টিউবিউলস (শাখাযিত)
• ৬০-৭০ ভাগ প্রোটিন এবং ৩০-৪০ ভাগ লিপিড দিয়ে গঠিত।	



#### ➤ প্রকারভেদ:



#### ➤ কাজ:

- এটি প্রোটোপ্লাজমের কাঠামো হিসেবে কাজ করে।
- অমসৃণ রেটিকুলামে প্রোটিন সংশ্লেষিত হয়।
- মসৃণ রেটিকুলামে লিপিড, মতান্তরে বিভিন্ন হরমোন, গ্লাইকোজেন প্রভৃতি সংশ্লেষিত হয়।
- এটি লিপিড ও প্রোটিনের অন্তঃবাহক হিসেবে কাজ করে।

(Ref: হাসান স্যার, আজিবুর স্যার, আজমল স্যার)

## ❖❖❖ REAL TEST ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS ❖❖❖

### STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ BU ☆

01. পলিস্যাকারাইড সংশ্লেষণ ও পরিবহনে অংশগ্রহণ করে- [BU. 17-18]
- A. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম      B. রাইবোসোম  
C. গলগি বডি      D. লাইসোসোম
- [Ans A]

### STEP 03 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION

☆ MAT ☆

01. অন্তঃপ্রাজমীয় জালিকার কাজ- [MAT. 96-97]
- A. জীব দেহের একেজো কোষকে ধবংস করা।  
B. কোষ বিভাজনে মাকুয়ন্ত্র গঠন করা।  
C. কোষের অঙ্গাণুসমূহের মধ্যে সংযোগ রক্ষা করা।  
D. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার মাধ্যমে শর্করা প্রস্তুত করা।
- [Ans C]

☆ DAT ☆

01. নিম্নের কোনটি সঠিক নয়? [DAT. 09-10]
- A. ইন্টারফেজ পর্যায়ে DNA তার প্রতিকরূপ সৃষ্টি করে  
B. সেলুলোজ অণুর মূল একক হচ্ছে গ্লুকোজ অণু  
C. মসৃণ এন্ডোপ্লাজমিক রেটিকুলামে প্রোটিন সংশ্লেষণ বেশি হয়  
D. জাইলেম ফাইবারকে উড ফাইবার বলে
- [Ans C]

দেশের শীর্ষ মেধাবীদের সমন্বিত প্রয়াস-  
দীর্ঘ ১২-১৫ বছরের পড়ানোর  
অভিজ্ঞতার আলোকে সম্পূর্ণ নতুন  
সিলেবাসে রচিত-

## আসপেক্ট সিরিজ

সদা আছি সাথে, দিনে এবং রাতে-

page : facebook.com/Aspectadmission

group : fb.com/group/admission & academic blog

E-mail : networkpublishers05@gmail.com

বই পেতে : 01916 19 82 25

প্রয়োজনে : 01611/01911 51 69 19

### ◆ Sub Item-05 : মাইটোকন্ড্রিয়া


দ্বিস্তরবিশিষ্ট আবরণী ঝিল্লি দ্বারা সীমিত সাইটোপ্লাজমস্থ যে অঙ্গাণুতে ক্রেবস্ চক্র, ইলেকট্রন ট্রান্সপোর্ট ইত্যাদি ঘটে থাকে এবং শক্তি উৎপন্ন হয় সেই অঙ্গাণুকে মাইটোকন্ড্রিয়া বলে।

- এতে প্রায় ১০০/৭০ ধরনের এনজাইম ও কো-এনজাইম পাওয়া যায়।
- একে কোষের শক্তিশ্বর বলা হয়। কোষ আয়তনের ২০ ভাগ মাইটোকন্ড্রিয়া।

- সংখ্যা: প্রতিটি উদ্ভিদ কোষে ৩০০ থেকে ৪০০টি এবং প্রাণী কোষে ২০০-৩০০টি মাইটোকন্ড্রিয়া থাকে। তবে যকৃত কোষে ১০০০ বা ততোধিক (Amoeba তে আরো বেশি) থাকে।

## ➤ গঠন:

1. আবরণী: প্রতিটি মাইটোকন্ড্রিয়ন লিপোপ্রোটিন বাইলেয়ারের দুটি মেমব্রেন (ব্যবধান ৬-৮ nm) নিয়ে গঠিত।
2. প্রকোষ্ঠ: দুই মেমব্রেনের মাঝখানের ফাঁকা স্থানকে বলা হয় বহিস্থ কক্ষ (প্রকোষ্ঠ) বা আন্তঃমেমব্রেন ফাঁক। অভ্যন্তরীণ কক্ষ জেলির ন্যায় ঘন সমসত্ত্ব পদার্থ বা ধাত্র দ্বারা পূর্ণ থাকে। এই ধাত্র পদার্থকে ম্যাট্রিক্স বলে।
3. ক্রিস্টি বা প্রবর্ধক: বাইরের মেমব্রেন সোজা কিন্তু ভেতরের মেমব্রেনটি নির্দিষ্ট ব্যবধানে ভেতরের দিকে ভাঁজ হয়ে আঙ্গুলের মতো প্রবর্ধক সৃষ্টি করে। প্রবর্ধিত অংশকে ক্রিস্টি (Cristae) বলে।
4. অক্সিসোম: মাইটোকন্ড্রিয়ার অন্তঃআবরণীর অন্তঃগাত্রে অতি সূক্ষ্ম অসংখ্য দানা লেগে থাকে। এদের অক্সিসোম বলে।
5. ATP-Synthases ও ETC: ইলেক্ট্রন ট্রান্সপোর্ট চেইন (ETC) অবস্থিত।
6. বৃত্তাকার DNA ও রাইবোসোম: মাইটোকন্ড্রিয়ার নিজস্ব বৃত্তাকার DNA এবং রাইবোসোম (70S) রয়েছে।



## ➤ মাইটোকন্ড্রিয়ায় সংঘটিত বিক্রিয়া সমূহ-

## 🔊 TRICKS &amp; TIPS | TnT

Mnemonic: First Try To COvEr Last respiration

ছন্দ	First	Try	To	C	Ov	Er	Last respiration
তথ্য	ফসফোরাইলেশন	TCA চক্র	TSA চক্র	ক্রেবস চক্র / সাইট্রিক অ্যাসিড চক্র	অক্সিডেটিভ ফসফোরাইলেশন	ইলেক্ট্রন প্রবাহতন্ত্র/ETS	শ্বসনের শেষ পর্যায়ের বিক্রিয়া

- কাজ: শ্বসনের প্রধান অঙ্গ, সকল কাজের শক্তি উৎপাদন করা, প্রোটিন ও স্নেহবিপাকে সাহায্য করা, DNA ও RNA তৈরি এবং সংশ্লেষণ করা, গুত্রাণু ও ডিম্বাণু গঠনে অংশগ্রহণ করা, বিভিন্ন ধরণের আয়ন ( $Ca^{2+}$ ,  $S^{2+}$ ,  $Fe^{2+}$ ,  $Mn^{2+}$ ) সঞ্চিৎ রাখা।

## 🔊 TRICKS &amp; TIPS | TnT

Mnemonic: শ্বসনের স্নেহের প্রবীন ডাক্তার

ছন্দ	শ্ব	স্নেহের	প্রবীন	ডাক্তার
তথ্য	শ্বসন	শক্তির উৎপাদন	প্রোটিন সংশ্লেষণে সাহায্য করা	DNA, RNA তৈরি

(Ref: হাসান স্যার, বিলকিস বানু ম্যাডাম, মাহফুজা ম্যাডাম, আজমল স্যার)

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

## ❖ এন্ডোসিমবায়োট কি?

উত্তর: ইউক্যারিওটিক কোষে বিদ্যমান ক্লোরোপ্লাস্ট ও মাইটোকন্ড্রিয়াকে কোষের এন্ডোসিমবায়োট হিসেবে গণ্য করা হয়ে থাকে।

## ❖ মাইটোকন্ড্রিয়াকে কেন শক্তিঘর বা পাওয়ার হাউস বলা হয় কেন?

উত্তর: কোষের যাবতীয় জৈবিক কাজের শক্তি সরবরাহ করে বলে মাইটোকন্ড্রিয়াকে কোষের 'পাওয়ার হাউস' বা শক্তিঘর বলা হয়।

## ❖❖❖ REAL TEST ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS ❖❖❖

## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

## 01. কোন অঙ্গাণুতে অক্সিসোম দেখা যায়? [DU. 19-20]

- A. মাইটোকন্ড্রিয়া  
B. নিউক্লিয়াস  
C. রাইবোসোম  
D. লাইসোসোম

**Ans A Why** অক্সিসোম মাইটোকন্ড্রিয়ার একটি অংশ, যা অন্তঃআবরণীর অন্তঃগাত্রে অতি সূক্ষ্ম অসংখ্য দানা আকারে লেগে থাকে। এটি বৃত্তাক বা অবৃত্তাক হতে পারে।

## 02. নিম্নের কোনটি মাইটোকন্ড্রিয়ার দ্বিতীয় আবরণের মধ্যখানে থাকে? [DU. 17-18]

- A. প্রোটিন (Protein)  
B. লিপিড (Lipid)  
C. এনজাইম (Enzyme)  
D. কো-এনজাইম (Co-enzyme) **Ans C**

## 03. ক্রিস্টি পাওয়া যায় কোথায়? [DU. 15-16; RU. 10-11; JU: Unit-D; Set-I,19-20]

- A. রাইবোসোমে  
B. মাইটোকন্ড্রিয়ায়  
C. প্রাণ্ডিডে  
D. গলগি বস্ততে

**Ans B Why** ক্রিস্টি থাকে মাইটোকন্ড্রিয়ায় এবং থানা থাকে ক্লোরোপ্লাস্টে

## 04. কোষের শক্তিঘর কোনটি?/ কোষের 'পাওয়ার হাউস'- [DU. 05-06; CU. 15-16, 12-13; JnU. 10-11; RU. 04-05; DAT. 07-08; BAU. 01-02, 04-05; DU-7Clg. 18-19]

- A. গলগি বস্ত  
B. লাইসোসোম  
C. মাইটোকন্ড্রিয়া  
D. রাইবোসোম **Ans C**

## 05. মাইটোকন্ড্রিয়ার অভ্যন্তরের অনিয়মিত ভাঁজকে বলে- [DU. 02-03; BAU. 07-08]

- A. ল্যামেলা  
B. সিস্টারনি  
C. ক্রিস্টি  
D. ক্রোমাটিন তন্ত্র **Ans C**

## 06. মাইটোকন্ড্রিয়ার প্রধান কাজ- [DU. 97-98]

- A. খাদ্য তৈরি করা  
B. বর্জ পদার্থ নির্গত করা  
C. শক্তি উৎপাদন করা  
D. খাদ্য মজুদ করা **Ans C**

☆ JU ☆

## 01. মাইটোকন্ড্রিয়ার নামকরণ কে করেন? [JU: Unit-D; Set-M,19-20]

- A. পোর্টার  
B. ব্রুড  
C. বেভা  
D. শিম্পার  
**Ans C Why** W. Fleming (1882) কোষে সূত্রাকৃতির মাইটোকন্ড্রিয়া প্রত্যক্ষ করেন এবং Fila (ফিলা) নামকরণ করেন। Altman (1890) এদের বায়োপ্লাস্ট (bioplast) নামকরণ করেন। কার্ল বেভা (Carl Benda-1897) এ অঙ্গাণুগুলোকে মাইটোকন্ড্রিয়া নামকরণ করেন।

02. মাইটোকন্ড্রিয়াতে সঞ্চয় ওজনের কতভাগ প্রোটিন থাকে?

- A. 60 B. 65 C. 55 D. 70 [JU. 14-15] **Ans B**

☆ **RU** ☆

01. উদ্ভিদ কোষে কোনটি শ্বসনের প্রধান অঙ্গ?

[RU. 16-17; DAT. 95-96]

- A. নিউক্লিয়াস B. মাইটোকন্ড্রিয়া  
C. প্লাস্টিড D. সাইটোপ্লাজম **Ans B**

02. মাইটোকন্ড্রিয়াতে সম্পন্ন হয় না নিম্নের কোন প্রক্রিয়াটি?

[RU. 12-13]

- A. কেলভিন চক্র B. ইলেকট্রন পরিবহন  
C. অক্সিডেটিভ ফসফোরাইলেশন D. ক্রেব্‌স চক্র **Ans A**

☆ **CU** ☆

01. অপ্রকৃত কোষের শ্বসনিক ইলেক্ট্রন পরিবহনতন্ত্র কোন মেমব্রেনে থাকে?

[CU:HI,12-13]

- A. প্লাজমা মেমব্রেন B. মাইটোকন্ড্রিয়ার বহিঃমেমব্রেন  
C. মাইটোকন্ড্রিয়ার অন্তঃমেমব্রেন D. থাইলাকয়েড মেমব্রেন  
E. সেল মেমব্রেন **Ans C**

02. ETS মাইটোকন্ড্রিয়ার কোন অংশে সন্নিবেশিত-

[CU. 04-05]

- A. বহিঃমেমব্রেন B. অন্তঃমেমব্রেন  
C. ম্যাট্রিক্স D. মধ্যাঞ্চল **Ans B**

☆ **IU** ☆

01. সাধারণত গড়ে প্রতি কোষে মাইটোকন্ড্রিয়া থাকে-

[IU. 16-17]

- A. ১০০০ বা ততোধিক B. ৩০০ হতে ৪০০ টি  
C. ১০০টি D. ২০০টি **Ans B**

02. কোনটিতে DNA এর উপস্থিতি প্রমাণিত হয়েছে?

[IU. 12-13, SUST. 09-10]

- A. মাইটোকন্ড্রিয়া ও রাইবোসোম B. মাইটোকন্ড্রিয়া ও ভ্যাকুওল  
C. মাইটোকন্ড্রিয়া ও প্লাস্টিড D. মাইটোকন্ড্রিয়া ও মেসোসোম **Ans C**

## STEP 02 ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION

☆ **MBSTU** ☆

01. কোনটির নিজস্ব বৃত্তাকার DNA রয়েছে?

[MBSTU:B, 16-17]


- A. লাইসোজোম B. সেন্ট্রিওল C. মাইটোকন্ড্রিয়া D. ক্লোরোপ্লাস্ট

### ◆ Sub Item-06 : প্লাস্টিড

স্ট্রোমা ও গ্রানা সমৃদ্ধ এবং লিপোপ্রোটিন বিল্লি দ্বারা সীমিত সাইটোপ্লাজম সহ সর্ববৃহৎ ক্ষুদ্রাঙ্গের নাম প্লাস্টিড।

- ছত্রাক, ব্যাকটেরিয়া, নীলাভ-সবুজ শৈবাল, স্পাইম স্তর ইত্যাদি কোষে প্লাস্টিড থাকে না।
- ইউগ্লিনাতে, ক্রাইস্যাঁমিবাতে প্লাস্টিড পাওয়া যায়। উচ্চ শ্রেণীর উদ্ভিদের পরিণত কোষে ২৫-৬০টি প্লাস্টিড থাকে।


➤ শ্রেণীবিভাগ:



(i) লিউকোপ্লাস্ট  $\xrightarrow{\text{আলো}}$  ক্রোমোপ্লাস্ট, ক্লোরোপ্লাস্ট। (ii) ক্লোরোপ্লাস্ট  $\xrightarrow{\text{আলোর অনুপস্থিতিতে}}$  লিউকোপ্লাস্ট। (iii) ক্লোরোপ্লাস্ট  $\xrightarrow{\text{আলো}}$  ক্রোমোপ্লাস্ট।

## ➤ ক্লোরোপ্লাস্টের গঠন :

- (i) আবরণী ঝিল্লী : সমস্ত ক্লোরোপ্লাস্ট একটি দুই স্তরবিশিষ্ট আংশিক অনুপ্রবেশ্য (semipermeable) মেমব্রেন (ঝিল্লি) দ্বারা আবৃত থাকে।
- (ii) স্ট্রোমা: আবরণী ঝিল্লিদ্বারা আবৃত পানিগ্রাহী, কলয়েডধর্মী ম্যাট্রিক্স কে স্ট্রোমা বলে। এতে 70S রাইবোজোম, DNA, RNA, প্রোটিন, ভিটামিন, এনজাইম ও আয়নসমূহ থাকে।  $C_3$  ও  $C_4$  চক্র স্ট্রোমাতে ঘটে।
- (iii) থাইলাকয়েড (৫-২৫টি) ও গ্রানাম : স্ট্রোমাতে অবস্থিত থলে আকৃতির অঙ্গসমূহকে থাইলাকয়েড বলে। ১০-১০০টি থাইলাকয়েড একত্রিত হয়ে গ্রানাম গঠন করে। ক্লোরোফিল-a, ক্লোরোফিল-b, জ্যাঙ্কোফিল, ক্যারোটিন, লিপিড ও এনজাইম এর একত্রিত স্ফটিকাকার দানা কে কোয়ান্টোসোম বলা হয়। প্রতিটি ক্লোরোপ্লাস্টে ৪০-৬০ টি/ ১০-১০০ টি (মন্ডল)/৪০-৮০টি (আজিবুর) গ্রানাম থাকে।
- (iv) স্ট্রোমা ল্যামেলী: দুটি পাশাপাশি গ্রানামের কিছু সংখ্যক থাইলাকয়েডস্ সূক্ষ্ম নালিকা দ্বারা সংযুক্ত থাকে। এই সংযুক্তকারী নালিকাকে স্ট্রোমা ল্যামেলি (একবচন-ল্যামেলাম) বলে।
- (v) ফটোসিনথেটিক ইউনিট ও ATP Synthases
- (vi) DNA ও রাইবোজোম : ২০০টি DNA অনু থাকে।



চিত্র: ক্লোরোপ্লাস্টের গঠন

## ➤ আকৃতি: উচ্চশ্রেণীর উদ্ভিদ কোষলেসের মত হয়। নিম্ন শ্রেণীর উদ্ভিদ কোষে বিভিন্ন রকম হয়-

আকৃতি	পেয়লাকৃতি	সর্পিলাকার	জালিকাকার	তারকাকার	বেল্ট বা ফিতা বা আংটি আকৃতি	গোলাকার
উদাহরণ	Chlamydomonas	Spirogyra	Oedogonium	Zygnema	Ulothrix	Pithophora

## ➤ রাসায়নিক উপাদান:

- ৭৫% ক্লোরোফিল-a এবং ২৫% ক্লোরোফিল-b থাকে। এছাড়াও ক্যারোটিনয়েড ও নিউক্লিক এসিড থাকে। শর্ক ওজনের ১০-২০% লিপিড।

## ➤ ক্লোরোপ্লাস্টের কাজ:

- সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্য প্রস্তুত করা ক্লোরোপ্লাস্টের প্রধান কাজ।
- ক্লোরোপ্লাস্টের প্রয়োজনে প্রোটিন, নিউক্লিক অ্যাসিড তৈরি করা।
- ফটোফসফোরাইলেশন অর্থাৎ সূর্যালোকের সাহায্যে ADP কে ATP তে রূপান্তর করা।
- ফটোরেসপিরেশন করা।



(Ref: হাসান স্যার, মাহফুজা ম্যাডাম, আজমল স্যার)

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question


## ❖ ক্লোরোপ্লাস্ট কী?

উত্তর: সবুজ বর্ণের প্লাস্টিডকে ক্লোরোপ্লাস্ট বলে। এতে ক্লোরোফিল-a, ক্লোরোফিল-b, ক্যারোটিন ও জ্যাঙ্কোফিল থাকে।

[ষ. বো. ২০১৯]

## ❖ ক্রোমোপ্লাস্টের প্রকারভেদ লিখ বর্ণকণিকাসহ?

উত্তর: ক্রোমোপ্লাস্টের প্রকারভেদ:



REAL TEST || ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

## 01. শর্করা বা শ্বেতসার জাতীয় খাদ্য সংরক্ষকারী লিউকোপ্লাস্টকে কি বলা হয়?

[DU. 16-17; BAU. 00-01]

- A. ইলিওপ্লাস্ট  
B. অ্যামাইলোপ্লাস্ট  
C. কারনা  
D. জাইমা

[Ans B]

## 02. নিচের কোনটিতে থাইলাকয়েড/গ্রানাম থাকে? [DU. 13-14, 09-10; JU. 17-18; JnU. 11-12; BU. 13-14; BAU. 00-01; MAT. 02-03; RU. 04-05, 09-10]

- A. Chloroplast  
B. Mitochondria  
C. Ribosome  
D. Lysosome

[Ans A]

☆ JnU ☆

## 01. কোয়ান্টোজোম পাওয়া যায়-

[JnU. 11-12]

- A. ক্লোরোপ্লাস্ট  
B. রাইবোজোম  
C. এন্ডোপ্লাজমিক রেটিকুলামে  
D. মাইটোকন্ড্রিয়া

[Ans A]

## ☆ JU ☆

01. তারকাকার ক্লোরোপ্লাস্ট দেখা যায় কোনটিতে? [JU:D;Set-A/D,18-19]  
A. *Pithophora* B. *Zygnema*  
C. *Spirogyra* D. *Oedogonium* [Ans B]
02. ক্লোরোফিল-*b* এবং জ্যাঙ্কোফিলের রঙ যথাক্রমে- [JU. 17-18]  
A. নীলাভ সবুজ ও হলুদ B. হলুদ ও আসমানী  
C. কমলা ও হলদে সবুজ D. নীলাভ হলুদ ও সবুজ [Ans A]
03. কোনটি হলদে-সবুজ বর্ণের জন্য দায়ী রঞ্জক পদার্থ? [JU. 16-17]  
A. Phycocyanin B. Xanthophyll  
C. Chlorophyll D. Erythrocyanin [Ans B]
04. নিচের কোন রঞ্জক পদার্থটি সালোকসংশ্লেষণে জড়িত নয়? [JU. 15-16]  
A. ক্যারোটিনয়েডস B. ক্লোরোফিল  
C. ফাইকোবিলিনস D. লিউকোপ্লাস্ট [Ans D]
05. ক্লোরোপ্লাস্টের কাজ কোনটি? [JU. 10-11]  
A. ATP প্রস্তুত করা B. শর্করা প্রস্তুত করা  
C. ফটোসিসপিরেশন D. সবক'টি [Ans D]

## ☆ RU ☆

01. গাজরের মূলে থাকে কোনটি? [RU. 17-18]  
A. ক্লোরোপ্লাস্ট B. ক্রোমোপ্লাস্ট  
C. লিউকোপ্লাস্ট D. ইলাইওপ্লাস্ট [Ans B]
02. বর্ণহীন প্লাস্টিড কোনটি? [RU. 17-18]  
A. অ্যামাইলোপ্লাস্ট B. ক্লোরোপ্লাস্ট  
C. ক্রোমোপ্লাস্ট D. লিউকোপ্লাস্ট [Ans D]
03. ক্যারোটিনের আণবিক সংকেত কোনটি? [RU:F2, 16-17, 10-11; KU. 09-10]  
A.  $C_{40}H_{56}O_2$  B.  $C_{40}H_{56}O$   
C.  $C_{34}H_{44}O_8N_4$  D.  $C_{34}H_{46}O_8N_4$  [Ans B]
04. ক্লোরোপ্লাস্টে যে অংশটি অনুপস্থিত- [RU. 15-16]  
A. স্ট্রোমা B. গ্রানাম  
C. আবরণী ঝিল্লী D. ক্রিস্টি [Ans D]
05. স্ট্রোমা ল্যামিলি কিসের অংশ? [RU. 15-16]  
A. মাইটোকন্ড্রিয়া B. প্লাস্টিড  
C. ক্লোরোপ্লাস্ট D. গলজি বডি [Ans C]
06. ক্লোরোফিলে কোনটি অনুপস্থিত? [RU:G. 10-11]  
A. কার্বন B. লৌহ  
C. হাইড্রোজেন D. নাইট্রোজেন [Ans B]
07. চর্বিজাতীয় খাদ্য সঞ্চয়কারী লিউকোপ্লাস্টকে বলা হয়- [RU:G.10-11;JU. 12-13]  
A. অ্যামাইলোপ্লাস্ট B. অ্যালিউরোপ্লাস্ট  
C. ক্রোমোপ্লাস্ট D. ইলায়োপ্লাস্ট [Ans D]

## ☆ CU ☆

01. বেল্ট আকৃতির ক্লোরোপ্লাস্ট দেখা যায়- [CU. 18-19]  
A. *Spirogyra*-তে B. *Chara*-তে  
C. *Ulothrix*-এ D. *Fucus*-এ [Ans C]
02. নিম্নের কোনটিকে সবুজ প্রাণি বলা হয়? উদ্ভিদ ও প্রাণীর যোগসূত্র বলা হয় কোনটিকে? [CU. 13-14; BAU. 05-06, 07-08; IU. 11-12]  
A. অ্যামিবা B. আরশোলা C. ইউগ্লিনা D. কেঁচো [Ans C]
03. ক্লোরোপ্লাস্ট এর বর্ণ হলো- [CU. 11-12]  
A. হলুদ B. নীলাভ  
C. সবুজ D. হলুদাভ E. কমলা [Ans C]
04. উচ্চ শ্রেণীর উদ্ভিদ কোষে ক্লোরোপ্লাস্টের সংখ্যা কত? [CU. 09-10]  
A. ৮০-৯০ B. ১০-৪০  
C. ১০-৩০ D. ১০-৫০ E. ১০-৬০ [Ans B]

## ☆ KU ☆

01. ক্লোরোপ্লাস্টে উপস্থিত ক্লোরোফিল-*a* এর শতকরা পরিমাণ কত? [KU. 17-18]  
A. 15 B. 25 C. 50 D. 75 [Ans D]
02. কোন প্রাণীকোষে প্লাস্টিড পাওয়া যায়? [KU. 12-13, 08-09]  
A. অ্যামিবা B. ইউগ্লিনা C. কোরাল D. মনোসিষ্টিক [Ans B]

## ☆ IU ☆

01. উদ্ভিদ নয়- [IU. 13-14]  
A. Yeast B. *Ulothrix* C. *Euglena* D. Diatom [Ans C]
02. ক্যারোটিনের বর্ণ- [IU. 04-05]  
A. সবুজ B. বেগুনী C. কমলা D. নীলাভ [Ans C]

## STEP 02 ANALYSIS OF SCIENCE &amp; TECHNOLOGY QUESTION

## ☆ SUST ☆

01. গাজরের রং এর জন্য দায়ী কোনটি? [SUST. 12-13]  
A. ক্লোরোফিল-এ B. ক্লোরোফিল-বি C. লিউকোপ্লাস্ট  
D. ক্রোমোপ্লাস্ট E. কোনটিই নয় [Ans D]

## ☆ JUST ☆

01. কোনটি প্লাস্টিড এর বৈশিষ্ট্য নয়? [JUST. 12-13]  
A. কেবলমাত্র উদ্ভিদ কোষে পাওয়া যায়  
B. এতে কোন প্রকোষ্ঠ নেই  
C. রঞ্জক পদার্থ নেই  
D. অন্তঃ পর্দায় কোন ভাঁজ থাকেনা [Ans C]

## ☆ MBSTU ☆

01. চর্বি জাতীয় খাদ্য সঞ্চয়কারী প্লাস্টিড কোনটি? [MBSTU: Unit-B; 19-20]  
A. অ্যালিউরোপ্লাস্ট B. ইলায়োপ্লাস্ট  
C. অ্যামাইলোপ্লাস্ট D. ক্রোমোপ্লাস্ট [Ans B Why] বিভিন্ন প্রকার প্লাস্টিড:  
• অ্যামাইলোপ্লাস্ট : স্টার্চ বা শ্বেতসার জাতীয় খাদ্য সঞ্চয়কারী।  
• অ্যালিউরোপ্লাস্ট : প্রোটিন সঞ্চয়কারী।  
• ক্রোমোপ্লাস্ট : রঙিন প্লাস্টিডকে বলা হয়।

## ☆ PUST ☆

01. ক্লোরোফিল বহনকারী প্রাণী কোনটি? [PUST: A,19-20]  
A. অ্যামিবা B. সামুদ্রিক মাছ C. হাইড্রা D. ইউগ্লিনা [Ans D Why] এটি এককোষী আণুবীক্ষণিক স্বাধীনজীবী প্রাণী। ক্লোরোফিল থাকার কারণে জলজ বাস্তুতন্ত্রে ফাইটোপ্লাংকটন হিসেবে ভূমিকা রাখে।

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

## ☆ MAT ☆

01. উদ্ভিদকোষের সাইটোপ্লাজমে সর্ববৃহৎ অঙ্গাণুটির নাম কি? [MAT. 17-18]  
A. Ribosome B. Mitochondria  
C. Lysosome D. Chloroplast [Ans D]
02. প্রোটিন সঞ্চয়কারী লিউকোপ্লাস্টের নাম- [MAT. 16-17; JU. 12-13; RU. 04-05]  
A. অ্যামাইলোপ্লাস্ট B. ইলায়োপ্লাস্ট  
C. অ্যালিউরোপ্লাস্ট D. ক্লোরোপ্লাস্ট [Ans C]
03. উদ্ভিদ কোষের জন্য নিম্নের কোন তথ্যটি সঠিক? [MAT. 10-11]  
A. অ্যামাইলোপ্লাস্ট শর্করা খাদ্য সঞ্চয়কারী লিউকোপ্লাস্ট  
B. অ্যালিউরোপ্লাস্ট চর্বি সঞ্চয়কারী লিউকোপ্লাস্ট  
C. মাইটোকন্ড্রিয়ায় লিপিডের ৯০ ভাগ ফ্যাটি এসিড  
D. ফোস্ফোকার এন্ডোপ্লাজমিক রেটিকুলাম এর ব্যাস ১০০ মিলিমাইক্রনের উপরে [Ans A]

04. সবুজ টমেটো লাল হয় কেন?

[MAT. 05-06]

- A. ক্লোরোপ্লাস্ট ক্লোরোপ্লাস্টে পরিণত হয়  
B. ক্লোরোপ্লাস্ট ক্লোরোপ্লাস্টে রূপান্তরিত হয়  
C. পুরাতন ক্লোরোপ্লাস্ট দূরীভূত হয়ে নতুন ক্লোরোপ্লাস্ট তৈরি হয়।  
D. উপরের কোনটি নয়

[Ans B]

05. জ্যান্টোসিসের বর্ণ কি?

[MAT. 95-96, 88-99; CU. 01-02]

- A. সবুজ B. লাল  
C. কমলা D. হলুদ

[Ans D]

06. কোন ক্ষুদ্রাণুটি প্রাণিকোষে থাকে না?

[MAT. 1989-90]

- A. রাইবোসোম B. মাইটোকন্ড্রিয়া  
C. প্লাস্টিড D. গলগি বস্তু

[Ans C]

☆ DAT ☆

01. নিচের কোন উদ্ভিদটি প্লাস্টিডবিহীন?

[DAT. 19-20]

- A. সাইকাস B. মস C. এ্যাগারিকাস D. স্পাইরোগাইরা

[Ans C Why] ছত্রাক, ব্যাকটেরিয়া, নীলাভ-সবুজ শৈবাল এবং প্রাণিকোষে প্লাস্টিড থাকে না।

## ♦ Sub Item-07 : সেন্ট্রিয়োল

- সাধারণত নিউক্লিয়াসের কাছাকাছি এটি অবস্থান করে।
- একজোড়া সেন্ট্রিয়োলকে একত্রে ডিপ্লোসোম বলে।
- সেন্ট্রিয়োলের চারপাশে অবস্থিত গাঢ় তরল পদার্থকে সেন্ট্রিওফিয়ার বলে।
- সেন্ট্রিওফিয়ার + সেন্ট্রিয়োল = সেন্ট্রোসোম।
- সেন্ট্রিয়োল প্রাচীর ৯টি ত্রয়ী অণুনালিকা দিয়ে গঠিত।
- সেন্ট্রিয়োল DNA, RNA থাকে না।
- শৈবাল, ছত্রাক, ব্রায়োফাইট, টেরিডোফাইট, জিমিনোস্পার্ম প্রভৃতি উদ্ভিদে এবং অধিকাংশ প্রাণীতে সেন্ট্রিওল পাওয়া যায়।

➤ সেন্ট্রিয়োল অনুপস্থিত: আদি ডায়েরি স্ট্রেট আবৃত:

আদি	ডায়েরি	স্ট্রেট	আবৃত
আদিকোষ	ডায়টম	স্ট্রেট	অ্যানজিওস্পার্ম


➤ গঠন:

- প্রাচীর বা সিলিন্ডার ওয়াল
- ত্রয়ী অনুনালিকা বা ট্রিপলেট
- যোজক বা লিংকার

➤ কাজ:

- কোষ বিভাজনের সময় মাকুতন্ত্র গঠন করা
- বিভাজনে সাহায্য করা
- সিলিয়া ও ফ্লাজেলা সৃষ্টি
- শুকনাপুর লেজ গঠন

(Ref: হাসান স্যার, আজমল স্যার, আজিবুর স্যার)



## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ JU ☆

01. উচ্চশ্রেণীর উদ্ভিদ কোষে কোনটি থাকে না?

[JU. 10-11]

- A. সেন্ট্রিওফিয়ার B. সেন্ট্রোসোম  
C. সেন্ট্রিওল D. টনোপ্লাস্ট

[Ans B]

☆ RU ☆

01. শুক্রাণুর লেজ গঠন করে কোন অঙ্গাণুটি?

[RU. 15-16]

- A. লাইসোজোম B. সেন্ট্রিওল  
C. রাইবোসোম D. মাইটোকন্ড্রিয়া

[Ans B]

☆ CU ☆

01. কোনটি উদ্ভিদকোষে অনুপস্থিত?

[CU. 15-16; BU. 13-14; BSMRSTU. 11-12]

- A. রাইবোসোম B. আন্তঃপ্রাণীকোষীয় জালিকা  
C. সেন্ট্রিওল D. মাইটোকন্ড্রিয়া E. গলগি বডি

[Ans C]

☆ KU ☆

01. সেন্ট্রোসোমের মধ্যে অবস্থিত দুইটি সেন্ট্রিওলকে একত্রে বলা হয়-

[KU. 09-10]

- A. পারঅক্সিসোম B. রাইবোসোম  
C. ডিপ্লোসোম D. কোনটিই নয়

[Ans C]

☆ IU ☆

01. একটি সেন্ট্রোসোমে সেন্ট্রিওল থাকে-

[IU. 04-05]

- A. ১টি B. ২টি  
C. ৪টি D. ৬টি

[Ans B]

## STEP 02 ANALYSIS OF SCIENCE &amp; TECHNOLOGY QUESTION

☆ JUST ☆

01. সেন্ট্রোসোম হলো-

[JUST. 12-13]

- A. শুধু প্রাণীকোষের নিউক্লিয়াসের ভিতরের একটি অংশ  
B. শুধু উদ্ভিদ কোষের নিউক্লিয়াসের ভিতরের একটি অংশ  
C. উদ্ভিদ ও প্রাণী কোষের নিউক্লিয়াসের ভিতরের একটি অংশ  
D. উদ্ভিদ ও প্রাণী কোষের নিউক্লিয়াসের বাইরে একটি গোলাকার বস্তু

[Ans D]

☆ BSMRSTU ☆

01. নিচের কোন অঙ্গাণুটি কোষ বিভাজনের উদ্দীপক হিসাবে কাজ করে?

[BSMRSTU: Unit-C, 19-20]

- A. গলগি বডি B. সেন্ট্রিওল C. মাইটোকন্ড্রিয়া D. নিউক্লিওটাইড

[Ans B Why] বিভিন্ন কোষ অঙ্গাণুর কাজ:

- গলগি বডি : কোষ বিভাজনকালে কোষপ্লেট তৈরি করা।
- মাইটোকন্ড্রিয়া: কোষের যাবতীয় কাজের জন্য শক্তি উৎপাদন ও নিয়ন্ত্রণ করা।
- সেন্ট্রিওল : কোষ বিভাজনের সময় মাকুতন্ত্র গঠন করা। কোষ বিভাজনে সাহায্য করা।
- নিউক্লিওটাইড : নিউক্লিওটাইড এর অজৈব ফসফেট যুক্ত হওয়ার মাধ্যমে তৈরী হয়- যা দ্বারা DNA তৈরী হয়।

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

☆ MAT ☆

01. উদ্ভিদ কোষে থাকে না-

[MAT. 92-93]

- A. প্লাস্টিড B. কোষ প্রাচীর  
C. সেন্ট্রোসোম D. সঞ্চিত খাদ্য স্বেতসার

[Ans C]



## ♦ Sub Item-08 : কোষীয় কঙ্কাল

সকল প্রকৃত কোষের সাইটোপ্লাজমীয় অঙ্গাণুগুলোর অন্তর্ভুক্তি স্থানে কতগুলো সূত্রক সম্মিলিত ভাবে জালিকার ন্যায় গঠন তৈরী করে। এদের কোষীয় কঙ্কাল বা সাইটোস্কেলিটন বলে।

➤ সাধারণ প্রোটিন নির্মিত তিন ধরনের সূত্রকের সমন্বয়ে গঠিত:

সূত্রকের নাম	গুরুত্বপূর্ণ তথ্য
মাইক্রোটিউবিউলস	ফ্লাজেলা, সিলিয়া ইত্যাদির আন্দোলনে সাহায্য করে। কোষ বিভাজনের সময় মাইটোটিক অ্যাপারেটাস/মাকু তন্ত্র তৈরি করে।
মাইক্রোফিলামেন্ট	এদের অ্যাকটিন ফিলামেন্ট বলে। এটি অ্যাকটিন ও মায়োসিন প্রোটিন দ্বারা গঠিত। কোষের আকৃতি দান ও যান্ত্রিক দৃঢ়তা প্রদান করে এবং সাইটোপ্লাজমীয় চলন, ফ্যাগোসাইটোসিস, পিনোসাইটোসিস নিয়ন্ত্রণ করে।
ইন্টারমিডিয়েট ফিলামেন্ট	কোষের আকৃতি দান ও যান্ত্রিক দৃঢ়তা প্রদান ও কোষের অন্যান্য তন্ত্রকে যথা স্থানে রাখতে সাহায্য করে।

(Ref: হাসান স্যার, আজমল স্যার, আজিবুর স্যার)



## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ RU ☆

01. কোনটি মাইক্রো টিউবিউলের কাজ নয়? [RU. 12-13]
- A. রোগ জীবাণু ধ্বংস করা  
B. মাকুতন্ত্র গঠন করা  
C. সাইটোপ্লাজমের দৃঢ়তা প্রদান করা  
D. অঙ্গানুর যোগাযোগ রক্ষা করা [Ans A]
02. মাকুতন্ত্র গঠন করে- [RU. 12-13]
- A. লাইসোজম B. সেন্ট্রিওল  
C. মাইক্রোটিউবিউলস D. নিউক্লিয়ার মেমব্রেন [Ans C]

☆ KU ☆

01. সাইটোকঙ্কাল হিসাবে কাজ করে- [KU. 08-09]
- A. গলগিবস্ত B. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম  
C. সেন্ট্রোসোম D. মাইক্রোটিউবিউলস [Ans D]

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

☆ MAT ☆

01. কোনটি মাইক্রোটিউবিউলস এর কাজ? [MAT. 00-01]
- A. লিপিড ও প্রোটিনের অন্তর্বাহক হিসাবে কাজ করা হয়  
B. ম্যাক্রোফাইব্রিলের বিন্যাস নির্দেশ করে  
C. সেন্ট্রোসোমের সাথে সংযুক্ত হয়ে ক্রোমোসোমকে পৃথক করতে সাহায্য করে  
D. আক্রমণকারী জীবাণু ভক্ষণ [Ans BC]

## ♦ Sub Item-09 : পারঅক্সিসোম

পারঅক্সিসোম বিষাক্ত  $H_2O_2$  কে ক্যাটালেজ এনজাইমের সাহায্যে ভেঙ্গে  $H_2O$  এবং  $O_2$  এ রূপান্তর করে কোষকে রক্ষা করে।

- এছাড়া কো-এনজাইম NAD পুনঃউৎপাদনে, DNA এবং RNA এর নাইট্রোজেন ক্ষারসমূহ ভাঙতে এবং পুনঃউৎপাদনে সহায়তা করে।
- প্রাণীর কিডনি ও লিভার কোষে বেশি থাকে।

(Ref: হাসান স্যার, আজমল স্যার, আজিবুর স্যার)



## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ IU ☆

01. পারঅক্সিসোম-এর প্রধান এনজাইম- [IU. 16-17]
- A. ATPase B. ADPase C. Catalase D. Lipase [Ans C]

## ♦ Sub Item-10 : গ্লাইসিসিসোম

- বীজের লিপিড সঞ্চয়ী কোষে এদেরকে দেখা যায়।
- এদের কাজ হলো বীজের অঙ্কুরোদগমকালে লিপিডকে ভেঙ্গে গ্রহণ উপযোগী চিনিতে পরিণত করা যাতে করে ফটোসিনথেসিসের মাধ্যমে নিজের খাদ্য তৈরির আগ পর্যন্ত অঙ্কুরিত চারার বৃদ্ধি অব্যাহত থাকে।

## ♦ Sub Item-11 : কোষগহ্বর

টনোপ্লাস্ট/টনোপ্লাজম: প্রোটোপ্লাজম নিয়ে গঠিত যে পাতলা পর্দা কোষ গহ্বরকে বেষ্টিত করে রাখে তাকে টনোপ্লাস্ট বলে।

- এ পর্দা রাবার জাতীয়। কোষ গহ্বরের অভ্যন্তরের রসকে কোষ রস বলে।

➤ কাজ:

- রোচন ও বর্জ্য পদার্থ দেহ থেকে নিষ্কাশন করা
- কোষ রস ধারণ করা
- সঞ্চিত খাদ্যের ধারক
- এরা কোষের অভ্যন্তরের pH রক্ষা করে
- এরা কোষের ভিতরের পানির চাপ রক্ষা করে।

(Ref: হাসান স্যার, আজমল স্যার, আজিবুর স্যার)



## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ RU ☆

01. যে আরবণী উদ্ভিদ কোষের কোষ-গহ্বরকে পরিবৃত্ত করে রাখে তাকে কি বলে?

[RU. 13-14; JU. 04-05]

- A. কোষপ্রাচীর                      B. কোষ আবরণী  
C. টনোপ্লাস্ট                        D. প্লাজমোডেসমা

[Ans C]

☆ BRU ☆

01. কোষ গহ্বর বহন করে-

[BRUR. 12-13]

- A. Water and dissolved minerals  
B. Protein and lipid

- C. Store food  
D. Jelly like substance

[Ans C]

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

☆ MAT ☆

01. টনোপ্লাস্ট -

[MAT. 94-95]

- A. বিশেষ ধরনের প্লাস্টিড  
B. কোষ গহ্বরকে বেষ্টিত করে প্রোটোপ্লাজম দ্বারা গঠিত পাতলা পর্দা  
C. প্রাণকেন্দ্রের বিদ্যুতীয় বহিরাবরণী  
D. বিশেষ ধরনের গলগি বস্তু

[Ans B]

## ◆ Item-04 : নিউক্লিয়াস


প্রকৃতকোষে যে অঙ্গাণু দ্বিস্তরবিশিষ্ট অবস্থায় প্রোটোপ্লাজমিক রস ও ক্রোমাটিন জালিকা ধারণ করে তাই নিউক্লিয়াস।

- নিউক্লিয়াসকে মস্তিষ্ক, প্রাণকেন্দ্র, কেন্দ্রিকা বলে।
- Nux Nut থেকে নিউক্লিয়াস শব্দটির উৎপত্তি।
- এটি কোষের ১০-১৫% স্থান দখল করে থাকে।
- শুক্রাণুর প্রায় ৯০% ই নিউক্লিয়াস।

➤ নিউক্লিয়াসের সংখ্যা:

সংখ্যা	অবস্থান
১টি	প্রকৃত কোষ
২টি	Paramecium ও মেরুদণ্ডী প্রাণীর যকৃত ও তরণাঙ্ঘি কোষ
বহু	Voucheria, Penicillium, Botrydium, Sphaeroplea, Saprolegnia
অনুপস্থিত *	আদিকোষ, কিছু প্রকৃত কোষ, পরিণত সীডকোষ, পরিণত RBC, লেপ কোষ

- একাধিক নিউক্লিয়াসযুক্ত উদ্ভিদকোষকে সিনোসাইট এবং প্রাণীকোষকে সিনোসাইটিয়াম বলে (কিছু জীবের ক্ষেত্রে প্লাজমোডিয়াম বলে)।
- সিনোসাইটিক: (i) শৈবাল- Vacheria, Botrydium, Sphaeroplea (ii) ছত্রাক- Rhizopus, Penecillium, Agaricus  
সিনোসাইটিয়াম: Opalina নামক আদ্যপ্রাণীর অস্থিবেশী ও অস্থিমজ্জার অস্টিওক্লাস্ট কোষ।




## TRICKS &amp; TIPS | TnT

➤ সিনোসাইট:

Mnemonic: ভূপেন বস

ভূ	পেন	ব	স
Voucheria	Penicillium	Botrydium	Sphaeroplea, Saprolegnia

➤ গঠন:



(Ref: হাসান স্যার, মাহফুজা ম্যাডাম, বিলকিস বানু ম্যাডাম, আজমল স্যার, আজিবুর স্যার)

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

◆ নিউক্লিয়াস ও নিউক্লিয়োলাস এর মধ্যে পার্থক্য লিখ?

উত্তর:

পার্থক্যের বিষয়	নিউক্লিয়াস	নিউক্লিয়োলাস
অবস্থান	সাইটোপ্লাজমে অবস্থিত	নিউক্লিয়োপ্লাজমে অবস্থিত
ঝিল্লি	দ্বিস্তর বিশিষ্ট ঝিল্লি দ্বারা আবদ্ধ	কোনো ঝিল্লি দ্বারা আবদ্ধ নয়
ক্রোমাটিন জালিকা	ক্রোমাটিন জালিকা বা ক্রোমোসোম থাকে	এতে কোনো ক্রোমাটিন জালিকা বা ক্রোমোসোম থাকে না
কাজ	কোষের সকল কাজ নিয়ন্ত্রণ করে	RNA ও প্রোটিন সংশ্লেষণে সাহায্য করে
প্রোটিন সংশ্লেষণ	প্রোটিন সংশ্লেষণে অংশ নেয় না	প্রোটিন ও RNA সংশ্লেষণে অংশ নেয়
বংশগতি	বংশগতির গুণাবলি বহন করে	বংশগতির সাথে কোনো সম্পর্ক নেই



REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

01. কোনটি সিনোসাইটিক শৈবালের উদাহরণ? [DU. 17-18]  
 A. *Ulothrix* B. *Botrydium*  
 C. *Nostoc* D. *Polysiphonia* [Ans B]
02. নিউক্লিয়াস-এর যে অংশ ক্রোমোসোম ধারণা করে তার নাম হচ্ছে- [DU. 05-06]  
 A. Nuclear membrane B. Nucleoplasm  
 C. Nucleous D. Nuclear reticulum [Ans B]

☆ CU ☆

01. নিউক্লিওলাস পাওয়া যায়- [CU. 03-04]  
 A. কোষ প্রাচীর B. সাইটোপ্লাজম C. ক্রোমোসোম D. নিউক্লিওপ্লাজমে

☆ IU ☆

01. যে ল্যাটিন শব্দ থেকে Nucleus নামের উৎপত্তি- [IU. 13-14]  
 A. Neu-clax B. Nue-lutx  
 C. Robert - nux D. Nux-nut [Ans D]

STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

☆ MAT ☆

01. কোষ যত ক্ষুদ্রাকৃতি হবে- [MAT. 92-93; DAT. 93-94]  
 A. বিপাকীয় ক্ষমতা তত কম হবে  
 B. প্রাণকেন্দ্র (Nucleus) তত বড় আকারের হবে  
 C. প্রাণকেন্দ্র তত ক্ষুদ্রাকার হবে  
 D. বিপাকীয় ক্ষমতা তত বেশি হবে [Ans C]
02. ক্রোমাটিন তন্তুর প্রাঙ্গস্থান-/যে উপাদানে DNA বিদ্যমান- [MAT. 89-90, 11-12; CU. 04-05]  
 A. নিউক্লিয়াস B. নিউক্লিওলাস  
 C. সাইটোপ্লাজম D. গলবিল দ্বারা [Ans A]

☆ DAT ☆

01. নিউক্লিওলাসে নিম্নের কোন খনিজ লবণ বিদ্যমান? [DAT. 10-11]  
 A. পটাশিয়াম B. ক্যালসিয়াম  
 C. রূপা D. টাইটানিয়াম [Ans A]

CONCEPT 04

বংশগতি

মাতা পিতা হতে তাদের বৈশিষ্ট্যগুলো সন্তান-সন্ততীতে আসার প্রক্রিয়াকে বংশগতি বলে, একে জেনেটিক ট্রান্সমিশনও বলা হয়।

- জীববিজ্ঞানের যে শাখায় বংশগতি নিয়ে আলোচনা করা হয় তাকে বংশগতি বিদ্যা বলে।
- বংশগতি বস্তুর প্রধান উপাদান ক্রোমোসোম।


◆ Item-01 : ক্রোমোসোম

কোষস্থ নিউক্লিয়াসের মধ্যে অবস্থিত অনুলিপন ক্ষমতাসম্পন্ন, রং ধারণকারী নিউক্লিয়োপ্রোটিন দ্বারা গঠিত যে সব সূত্রাকৃতির ক্ষুদ্রাঙ্গ বংশগতির উপাদান মিউটেশন, প্রকরণ প্রভৃতি কাজে ভূমিকা পালন করে এরাই ক্রোমোসোম।

- গ্রিক Chroma অর্থ Colour বা রং, Soma অর্থ Body বা দেহ।
- ক্রোমোসোম অর্থ হল রঞ্জিত দেহ বা রং ধারণকারী বস্তু।
- এরা কতগুলো বেসিক রং ধারণ করতে পারে।

➤ সংখ্যা:

- প্রজাতির বৈশিষ্ট্যভেদে এর সংখ্যা ২ হতে ১৬০০ পর্যন্ত হতে পারে।
- পুষ্পক উদ্ভিদে সর্বনিম্ন সংখ্যক ক্রোমোসোম পাওয়া গিয়েছে।
- ফার্নবর্গীয় উদ্ভিদে সর্বোচ্চ সংখ্যক ১২০০টি ক্রোমোসোম পাওয়া গেছে।
- উচ্চতর জীবে সাধারণ প্রতি দেহকোষে ক্রোমোসোম সংখ্যা ২ হতে ৮০ এর মধ্যে থাকে।
- (*Haplopappus gracilis*)  $2n = 4$  এবং সর্বাধিক সংখ্যা *Poa Littarosa*,  $2n = 506-530$
- প্রাণীতে সর্বনিম্ন  $2n = 2$  (গোলকুমি = *Ascaris megaloccephala*) এবং সর্বাধিক  $2n = 1600$  (*Aulacantha. sp*)



## ক্রোমোসোম সংখ্যা


## ➤ [\* তারকা চিহ্নিত গুলো বেশি গুরুত্বপূর্ণ]

উদ্ভিদের নাম	বৈজ্ঞানিক নাম	ক্রোমোসোম সংখ্যা	প্রাণীর নাম	বৈজ্ঞানিক নাম	ক্রোমোসোম সংখ্যা
শসা	<i>Cucumis sativus</i>	14	কিউলেব্র মশা*	<i>Culex pipiens</i>	6
মটর	<i>Pisum sativum</i>	14	ফলের মাছি*	<i>Drosophila melanogaster</i>	8
পাট*	<i>Corchorus capsularis</i>	14	গৃহমাছি	<i>Musca domestica</i>	12
যব	<i>Hordeum vulgare</i>	14	কুনোব্যাগ	<i>Bufo melanostictus</i>	22
পিঁয়াজ	<i>Allium cepa</i>	16	সোনাব্যাগ	<i>Rana pipiens</i>	26
পেঁপে	<i>Carica papaya</i>	18	হাইড্রা	<i>Hydra vulgaris</i>	32
মুলা*	<i>Raphanus sativus</i>	18	ইঁদুর	<i>Mus musculus</i>	40
ভুট্টা*	<i>Zea mays</i>	20	খরগোস	<i>Oryctolagus cuniculus</i>	44
ধান*	<i>Oryza sativa</i>	24	মানুষ*	<i>Homo sapiens</i>	46
টমেটো*	<i>Lycopersicon esculentum</i>	24	গরীলা	<i>Gorilla gorilla</i>	48
তামাক	<i>Nicotiana tabacum</i>	28	ছাগল	<i>Capra hircus</i>	60
চীনা বাদাম	<i>Arachis hypogaea</i>	40	গরু*	<i>Bos indica</i>	60
গম (৬ প্রস্থি)*	<i>Triticum aestivum</i>	42	গিনিপিগ	<i>Cavia porcellus</i>	64
কলা	<i>Musa paradisiaca</i>	44	ঘোড়া	<i>Equus caballus</i>	64
গোলআলু	<i>Solanum tuberosum</i>	48	কবুতর*	<i>Columba livia</i>	80


## ➤ ভৌত গঠন:

- ক্রোমাটিন: ক্রোমোসোমের মূল উপাদান।
  - হেটারোক্রোমাটিন- অধিক কুন্ডলিত, নিষ্ক্রিয় DNA ধারণ করে।
  - ইউক্রোমাটিন- কম কুন্ডলিত, অধিক সক্রিয় DNA ধারণ করে।
- ক্রোমাটিড: ক্রোমোসোম লম্বালম্বি ভাবে দুটি অংশে বিভক্ত হয় প্রত্যেকটি অংশকে ক্রোমাটিড বলে। আধুনিক ধারণা অনুযায়ী ক্রোমাটিড একক DNA অণু দ্বারা গঠিত, একে ক্রোমোনেমাটা বলে।
- অন্যান্য অংশ: সেন্ট্রোমিয়ার, বাহু, কাইনেটোকোর, ক্রোমোমিয়ার, গৌন কুঞ্চন, স্যাটেলাইট, টেলোমিয়ার (জরা রোধ করে), ম্যাট্রিক্স, পেলিকল (ক্রোমোসোমের বাইরে পাতলা আবরণ) ইত্যাদি থাকে।

## ➤ রাসায়নিক গঠন:



## ➤ প্রকারভেদ:



## ➤ কাজ:

- বংশগতির ধারক ও বাহক
- বংশগতির বাহক জিন, জীবের জীবনের ব্লু প্রিন্ট হিসাবে কাজ করে।

(Ref: হাসান স্যার, মাহফুজা ম্যাডাম, বিলকিস বানু ম্যাডাম, আজমল স্যার, আজিবুর স্যার)

SAQ  
Short Ans Question

## WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

## ◆ স্যাটেলাইট কী?

[কৃ. বো. ২০১৭]

উত্তর: কোনো কোনো ক্রোমোসোমের এক বাহুর প্রান্তে ক্রোমাটিন সূত্র দ্বারা সংযুক্ত প্রায় গোলাকৃতির একটি অংশ দেখা যায়। ক্রোমোসোমের প্রান্তের দিকের এ গোলাকৃতির অঞ্চলকে স্যাটেলাইট বলে।

## ◆ ক্রোমোমিয়ার কী?

[দি. বো. ২০১৭]

উত্তর: মায়োটিক প্রোফেজ এর সূচনাগণ্ডে ক্রোমোসোমের দেহে যেসব ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকা দেখা যায় সেগুলো ক্রোমোমিয়ার নামে পরিচিত।

## ◆ টেলোমিয়ার কী?

উত্তর: বিজ্ঞানী এইচ. জে. মুলার (H.J. Muller)- এর মতে ক্রোমোসোমের উভয় প্রান্তের বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ অঞ্চলকে টেলোমিয়ার বলে।

## ◆ সেন্ট্রোমিয়ারে অবস্থান অনুযায়ী প্রকারভেদ লিখ?

উত্তর: সেন্ট্রোমিয়ারে অবস্থান অনুযায়ী ক্রোমোসোম ৪ প্রকার:

- মধ্যকেন্দ্রিক বা মেটাসেন্ট্রিক ক্রোমোসোম (v),
- উপ-মধ্যকেন্দ্রিক বা সাব-মেটাসেন্ট্রিক ক্রোমোসোম (L),
- উপ-প্রান্তকেন্দ্রিক বা অ্যাক্রোসেন্ট্রিক ক্রোমোসোম (J),
- প্রান্তকেন্দ্রিক বা টেলোসেন্ট্রিক ক্রোমোসোম (I)।



## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

## 01. অ্যাক্রোসেন্ট্রিক ক্রোমোসোম কোন আকৃতির?

[DU. 14-15; BAU. 06-07; JU: Unit-D; Set-Q,19-20]

- 'J' আকৃতির
- 'V' আকৃতির
- 'I' আকৃতির
- 'L' আকৃতির

[Ans A Why] ক্রোসোমের আকৃতি:

ক্রোসোম	আকৃতি
মেটাসেন্ট্রিক	V
সাবমেটাসেন্ট্রিক	L
অ্যাক্রোসেন্ট্রিক	J
টেলোসেন্ট্রিক	I

## 02. মানবদেহে অটোসোম ক্রোমোসোমের সংখ্যা কত জোড়া?

[DU. 13-14; RU. 09-10; HSTU.16-17]

- ২২ জোড়া
- ২৪ জোড়া
- ৪৭টি
- কোনটিই নয়

[Ans A Why] • মানুষের দেহে মোট ২৩ জোড়া ক্রোমোসোম আছে।  
• ২২ জোড়া অটোসোম থাকে। এক জোড়া সেক্স ক্রোমোসোম থাকে।

## 03. ক্রোমোসোমকে ঘিরে যে পাতলা আবরণ থাকে তার নাম কি? [DU. 04-05]

- জিনোম
- অ্যানুলি
- ক্রোমোটিন জালিকা
- পেলিকল

[Ans D]

☆ JU ☆

## 01. কোন গাছের ক্রোমোসোম সংখ্যা ৪৪টি?

[JU: Unit-D; Set-I,19-20]

- টমেটো
- চীনাবাদাম
- শসা
- কলা

[Ans D Why] ক্রোমোসোম সংখ্যা:

উদ্ভিদ	সংখ্যা
টমেটো	২৪
চীনাবাদাম	৪০
শসা	১৪
কলা	৪৪

## 02. কোন উদ্ভিদের ক্রোমোসোম সংখ্যা ২৪টি?

[JU: Unit-D; Set-A/B,19-20]

- ধান
- গম
- পাট
- ভুট্টা

[Ans A Why] ক্রোমোসোম সংখ্যা:

উদ্ভিদ	ক্রোমোসোম সংখ্যা
গম	৪২
পাট	১৪
ভুট্টা	২০

03. *Arabidopsis thaliana*-এর ক্রোমোসোম সংখ্যা কয়টি?

[JU: Unit-D; Set-Q,19-20]

- ৮
- ১০
- ১৬
- ২০

[Ans B Why] বিভিন্ন ক্রোমোসোম সংখ্যা:

সংখ্যা	উদ্ভিদ বা প্রাণীর নাম
৮	<i>Drosophila melanogaster</i>
১৬	<i>Allium cepa</i>
২০	<i>Zea mays</i>

## 04. ছোলার কত নম্বর ক্রোমোসোমে স্যাটেলাইট থাকে?

[JU: Unit-D; Set-Q,19-20]

- ১
- ২
- ৩
- ৪

[Ans A Why] ছোলার ১নং ক্রোমোসোমে ও মানুষের ১৩, ১৪, ১৫, ২১, ২২ নং ক্রোমোসোমে স্যাটেলাইট থাকে।

## 05. প্রতিটি সেন্ট্রোমিয়ারে অবস্থিত ছোট গাঠনিক অবকাঠামোকে কী বলা হয়?

[JU: Unit-D; Set-H,18-19]

- গৌণকুণ্ডল
- কাইনোটেকোর
- স্যাটেলাইট
- ক্রোমোমিয়ার

[Ans B]

## 06. কোনটিকে নিউক্লিয়াস পুনর্গঠন অঞ্চল হিসাবে অভিহিত করা হয়?

[JU: D; Set-F,18-19]

- মূখ্যকুণ্ডল
- গৌণকুণ্ডল
- কাইনোটেকোর
- স্যাটেলাইট

[Ans B]

07. *Allium cepa*- এর ক্রোমোসোম সংখ্যা কত?

[JU: D; Set-F,18-19]

- ১৬
- ১৪
- ২৪
- ৪৮

[Ans A]

08. *Zea mays* এর ক্রোমোসোম সংখ্যা কত?

[JU: D; Set-D,18-19]

- ২০
- ১৬
- ১৪
- ২৪

[Ans A]

09. *Triticum aestivum* এর ক্রোমোসোম সংখ্যা কত? [JU:D;Set-B.18-19]  
A. 8২ B. ২০ C. ১৬ D. ১৪ [Ans A]
10. *Cucumis sativus* এর ক্রোমোসোম সংখ্যা কত? [JU:D;Set-H.18-19]  
A. ১৪ B. ২৪ C. ৪৮ D. ২৮ [Ans A]
11. *Lycopersicon esculentum* এর ক্রোমোসোম সংখ্যা কত? [JU:D;Set-I.18-19]  
A. ২৪ B. ৪৮ C. ২৮ D. ১৮ [Ans A]
12. ক্রোমাটিন সূত্রের চারদিকে পেলিকুল দ্বারা আবৃত প্রোটিন ও RNA পদার্থের স্তরকে বলা হয়? [JU:D;Set-I.18-19]  
A. টেলোমিয়ার B. সেন্ট্রোমিয়ার C. ম্যাট্রিক্স D. স্যাটেলাইট [Ans C]
13. জিনের রেগুলেশনে কোন প্রোটিনের ভূমিকা আছে? [JU. 17-18]  
A. অ্যালবুমিন B. হিস্টোন C. গ্লোবিউলিন D. থ্রুটেলিন [Ans B]
14. কবুতরের দেহে ক্রোমোসোম সংখ্যা কয়টি? [JU. 14-15]  
A. 22 B. 38 C. 78 D. 80 [Ans D]
15. L-আকৃতির ক্রোমোসোমকে কি বলে? [JU. 14-15]  
A. Acrocentric B. Submetacentric C. Metacentric D. Telocentric [Ans B]
16. 'V' আকৃতির ক্রোমোসোমের কোন ধরনের? [JU. 13-14]  
A. Metacentric B. Submetacentric C. Acrocentric D. Telocentric [Ans A]

## ☆ RU ☆

01. Chromosome এর সমাপ্তিস্থলকে বলে- [RU:SG-1,18-19]  
A. Telomere B. Centromere C. Setellite D. Maramere [Ans A]
02. মানুষের Y-ক্রোমোসোমে জিনের সংখ্যা- [RU. 17-18]  
A. 321 B. 231 C. 420 D. 285 [Ans B]
03. ধানের ক্রোমোসোম সংখ্যা কত? [RU. 16-17; MBSTU. 17-18; HSTU. 16-17; CU. 04-05]  
A. ২৪ B. ২২ C. ২৬ D. ১৮ [Ans A]
04. গম *Triticum aestivum* L., কোষ তাত্ত্বিকভাবে- [RU. 15-16]  
A. দ্বি-প্রস্থি B. চার প্রস্থি C. ছয় প্রস্থি D. বহু প্রস্থি [Ans C]
05. ক্রোমোসোমের প্রধান উপাদান হলো- [RU. 14-15; IU. 13-14; JUST. 15-16, 12-13; MAT. 90-91; JU. 10-11; CU. 01-02, 04-05]  
A. চর্বি ও ডি. এন. এ B. আমিষ ও ডি.এন.এ C. আমিষ ও শর্করা D. আমিষ ও চর্বি [Ans B]
06. ক্রোমোসোমের কোন অংশের কারণে দুটি ক্রোমোসোমের প্রান্ত পরস্পরের সাথে সংযুক্ত হতে পারে না? [RU. 13-14]  
A. ক্রোমোসোমিয়ার B. সেন্ট্রোমিয়ার C. স্যাটেলাইট D. টেলোমিয়ার [Ans D]
07. গরুতে কয় জোড়া ক্রোমোসোম থাকে? [RU. 12-13]  
A. ২০ জোড়া B. ২২ জোড়া C. ৩০ জোড়া D. ২৩ জোড়া [Ans C]
08. ক্রোমোসোমের রাসায়নিক উপাদান নয়- [RU. 11-12]  
A. প্রোটিন B. DNA C. RNA D. লিপিড [Ans D]
09. কোষের "মেইন সুইচ" কাকে বলা হয়? [RU. 11-12]  
A. ক্রোমোসোমকে B. নিউক্লিয়াসকে C. প্রোটিনোসোমকে D. সেন্ট্রিওলকে [Ans C]
10. পুষ্পক উদ্ভিদে সর্বনিম্ন সংখ্যক ক্রোমোসোম থাকে? [RU:G,10-11]  
A.  $2n = 2$  B.  $2n = 4$  C.  $2n = 6$  D.  $2n = 8$  [Ans B]
11. কুনোব্যাকের  $2n$  ক্রোমোসোম সংখ্যা কয়টি? [RU. 09-10]  
A. ১৮ B. ২০ C. ২২ D. ২৪ [Ans C]
12. উদ্ভিদের বংশগতির ভৌত ভিত্তি হলো- [RU. 04-05; BAU. 01-02; R.Board 15]  
A. ক্রোমোসোম B. ক্রোমোসোমিয়ার C. ক্রোমাটিড D. ক্রোমোসোম [Ans A]

## ☆ CU ☆

01. আবাদী গমের/ গম গাছে ক্রোমোসোমের সংখ্যা কয়টি? [CU. 17-18, 08-09; RU. 17-18, 04-05]  
A. ৪০টি B. ৪১টি C. ৪২টি D. ৪৮টি E. ৯০টি [Ans C]
02. ক্রোমোসোমে কোন প্রোটিন বিদ্যমান? [CU: F1, 16-17]  
A. লাইপোপ্রোটিন B. থ্রুটেলিন C. প্রোলামিন D. হিস্টোন E. অ্যালবুমিন [Ans D]
03. মানুষের দেহ কোষে ক্রোমোসোমের স্বাভাবিক সংখ্যা কত? [CU. 15-16]  
A. ৪২ B. ৪৪ C. ৪৬ D. ৫৫ E. ৬৪ [Ans C]
04. ক্রোমোসোমের দুইটি প্রোটিন এর নাম- [CU. 13-14]  
A. হিস্টোন ও ক্রোমোসোমিন B. হিস্টোন ও সাইটোসিন C. এডিনিন ও গুয়ানিন D. পাইরিমিডিন ও পিউরিন E. কোনটিই নয় [Ans E]
05. ক্রোমোসোমের রাসায়নিক গঠনে প্রোটিন কয় রকমের? [CU. 13-14]  
A. ৪ রকমের B. ৫ রকমের C. ২ রকমের D. ৩ রকমের E. ১০ রকমের [Ans C]
06. *Pisum sativum*-এর ক্রোমোসোমের সংখ্যা কত? [CU. 12-13]  
A. ২৪ B. ১৪ C. ২০ D. ১৮ E. ২২ [Ans B]
07. সেন্ট্রোমিয়ারের অবস্থান অনুযায়ী ক্রোমোসোম- [CU. 12-13]  
A. ২ ধরনের B. ৩ ধরনের C. ৪ ধরনের D. ৫ ধরনের E. ৬ ধরনের [Ans C]
08. মানুষের কোষে ক্রোমোসোম সংখ্যা কত জোড়া? [CU. 00-01]  
A. ২০ B. ২১ C. ২৩ D. ২৪ [Ans C]

## ☆ KU ☆

01. কোন জীবে মানুষের সমসংখ্যক ক্রোমোসোম আছে? [KU.18-19; RU. 13-14]  
A. গরু B. খরগোশ C. রেশম পোকা D. গোল আলু [Ans C]
02. *E. coli* এর Chromosome সংখ্যা কয়টি? [KU. 15-16]  
A. 1 B. 32 C. 46 D. 21 [Ans A]
03. প্রাণীকোষে অবস্থিত ক্রোমাটিনের কাজ কি? [KU. 08-09]  
A. নিউক্লিয়াসের আকৃতি বজায় রাখা। B. বিভিন্ন রাসায়নিক বিক্রিয়ার স্থল হিসাবে কাজ করা। C. RNA ও প্রোটিন সংশ্লেষণে সক্রিয় ভূমিকা পালন করা। D. DNA ধারণ, বহন ও কোষ বিভাজনে ক্রোমোসোম গঠন করা। [Ans D]
04. নীচের কোনটি বংশগতির ক্ষেত্রে নিষ্ক্রিয় DNA ধারণ করে? [KU. 08-09]  
A. হেটেরোক্রোমাটিন B. মাইটোকন্ড্রিয়া C. রাইবোসোম D. সিবেরিয়াম [Ans A]

## ☆ CoU ☆

01. নিউক্লিওলাস বহনকারী ক্রোমোসোমের নাম- [CoU: A, 19-20]  
A. Prochromosome B. Principle chromosome C. SAT chromosome D. Chromatid [Ans C] Why ক্রোমোসোমের প্রান্তের দিকে গোলাকৃতির অঞ্চলকে স্যাটেলাইট বলে এবং এ ধরনের ক্রোমোসোমকে স্যাট ক্রোমোসোম বলে। অন্যভাবে বলা যায় নিউক্লিওলাস বহনকারী ক্রোমোসোমই স্যাট ক্রোমোসোম। তুলা, পাট, ছোলা ইত্যাদি উদ্ভিদের কোন কোন ক্রোমোসোমে স্যাটেলাইট থাকে।

## ☆ IU ☆

01. ক্রোমোসোমে DNA- এর শতকরা পরিমাণ- [IU. 16-17]  
A. প্রায় 45 ভাগ B. প্রায় ৫৫ ভাগ C. প্রায় ৬০ ভাগ D. প্রায় ৪০ ভাগ [Ans A]

## ☆ BRU ☆

01. ক্রোমোসোমে প্রোটিনের শতকরা হার- [BRUR. 12-13]  
A. 55% B. 57% C. 60% D. 65% [Ans A]

**STEP 02 ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION**☆ **SUST** ☆

01. ক্রোমোসোমে কয় ধরনের নিউক্লিক অ্যাসিড পাওয়া যায়? [SUST. 12-13]  
A. ২ B. ৩  
C. ৪ D. ৫ E. ৬ **Ans A**

☆ **BSMRSTU** ☆

01. সেন্ট্রোমিয়ার এক প্রান্তে থাকে তখন তাকে কি বলে?/ একবাহু বিশিষ্ট ক্রোমোসোম- [BSMRSTU. 11-12; CU. 01-02]  
A. মেটাসেন্ট্রিক B. টেলোসেন্ট্রিক  
C. অ্যাক্রোসেন্ট্রিক D. খাদ্য মেটাসেন্ট্রিক **Ans B**

☆ **PUST** ☆

01. কোনটি সেন্ট্রোমিয়ারের বৈশিষ্ট্য নয়? [PUST. 18-19]  
A. ইহা সাইটোপ্লাজমীয় অঙ্গাণু B. ইহা নিউক্লিয় অঙ্গাণু  
C. ইহাতে সেন্ট্রিওল অনুপস্থিত D. ইহা ক্রোমোসোমের নিক্রিয় পদার্থ  
**Ans A Why** সেন্ট্রোমিয়ার ক্রোমোসোমে পাওয়া যায় ক্রোমোসোম যেহেতু নিউক্লিয় অঙ্গাণু তাই সেন্ট্রোমিয়ারও নিউক্লিয় অঙ্গাণু।
02. গম গাছের ডিপ্লয়েড (2n) ক্রোমোসোম সংখ্যা কত? [PUST.14-15; RU.17-18]  
A. 16 B. 24  
C. 42 D. 64 **Ans C**

☆ **HSTU** ☆

01. পেঁয়াজের দেহ কোষে কয়েকটি ক্রোমোসোম থাকে? [HSTU.16-17]  
A. 16 টি B. 15 টি C. 14 টি D. 17 টি

**Ans A Why** কয়েকটি উদ্ভিদের ক্রোমোসোম সংখ্যা:

উদ্ভিদের নাম	ক্রোমোসোম সংখ্যা	উদ্ভিদের নাম	ক্রোমোসোম সংখ্যা
ধান	২৪	পাট	১৪
গম	৪২	পেঁপে	১৮
ভুট্টা	২০	বাধাকপি	১৮
টমটো	২৪	শশা	১৪
গোল আলু	৪৮		

**STEP 03 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION**☆ **MAT** ☆

01. মানবদেহের একটি কোষে অটোসোমের সংখ্যা কত? [MAT. 14-15; DU. 03-04; CU. 12-13, 11-12; JSTU. 12-13; KU. 16-17]  
A. ২২ B. ৪৪ C. ৪৬ D. ৪৮/২৩ **Ans B**
02. যেটি সেন্ট্রোমিয়ারের বেলায় সত্য নয়- [MAT. 99-00]  
A. ইহাতে সেন্ট্রিওল অনুপস্থিত  
B. ইহা DNA প্রোটিন দ্বারা গঠিত  
C. ইহা সাইটোপ্লাজমীয় অঙ্গাণু  
D. এটি উদ্ভিদ ও প্রাণি উভয়কোষেই পাওয়া যায় **Ans C**
03. আলু গাছের দেহে ডিপ্লয়েড ক্রোমোসোমের সংখ্যা- [MAT. 94-95]  
A. ১৮ B. ৩৬ C. ২৪ D. ৪৮ **Ans D**

◆ **Item-02 :** নিউক্লিক এসিড

নিউক্লিক এসিড হলো নাইট্রোজেন ঘটিত ক্ষারক, পেটোজ শ্যুগার এবং ফসফোরিক এসিডের সমন্বয়ে গঠিত এসিড যা জীবের বংশগতির ধারাসহ সকল কার্যক্রম নিয়ন্ত্রণ করে। এদের মাষ্টার মলিকিউল বলে।

## ➤ নিউক্লিক এসিডের উপাদান:

- পেটোজ শ্যুগার- পাঁচ কার্বনবিশিষ্ট শ্যুগারকে পেটোজ শ্যুগার বলে। নিউক্লিক এসিডে দুই ধরনের (DNA, RNA) পেটোজ শ্যুগার থাকে।
- নাইট্রোজেন ঘটিত ক্ষারক- রিং এর সংখ্যার উপর ভিত্তি করে দুই প্রকার
  - পিউরিন (দুই রিংবিশিষ্ট): সংকেত  $C_5H_4N_4$ । উদাহরণ- অ্যাডিনিন (A), গুয়ানিন (G)।
  - পাইরিমিডিন (এক রিংবিশিষ্ট): সংকেত  $C_5H_4N_2$ । উদাহরণ- থায়ামিন (T), সাইটোসিন (C), ইউরাসিল (U)।
- ফসফোরিক এসিড
  - নিউক্লিয়োটাইডগুলো (DNA Ges RNA) তৈরীর মূল কাঠামো গঠন করে।

১ অণু নাইট্রোজেনঘটিত ক্ষারক + ১ অণু পেটোজ শ্যুগার → নিউক্লিয়োসাইড

নিউক্লিয়োসাইড + ১ অণু ফসফেট → নিউক্লিয়োটাইড

(Ref: হাসান স্যার)

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

## ◆ নিউক্লিক এসিড কী?

উত্তর: অসংখ্য নিউক্লিয়োটাইড, পলিমার সৃষ্টির মাধ্যমে গঠিত অ্যাসিডের নাম হলো নিউক্লিক এসিড।

[রা. বো. ২০১৭]

## ◆ নিউক্লিওটাইড কাকে বলে?

উত্তর: এক অণু নিউক্লিওটাইড এর সাথে এক অণু ফসফেট যুক্ত হয়ে গঠিত যৌগকে নিউক্লিওটাইড বলে।

[ঘ. বো. ২০১৭]



REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

**STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION**☆ **DU** ☆

01. নিউক্লিওটাইডে কোনটি অনুপস্থিত? [DU. 14-15]  
A. ডি-অক্সিরাইবোজ সুগার B. সাইটোসিন  
C. অ্যাডিনিন D. অজৈব ফসফেট **Ans D**


☆ **JnU** ☆

01. কোনটি পাইরিমিডিন নয়? [JnU. 17-18]  
A. গুয়ানিন (Guanine) B. থাইমিন (Thymine)  
C. সাইটোসিন (Cytosine) D. ইউরাসিল (Uracil) **Ans A**

## ☆ JU ☆

01. সাইটোসিনের রাসায়নিক গঠন কোনটি?

[JU. 13-14]



[Ans A]

02. কোনটি পিউরিন নিউক্লিওটাইড?

[JU. 10-11]

A. Thymine B. Adenine C. Adenosine D. ATP

[Ans B]

## ☆ RU ☆

01. নিচের কোনটি পিউরিন ক্ষারক?

[RU. 15-16, 12-13; CU. 15-16, 03-04; MBSTU: B. 17-18]

A. সাইটোসিন B. থাইমিন C. অ্যাডিনিন D. ইউরাসিল

[Ans C]

02. নিউক্লিক অ্যাসিড কি দিয়ে গঠিত?

[RU. 15-16; CU. 12-13; MAT. 92-93]

A. বেইস ও ফসফেট B. শর্করা, বেইস, ফসফেট  
C. শর্করা ও বেইস D. শর্করা ও ফসফেট

[Ans B]

03. একটি নিউক্লিওটাইডের কয়টি অংশ?

[RU. 08-09]

A. ১ B. ২ C. ৩ D. ৫

[Ans C]

04. নিউক্লিওসাইডের সাথে ফসফেট যুক্ত হয়ে কি গঠিত হয়?

[RU. 03-04; BAU. 01-02, 04-05]

A. নিউক্লিক এসিড B. পেটোজ সুগার  
C. ফসফরিক এসিড D. নিউক্লিওটাইড

[Ans D]

## ☆ CU ☆

01. নিউক্লিক এসিড কি দিয়ে গঠিত?

[CU: H1, 12-13]

- A. সুগার, ফসফেট এবং নাইট্রোজেন ঘটিত বেস দিয়ে  
B. সুগার, নাইট্রেট ও ফসফরাস গঠিত বেস দিয়ে  
C. অ্যামাইনো অ্যাসিড, সালফেট ও নাইট্রোজেন গঠিত বেস দিয়ে  
D. ফসফরিক অ্যাসিড, ফসফেট ও নাইট্রোজেন গঠিত বেস দিয়ে  
E. অ্যাসিটিক অ্যাসিড, ফরফরাস গঠিত বেস ও নাইট্রোজেন গঠিত অ্যালকালি দিয়ে

[Ans A]

## ☆ KU ☆

01. নিউক্লিওটাইডে পেটোজ সুগারের কত নং কার্বনের সাথে ফসফেট অণু যুক্ত থাকে?

[KU. 13-14]

- A. 1 নং B. 3 নং  
C. 4 নং D. 5 নং

[Ans BD]

## STEP 02 ANALYSIS OF SCIENCE &amp; TECHNOLOGY QUESTION

## ☆ JUST ☆

01. কোনটি পাইরিমিডিন বেস?

[JUST. 17-18]

- A. এডেনিন ও গুয়ানিন B. সাইটোসিন ও ইউরাসিল  
C. গুয়ানিন ও সাইটোসিন D. এডেনিন ও ইউরাসিল

[Ans B]

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

## ☆ MAT ☆

01. প্রতিটি নিউক্লিওটাইডে থাকে-

[MAT. 93-94; RU. 09-10; KU. 08-09]

- A. বেইস এবং ফসফেট B. শর্করা, বেইস এবং ফসফেট  
C. শর্করা এবং বেইস D. শর্করা ও ফসফেট

[Ans B]



## ◆ Sub Item-01 : DNA

DNA হলো Deoxyribonucleic acid- এর অ্যাক্রোনিম একে জীবনের আনবিক ভিত্তি বলা হয়।

- ভৌত গঠন: • পাঁচ কার্বন বিশিষ্ট Deoxyribose শুগার।  
• চার ধরণের নাইট্রোজেনাস ক্ষারক- অ্যাডিনিন (A), গুয়ানিন (G), সাইটোসিন (C), থাইমিন (T)  
• Chargaff's rules অনুযায়ী নাইট্রোজেনাস ক্ষারকের অর্ধেক হবে পিউরিন (A,G) এবং অর্ধেক পাইরিমিডিন (T,C)

➤ ওয়াটসন এবং ক্রিক প্রদত্ত ডাবল হেলিক্স মডেল (১৯৫৩)

- DNA অণু দ্বিসূত্রক, বিন্যাস ঘূড়ানো (প্যাঁচানো) সিঁড়ির মত, যাকে বলা হয় ডাবল হেলিক্স।
- সূত্র দু'টি বিপরীতমুখী হয়ে (একটি ৫' → ৩' মুখী, অপরটি ৩' → ৫' মুখী) সমদূরত্বে পাশাপাশি অবস্থিত।
- এক দিকের অ্যাডিনিন অপর দিকের থাইমিনের সাথে দুইটি হাইড্রোজেন বন্ড দিয়ে সংযুক্ত থাকে (A = T বা T = A) এবং একদিকের সাইটোসিন অপর দিকের গুয়ানিনের সাথে তিনটি হাইড্রোজেন বন্ড দিয়ে যুক্ত থাকে (C ≡ G বা G ≡ C)। কাজেই সিঁড়ির ধাপ হয় A = T অথবা C ≡ G।
- ডাবল হেলিক্সের প্রতিটি ঘূর্ণনে (বা প্যাঁচে) ১০ জোড়া মনোনিউক্লিওটাইড থাকে। ডাবল হেলিক্স-এর প্রতিটি প্যাঁচ বা ঘূর্ণনের দূরত্ব ৩.৪ nm।
- ডাবল হেলিক্স-এর ব্যাস ২০ Å; দৈর্ঘ্য প্রজাতিভেদে ভিন্নতর হতে পারে। সিঁড়ির এক ধাপ হতে অপর ধাপের দূরত্ব ৩.৪ Å।
- DNA অণুর আণবিক ওজন 10<sup>6</sup>-10<sup>9</sup> এর মধ্যে। 100°C তাপমাত্রায় DNA অণুর ভেঙ্গে দুইটি অংশ হয়।
- ক্ষারকগুলো (A, T, G, C) শুগারের ১নং কার্বনের সাথে যুক্ত থাকে, ২নং কার্বনে অক্সিজেন থাকে না।
- প্রতিটি প্যাঁচে ২৫টি হাইড্রোজেন বন্ড থাকে।
- ফসফেট একটি সুগারের ৩ নং C-এ যুক্ত হলে অপর সুগারের ৫ নং C-এ যুক্ত হয়।



(Ref: হাসান স্যার, মাহফুজা ম্যাডাম, আজিবুর স্যার)



SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

## ◆ DNA কী?

উত্তর: DNA হলো জীবের বংশগত বৈশিষ্ট্যের ধারক ও বাহক। এটি জীব কোষের জৈবিক সংকেত প্রেরক হিসেবেও কাজ করে।

## ◆ DNA তে বিদ্যমান নাইট্রোজেনাস বেসগুলোর নাম লিখ?

উত্তর: অ্যাডেনিন, গুয়ানিন, থায়ামিন, সাইটোসিন

## ◆ DNA এর জৈবিক গুরুত্ব লিখ?

উত্তর: i. নির্ভুল প্রতিলিপি সৃষ্টি হয়। ii. প্রোটিন সংশ্লেষ করে, iii. জৈবিক সংকেত বহন করার ক্ষমতা রাখে, iv. মিউটেশন ছাড়া এর কোনো পরিবর্তন হয় না, v. জৈবিক সংকেত প্রেরক হচ্ছে DNA, vi. পরিবৃত্তি তৈরি হয় যা বিবর্তনের মূল একক।

[মড্রাসা. বো. ২০১৯]



REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

## 01. DNA ডবল হেলিক্স-এর দু'টি স্ট্র্যান্ড-এর মধ্যবর্তী দূরত্ব- [DU. 17-18]

- A. 3.4 B. 2 nm  
C. 0.34 nm D. 34 nm [Ans B]

## 02. কোনটি DNA-এর নাইট্রোজেন বেস নয়? [DU. 04-05, 02-03; BAU. 01-02; CU. 13-14, 12-13, 09-10; KU. 12-13; DU-7Clg: 19-20]

- A. সাইটোসিন B. থাইমিন  
C. ইউরাসিল D. গুয়ানিন

[Ans C] Why ঢাকায় ইউনিভার্সিটি নেই, রমনায় থানা নেই:

ঢাকায় ↓ DNA তে	ইউনিভার্সিটি নেই, ↓ ইউরাসিল নেই	রমনায় ↓ RNA তে	থানা নেই ↓ থাইমিন নেই
-----------------------	---------------------------------------	-----------------------	-----------------------------

## 03. DNA-এর একককে বলা হয়- [DU. 01-02]

- A. পেপটাইড B. পলিনিউক্লিওটাইড  
C. পলাইপেপটাইড D. নিউক্লিওটাইড [Ans D]

☆ JnU ☆

## 01. Which one is correct? [JnU. 16-17; BRUR. 12-13]

- A. A = T, C = G B. A = G, C = A  
C. A = T, C = G D. A = T, C = G [Ans C]

## 02. DNA এর একটি রাসায়নিক উপাদান- [JnU. 11-12]

- A. স্টার্চ B. রিবোফ্লাভিন  
C. গুয়ানিন D. অ্যামাইনো এসিড [Ans C]

☆ JU ☆

## 01. হিস্টোন প্রোটিনের সাথে সংযুক্ত DNA-কে কী বলা হয়? [JU:D;Set-B,18-19]

- A. ক্রোমাটিন B. লিংকার  
C. নিউক্লিয়োজোম D. ক্রোমোজোম [Ans C]

## 02. DNA এর অপরিহার্য Carbohydrate কোনটি? [JU. 16-17]

- A. Glucose B. Ribose  
C. Deoxy-ribose D. Fructose [Ans C]

☆ RU ☆

## 01. ডাবল হেলিক্সের একটি পলিনিউক্লিওটাইড সূত্রে নাইট্রোজেন বেসগুলো পরস্পর থেকে কত দূরত্বে অবস্থিত? [RU. 12-13]

- A. 20 Å B. 2.0 Å  
C. 3.4 Å D. 34 Å [Ans C]

## 02. DNA এর অতিবেগুনী রশ্মি শোষণের ক্ষমতা- [RU. 12-13]

- A. বেশী B. কম  
- ♦ সংখ্যা অনুসারে প্লাজমিডের প্রকারভেদ লিখ?

উত্তর: সংখ্যা অনুসারে প্লাজমিড ২ প্রকার।

১. সিঙ্গেল কপি প্লাজমিড: ব্যাকটেরিয়া কোষে একটি মাত্র প্লাজমিড উপস্থিত থাকলে তাকে সিঙ্গেল কপি প্লাজমিড বলে।

২. মাল্টিকপি প্লাজমিড: ব্যাকটেরিয়া কোষে রেপ্লিকেশনের ফলে যখন অনেকগুলো (প্রায় ১০০০) প্লাজমিড সৃষ্টি হয়, তখন তাদেরকে মাল্টিকপি প্লাজমিড বলে।

- ♦ প্লাসমিডের আণবিক ওজন কত?

উত্তর: প্লাসমিডের আণবিক ওজন  $10^6 - 200 \times 10^6$  dalton.

- ♦ F ও F' এর কাজ কী?

উত্তর: F ও F' প্লাসমিড একটি ব্যাকটেরিয়া থেকে অন্য ব্যাকটেরিয়াতে জেনেটিক উপাদান স্থানান্তর করার জন্য দায়ী। এটি ব্যাকটেরিয়া দেহে Pili তৈরি করে, যা যৌনজননে সাহায্য করে।

- ♦ রেস্ট্রিকশন এনজাইম কী?

উত্তর: যে এনজাইম প্রয়োগ করে DNA অণুর সুনির্দিষ্ট সিকোয়েন্স-এর একটি অংশ কেটে নেয়া যায় এ এনজাইমকে রেস্ট্রিকশন এনজাইম বলে।

- ♦ রিকমিনেন্ট DNA প্রযুক্তির জন্য প্রয়োজনীয় উপকরণের নাম লিখ?

উত্তর: রিকমিনেন্ট DNA টেকনোলজিতে ব্যবহৃত উপকরণগুলো নিম্নরূপ :

নাম	প্রকারভেদ
এনজাইম (Enzyme)	i. রেস্ট্রিকশন এনজাইম ii. লাইসোজাইম iii. পলিমারেজ iv. লাইগেজ v. অ্যালকালাইন ফসফাটেজ
বাহক (Vector)	i. প্লাজমিড ii. ভাইরাস iii. কসমিড iv. ফাজমিড v. কৃত্রিম ক্রোমোসোম vi. ট্রান্সপোজন
পোষক (Host)	i. <i>E. coli</i> . ii. Yeast iii. অন্যান্য অণুজীব iv. প্রাণীকোষ v. উদ্ভিদকোষ vi. ব্যাকটেরিয়া





## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



### STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

01. DNA কে নির্দিষ্ট স্থানে ছেদন করতে কোনটির প্রয়োজন?  
[DU: 08-09, 00-01; RU: 13-14; BAU: 06-07]  
A. পেটিনেজ এনজাইম B. রেস্ট্রিকশন এনজাইম  
C. অ্যামাইলেজ এনজাইম D. প্রোটিয়েজ এনজাইম [Ans B]
02. প্লাজমিড বিশিষ্ট কোন ব্যাকটেরিয়া জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ ব্যবহৃত হয়-  
[DU: 05-06]  
A. *Bacillus* B. *Clostridium*  
C. *Escherichia* D. *Spirillum* [Ans C]
03. জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে রেস্ট্রিকশন এনজাইমের কাজ কোনটি?  
[DU: 04-05; JU: 13-14; KU: 15-16]  
A. ডিএনএ অনুর কাটা অংশ জোড়া লাগানো  
B. ডিএনএ অনুর বৃদ্ধিকরণ DNA Polymerase  
C. ডিএনএ অণুর নির্দিষ্ট স্থানে কর্তন  
D. ডিএনএ অনুর হাইড্রোজেন বন্ধন ভেঙ্গে দেয়া DNA এন্ডোনিউক্লিয়েজ [Ans C]
04. রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে যে এনজাইম দিয়ে প্লাজমিড ও প্রাণিকোষের DNA কে কাটা হয় তাকে বলে?/যে এনজাইম দিয়ে প্লাজমিড ছেদন করা হয়-  
[DU: 02-03; JnU: 16-17, 13-14, 11-12; RU: 17-18, 10-11, 04-05; JUST: 15-16; CU: 17-18, 16-17; S. Board: 16-17; D/C. Board: 17-18, Dj/ C. Board: 15-16]  
A. রেস্ট্রিকশন এনজাইম B. লাইগেজ এনজাইম  
C. RNase D. মল্টেজ এনজাইম [Ans A]
05. কোন বিজ্ঞানী সর্বপ্রথম নিউক্লিয়াস থেকে DNA পৃথক করেন? [DU: A, 01-02]  
A. ম্যানসন B. ওয়াটসন C. ক্রিক D. এম. মিসার [Ans D]
06. রিকম্বিনেন্ট DNA -এর ব্যবহার দ্বারা কোন উদ্দেশ্য সাধিত হয়? [DU: A, 01-02]  
A. নতুন প্রজাতি গঠন  
B. একই প্রজাতির উন্নতিরকরণ ও হুবহু একই রকম জীব সৃষ্টিকরণ, উভয়ই  
C. কাঙ্ক্ষিত কোন জীবের মতো হুবহু একই রকম জীবের সৃষ্টিকরণ  
D. একই প্রজাতির নতুন বৈশিষ্ট্য উন্নতকরণ [Ans B]
07. রিকম্বিনেন্ট DNA-এর ব্যবহার দ্বারা কোন উদ্দেশ্য সাধিত হয়? [DU: 01-02]  
A. নতুন প্রজাতি গঠন  
B. একই প্রজাতির নতুন বৈশিষ্ট্যযুক্ত উন্নতকরণ  
C. কাঙ্ক্ষিত কোনো জীবের মতো হুবহু একই রকম জীবের সৃষ্টিকরণ  
D. একই প্রজাতির উন্নতিরকরণ ও হুবহু একই রকম জীব সৃষ্টিকরণ উভয়ই [Ans B]

☆ JnU ☆

01. রেস্ট্রিকশন এনজাইমের কাজ কি? [JnU: 10-11]  
A. Multiplication of DNA  
B. Cutting a specific portion of DNA  
C. Breaking hydrogen bonds of DNA  
D. Joining cut ends of DNA [Ans B]
02. কর্তিত DNA'র অংশ জোড়া লাগাতে কোন এনজাইম প্রয়োজন?  
[JnU: 08-09; J. Board: 17-18]  
A. লাইগেজ B. লাইগেজ C. রেস্ট্রিকশন D. B + C [Ans B]

☆ JU ☆

01. Bam HI রেস্ট্রিকশন এনজাইমের উৎস কোন ব্যাকটেরিয়া? [JU: D; Set: I, 18-19]  
A. *Bacillus anthracis* H B. *Bacillus amyloliquefaciens* H  
C. *Bacillus methylotrophicus* H D. *Bacillus aerophilus* H [Ans B]
02. DNA অণুর সুনির্দিষ্ট সিকুয়েন্স কেটে দিতে সক্ষম এনজাইম কোনটি?  
[JU: D; Set: F, 18-19]  
A. রেস্ট্রিকশন B. DNA লাইগেস  
C. DNA পলিমারেস D. হেলিকেস [Ans A]
03. *Agrobacterium tumefaciens* ব্যাকটেরিয়ায় কোন প্লাসমিড থাকে?  
[JU: D; Set: A/B, 18-19]  
A. Ti B. F C. Col D. F [Ans A]

04. কোনটি প্লাসমিডের বৈশিষ্ট্য নয়? [JU: D; Set: D, 18-19, 17-18]  
A. দ্বিসূত্রক অণু B. সাধারণতঃ বৃত্তাকার  
C. স্বাধীনভাবে অনুলিপনে D. অল্প সংখ্যক জিন ধারণ করে [Ans C]
05. Biological knife' কোন এনজাইমকে বলা হয়?/ নিচের কোনটিকে molecular scissors বলা হয়?/ আণবিক কাঁচি বলে- [JU: D, 18-19, 17-18; CU: 17-18; JnU: 15-16; RU: 04-05; KU: 17-18; JKKNIU: B: 17-18]  
A. লাইগেজ B. লাইগেজ  
C. রেস্ট্রিকশন D. কোনটিই নয় [Ans C]
06. জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ ভেক্টর হিসেবে কি ব্যবহৃত হয়?/ কোনটি রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির জন্য অপরিহার্য। [JU: 17-18; CU: F, 16-17, 13-14]  
A. প্লাজমিড B. নেমোটোড  
C. পেনিসিলিয়াম D. মস [Ans A]
07. জিন প্রকৌশল-এ কোনটি উত্তম বাহক?/ কোনটি ক্রোমোজোমের সাহায্য ছাড়া স্বাধীনভাবে প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে?/ কোন ব্যাকটেরিয়া প্রকৃতির জেনেটিক ইঞ্জিনিয়ার নামে পরিচিত? [JU: 17-18; JnU: 16-17; RU: 17-18; 16-17]  
A. *Agrobacterium tumefaciens* B. *Escherichia coli*  
C. *Vibrio cholerae* D. *Bacillus subtilis* [Ans A]
08. কোনটি জীবপ্রযুক্তির ক্ষেত্রে GMO-এর পূর্ণাঙ্গ রূপ? [JU: D; Set: 03, 17-18]  
A. Genetically Multiplied Organism  
B. Generally Modified Offspring  
C. Generally Multiplied Offspring  
D. Genetically Modified Organism [Ans D]
09. কোনটি রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির জন্য অপরিহার্য? [JU: D; Set: 03, 17-18]  
A. হিস্টোন B. নন-হিস্টোন C. প্লাজমিড D. প্লাস্টিড [Ans C]
10. কোনটি ক্রোমোসোমের সাহায্য ছাড়া স্বাধীনভাবে প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে? [JU: D; Set: 05, 17-18]  
A. রাইবোসোম B. এলিল C. প্লাজমিড D. লোকাস [Ans C]
11. কোন জীব থেকে প্লাজমিড প্রথম আবিষ্কৃত হয়? [JU: 14-15]  
A. ব্যাকটেরিয়া B. শৈবাল C. ছত্রাক D. মটরসুটি [Ans A]
12. সাধারণত প্লাজমিডের আকার কেমন হয়? [JU: 13-14]  
A. বৃত্তাকার B. লম্বাটে  
C. প্যাচানো D. নাশপাতির মত [Ans A]
13. কত সালে সর্বপ্রথম রিকম্বিনেন্ট DNA অণু তৈরি হয়? [JU: 13-14]  
A. ১৯৭১ B. ১৯৭২ C. ১৯৮১ D. ১৯৮২ [Ans B]
14. রিকম্বিনেন্ট DNA তৈরীর প্রক্রিয়াকে কি বলা হয়? [JU: 13-14; RU: G, 10-11]  
A. বায়োটেকনোলজি B. মাইক্রোপ্রোপাগেশন  
C. জীন প্রকৌশল D. জীন ক্লোনিং [Ans C]

☆ RU ☆

01. দুটি ভিন্ন প্রজাতির জীনকে একত্রিত করার প্রক্রিয়াকে বলা হয়- [RU: SG-1; 18-19, 15-16]  
A. জেনেটিক ইঞ্জিনিয়ারিং B. ক্লোনিং  
C. পোলেন-কালচার D. টিস্যু কালচার [Ans A]
02. বৃত্তাকার DNA থাকে- [RU: G2, 17-18]  
A. ভাইরাসে B. ছত্রাকে  
C. প্লাজমিডে D. প্রোটোজোয়ায় [Ans C]
03. ব্যাকটেরিয়াল কোষে নতুন DNA সংযোগ করার পদ্ধতিকে বলা হয়- [RU: 13-14]  
A. ট্রান্সফরমেশন B. ট্রান্সফেকশন  
C. ট্রান্সমিশন D. ট্রান্সফিউশন [Ans A]
04. কোনটি রেস্ট্রিকশন এনজাইম? [RU: 12-13]  
A. HB-101 B. ECO-RI C. JM-109 D. LII-2 [Ans B]
05. রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির অণুজীব হলো- [RU: 11-12]  
A. *E. coli* B. *Agrobacterium tumefaciens*  
C. উভয়ই D. কোনটিই নয় [Ans C]

06. জীন প্রকৌশলমূলক গবেষণার জন্য নিচের কোনটির প্রয়োজন সবচেয়ে কম? [RU:C1, 10-11]
- A. Restriction Enzyme B. Plasmid  
C. *Escherichia coli* D. Blood [Ans D]
07. প্লাজমিডের সংখ্যা কোষপ্রতি- [RU: 09-10]
- A. ১-১০০ B. ১-১০০০  
C. ১-১০,০০০ D. ১-১,০০,০০০ [Ans B]
08. জীন হস্তান্তরের মাধ্যমে উদ্ভাবিত প্রাণীদের বলা হয়- [RU: 09-10]
- A. Transformed B. Transduced  
C. Transgenic D. কোনটিই নয় [Ans C]
09. প্লাজমিড গ্রহণকারী ব্যাকটেরিয়াকে বলা হয়? [RU: 04-05]
- A. ট্রান্সজেনিক B. ট্রান্সফর্মড  
C. রিকমিনেন্ট D. কোনটিই নয় [Ans B]
10. প্লাজমিড পাওয়া যায়- [RU: 04-05; R/R. Board: 15-16]
- A. *E. coli* B. মানুষের কোষ  
C. উদ্ভিদে D. কোনটিতেই নয় [Ans A]
11. জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ DNA লাইগেজ এর কাজ- [RU: 04-05]
- A. DNA ও প্লাজমিড সংযুক্তকরণ B. DNA এর হেলিক্স বিযুক্তকরণ  
C. DNA ও RNA সংযুক্তকরণ D. RNA কোডিংকরণ [Ans A]

## ☆ CU ☆

01. প্লাজমিড কি? [CU: 15-16, 12-13; CU: 06-07; D.Board: 16-17]
- A. এক ধরণের ভাইরাস/ক্রোমাটিডের অংশ  
B. এক ধরণের RNA/ প্রাথমিক প্রোটিন  
C. এক ধরণের DNA/ চক্রাকার DNA  
D. একক ধরণের ব্যাকটেরিয়া/রেখিক DNA [Ans C]
02. Restriction-এনজাইম এর কাজ হল- [CU: 13-14; DU: 10-11, 06-07]
- A. DNA-কে ছেদন করা B. DNA-জোড়া লাগানো  
C. DNA-এর সংখ্যা বৃদ্ধি D. DNA-অকার্যকর করা [Ans A]
03. কোনটি আবিষ্কারের ফলে রিকমিনেন্ট (Recombinant) DNA তৈরি সম্ভব হয়েছে? [CU: 11-12]
- A. RNA পলিমারেজ B. DNA পলিমারেজ  
C. DNA লাইগেজ D. রেস্ট্রিকশন এন্ডোনিউক্লিয়েজ  
E. রিভার্স ট্রান্সক্রিপ্টেজ [Ans D]
04. জিন প্রকৌশল কাজে- [CU: 04-05]
- A. অনাকাঙ্ক্ষিত জিন কর্তন করা হয়  
B. কাঙ্ক্ষিত জিন সংযোজন করা হয়  
C. জিন ক্লোনিং করা হয়  
D. প্রয়োজন A, B ও C এই তিনটির সবগুলো করা হয় [Ans D]

## ☆ KU ☆

01. রিকমিনেন্ট DNA প্রযুক্তিতে যে এনজাইম দিয়ে DNA অণুকে জোড়া লাগানো হয় তার নাম কি? [KU: 17-18; IU: 15-16; JU: 11-12; R.Board: 16-17]
- A. রেস্ট্রিকশন এনজাইম B. লাইগেজ এনজাইম  
C. RNase D. মল্টেজ এনজাইম [Ans B]

## ☆ CoU ☆

01. রিকমিনেন্ট DNA তৈরির জন্য কতটি ধাপ আছে? [CoU: A, 19-20; RU: 08-09]
- A. ৫ টি ধাপ B. ৭ টি ধাপ C. ৮ টি ধাপ D. ৯ টি ধাপ [Ans C] Why
- রিকমিনেন্ট DNA তৈরির ধাপ ৮টি। যথা- ১. কাঙ্ক্ষিত DNA নির্বাচন ও পৃথকীকরণ ২. বাহক নির্বাচন ৩. কাঙ্ক্ষিত DNA- কে নির্দিষ্ট স্থানে ছেদন ৪. ছেদনকৃত কাঙ্ক্ষিত DNA খণ্ডকে বাহক প্লাসমিড DNA- তে স্থাপন ৫. পোষক (host) নির্বাচন ও রিকমিনেন্ট প্লাসমিড DNA পোষকদেহে প্রবেশ করানো ৬. রিকমিনেন্ট DNA-এর মূল্যায়ন ৭. রিকমিনেন্টকে DNA-কে *Agrobacterium*-এ স্থানান্তর ৮. কাঙ্ক্ষিত উদ্ভিদকোষে রিকমিনেন্ট DNA প্রবেশ করানো।

02. কোন এনজাইম দ্বারা প্লাজমিডের নির্দিষ্ট অংশ কাটা হয়? [CoU: A, 19-20]
- A. রেস্ট্রিকশন B. লাইগেজ C. লাইগেজ D. প্রাইমিজ  
[Ans A] Why নির্দিষ্ট অংশ কাটতে রেস্ট্রিকশন এনজাইম ও নির্দিষ্ট অংশ জোড়া লাগাতে লাইগেজ এনজাইম ব্যবহৃত হয়।

## ☆ IU ☆

01. DNA কর্তনের সূক্ষ্ম ছুরিকা হিসেবে ব্যবহার করা হয়- [IU: 14-15]
- A. রিভার্স ট্রান্সক্রিপ্টেজ-কে B. প্লাজমিড-কে  
C. রেস্ট্রিকশন এন্ডোনিউক্লিয়েজ-কে D. লাইগেজ-কে [Ans C]
02. কোলিসিন নামক প্রতিষেধক পাওয়া যায়- [IU: 13-14]
- A. *E. coli* থেকে B. Fungus থেকে  
C. *Bacillus* থেকে D. *Amoeba* থেকে [Ans A]
03. প্রজননক্ষম DNA অণুকে বলে- [IU: 01-02]
- A. RNA B. Plasmid C. Recombinant D. DNA [Ans B]

## ☆ BU ☆

01. DNA লাইগেজ এনজাইম দ্বারা- [BU: 12-13; RU: 04-05; BAU: 03-04]
- A. নতুন DNA তৈরি B. DNA নষ্ট  
C. DNA খন্ডযুক্ত D. DNA অনুলিপন করা হয় [Ans C]

## STEP 02 ANALYSIS OF SCIENCE &amp; TECHNOLOGY QUESTION

## ☆ SUST ☆

01. 'Y' উদ্ভিদের x জিনকে পৃথক করে 'Z' ব্যাকটেরিয়াতে স্থানান্তরের জন্য প্রয়োজন- [SUST: 17-18]
- A. DNA polymerase, endonuclease and ligase  
B. DNA gyrase, DNA polymerase, endonuclease and ligase  
C. DNA helicase, endonuclease and ligase  
D. DNA polymerase, DNA helicase and ligase  
E. Topoisomerase, endonuclease and ligase [Ans C]
02. উদ্ভিদের DNA কে ভাইরাল DNA এর সাথে সংযুক্ত করে তা একটি ব্যাকটেরিয়ার মধ্যে স্থানান্তর করতে কোনটি দরকার? [SUST: 16-17]
- A. DNA ligase ও DNA polymerase  
B. DNA ligase ও DNA endonuclease  
C. DNA ligase ও DNA transferase  
D. DNA ligase ও DNA gyrase [Ans B]

## ☆ JUST ☆

01. DNA-কে খন্ডিত করে কোন এনজাইম? [JUST: 18-19]
- A. লাইগেজ B. রেস্ট্রিকশন  
C. প্রোটিনেজ D. অ্যামাইলেজ [Ans B]
02. প্লাজমিড ও প্রাণিকোষের DNA কে ছেদন করা হয় যে এনজাইম দিয়ে? [JUST: B, 15-16]
- A. লাইগেজ B. রেস্ট্রিকশন C. অ্যামাইলেজ D. লাইপেজ [Ans B]
03. নিচের কোনটি প্লাজমিড-এর বৈশিষ্ট্য নয়? [JUST: 11-12]
- A. আণবিক ভর:  $1 \times 10^6 - 200 \times 10^6$  dalton  
B. দ্বিসূত্রক DNA অণু বিশিষ্ট  
C. এটি বেশি সংখ্যক জিন ধারণ করে থাকে  
D. রেস্ট্রিকশন এনজাইম দ্বারা ভাঙা যায় [Ans C]

## ☆ MBSTU ☆

01. DNA অনুলিপনে অত্যাবশ্যকীয় এনজাইম হলো- [MBSTU: Unit-B, 19-20]
- A. Restriction endonuclease B. Amylase  
C. Polymerase D. Phosphorylase  
[Ans C] Why গুরুত্বপূর্ণ কিছু এনজাইম ও সহযোগী প্রোটিন যাদেরকে একত্রে বলা হয় রিপ্লিকেশন কমপ্লেক্স বা রিপ্লিসোম। রিপ্লিসোমের প্রধান এনজাইম হলো DNA পলিমারেজ।
02. কোলিসিন কোন ধরনের কোষকে ধ্বংস করতে পারে? [MBSTU: B, 17-18]
- A. *B. thuringiensis* B. *Coli*  
C. *Cerevisiae* D. *V. Cholerae* [Ans D]

## ☆ BSMRSTU ☆

01. ত্রিবিণ্ডসিন উৎপাদনকারী জিন কোন প্লাসমিড এ থাকে? [BSMRSTU: Unit-C, 19-20]  
A. F প্লাসমিড B. R প্লাসমিড C. কোল প্লাসমিড D. কোনটিই নয়

**Ans C Why** • R প্লাসমিড: এসব প্লাসমিডে অ্যান্টিবায়োটিক ক্ষমতাসম্পন্ন জিন থাকে। R<sub>6</sub> প্লাসমিড ৬টি গুরুত্বপূর্ণ অ্যান্টিবায়োটিক প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন।

- F প্লাসমিড: এসব প্লাসমিড একটি ব্যাকটেরিয়া থেকে অন্য ব্যাকটেরিয়াতে জেনেটিক উপাদান স্থানান্তর করার জন্য দায়ী।
- F এবং F' প্লাসমিড: ব্যাকটেরিয়ার দেহে Pili তৈরি করে, যা যৌজননে সাহায্য করে।

## ☆ PUST ☆

01. কোনটি ব্যবহার করে রিকম্বিনেন্ট DNA শনাক্ত করা হয়? [PUST: A, 19-20]  
A. Gene cloning B. DNA probe  
C. DNA fingerprinting D. Gene therapy

**Ans B Why** DNA প্রোব বা জেনেটিক প্রোবের মাধ্যমে রিকম্বিনেন্ট DNA প্রস্তুত করা কাজটি সফল হয়েছে কিনা বা DNA তে জিনের সিকোয়েন্স সঠিক আছে কিনা জানা যায়।

## ☆ NSTU ☆

01. কোন প্লাজমিডে অ্যান্টিবায়োটিক প্রতিরোধী জিন থাকে? [NSTU: Unit-A, 19-20; JU: 17-18]  
A. F B. TOL C. R D. OCT

**Ans C Why** • F ও F' প্লাসমিড ব্যাকটেরিয়া দেহে Pili তৈরি করে, যা যৌজননে সাহায্য করে।

- R প্লাসমিডে অ্যান্টিবায়োটিক ক্ষমতাসম্পন্ন জিন থাকে।
- কোল প্লাসমিডে কোলিসিন উৎপাদনকারী জিন থাকে।

## ☆ PSTU ☆

01. রেস্ট্রিকশন এনজাইম কি কাজে ব্যবহৃত হয়? [PSTU: 18-19]  
A. জিনোম সিকোয়েন্স B. জিন ক্লোনিং  
C. ডিএনএ কর্তন করতে D. এমিনো এসিড জোড়া লাগতে

**Ans C Why** যে এনজাইম প্রয়োগ করে DNA অণুর সুনির্দিষ্ট সিকোয়েন্স-এর একটি অংশ কেটে নেয়া যায় ঐ এনজাইমকে রেস্ট্রিকশন এনজাইম বলে। DNA-ligase এনজাইম ব্যবহার করে কাঙ্ক্ষিত DNA খণ্ডকে প্লাসমিড DNA-এর সাথে সংযুক্ত করা হয়।

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

## ☆ MAT ☆

01. ট্রান্সজেনিক প্রাণি থেকে নিম্নের কোনটি প্রথম উৎপাদিত হয়? [MAT: 10-11]  
A. Lactoferrin  
B. Human interleukin-2  
C. Human tissue-type plasminogen activator  
D. Human  $\alpha$  antitrypsin

**Ans D**

## ☆ DAT ☆

01. রিকম্বিনেন্ট DNA তৈরী করা জন্য নিচের কোন এনজাইমটির প্রয়োজন হয়? [DAT: 18-19]  
A. DNA polymerase B. Restriction  
C. DNA ligase D. RNA polymerase

**Ans C**

## □ CONCEPT 04

## জীবপ্রযুক্তির গুরুত্ব

কৃষি ক্ষেত্র	চিকিৎসা ক্ষেত্র
<p><b>ট্রান্সজেনিক উদ্ভিদ</b></p> <p><i>Bacillus thuringiensis</i> নামক ব্যাকটেরিয়া থেকে একটি জিন যোগ করার মাধ্যমে ট্রান্সজেনিক তুলা গাছ সৃষ্টি করা হয়েছে যাতে বিষাক্ত প্রোটিন থাকে ফলে পোকা আক্রমণ করতে পারে না।</p> <p>গ্লাইফসেট একটি আগাছা নিধনকারী পদার্থ যা পৃথিবীর সবচেয়ে মারাত্মক যা ৭৮টি আগাছার মধ্যে ৭৬টি ধ্বংস করতে পারে।</p>	<p>ইনসুলিন</p> <ul style="list-style-type: none"> <li>• ইনসুলিন একটি হরমোন যা অগ্ল্যাশয় বিটা-কোষ হতে নিঃসৃত হয় এবং রক্তে বিদ্যমান গ্লুকোজের উচ্চমাত্রাকে কমিয়ে স্বাভাবিক মাত্রায় নিয়ে আসে।</li> <li>• ইনসুলিন উৎপাদনকারী জিন ১৫৩টি বেস নিয়ে গঠিত এবং ১১ নং ক্রোমোসোমে থাকে।</li> <li>• ইনসুলিন ৫১টি অ্যামাইনো এসিড নিয়ে গঠিত ক্ষুদ্রাকার সরল প্রোটিন।</li> <li>• আমেরিকার Eli Lilly &amp; Company, যা ১৯৮২ সালে প্রথম বাজারজাত করা হয় হিউমুলিন নামে। ফার্মেন্টেশন ট্যাংক থেকে ইনসুলিন উৎপাদনকারী <i>E.coli</i> নিয়ে ইনসুলিন সংগ্রহ করা হয় এবং তা উপযুক্ত এম্পলে বাজারজাত করা হয়।</li> </ul> <p><b>জেনে রাখা ভালো:</b></p> <ul style="list-style-type: none"> <li>• বাংলাদেশে ব্যাপকভাবে ব্যবহৃত Mixtard ইনসুলিন ডেনমার্কের Novo Nordisk A/S ওষুধ কোম্পানি কর্তৃক জীব প্রকৌশল প্রক্রিয়ায় উৎপন্ন ও বাজারজাতকৃত।</li> </ul>
<p><b>গুণগত মান উন্নয়ন</b></p> <p>রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির মাধ্যমে সূর্যমুখীর সালফার অ্যামিনো অ্যাসিড সৃষ্টিকারী জিন <i>Agrobacterium tumefaciens</i> ব্যাকটেরিয়ার প্লাসমিড DNA-এর মাধ্যমে ক্রোভার ঘাসে স্থানান্তর করা হয়েছে। ফলে খাদ্য হিসেবে কেবল ঐ ঘাস খেলেই ভেড়ার লোম উন্নতমানের হচ্ছে।</p>	<p>ইন্টারফেরন</p> <ul style="list-style-type: none"> <li>• ইন্টারফেরন হলো প্রতিরক্ষামূলক প্রোটিন।</li> <li>• ইন্টারফেরনের আণবিক ওজন ২০০০০-৩০০০০ ডালটন।</li> <li>• বর্তমানে ক্লোন জিনকে প্লাজমিড বাহকের মাধ্যমে <i>Saccharomyces cerevisiae</i> এর কোষে ঢুকিয়ে ইন্টারফেরন উৎপাদিত হচ্ছে।</li> <li>• প্রতি কোষে প্রায় ১ মিলিয়ন (১০ লক্ষ) অণু ইন্টারফেরন তৈরি হয় এবং <i>E.coli</i> এর ভেতরে <math>1 \times 10^5</math> অণু তৈরি হয়।</li> <li>• কোনো দেহকোষ বিশেষ ভাইরাস দ্বারা সংক্রমিত হলে তার প্রতি সাড়া দিয়ে সংক্রমিত কোষ ইন্টারফেরন নামক রাসায়নিক পদার্থ (গ্লাইকো-প্রোটিন) নিঃসরণ করে।</li> <li>• বিশুদ্ধকৃত ইন্টারফেরন (Betaferon) বিশেষ পদ্ধতিতে সংরক্ষণ ও বাজারজাত করা হয়।</li> </ul> <p>□ ইন্টারফেরনের কাজ:</p> <ul style="list-style-type: none"> <li>• অনাক্রম্যতন্ত্রকে নিয়ন্ত্রণ করতে।</li> <li>• B ও T লিম্ফোসাইটের সংখ্যা বৃদ্ধিকে দমন করতে।</li> <li>• ভাইরাসজনিত অসুখে অত্যন্ত কার্যকর ভূমিকা পালন করতে।</li> <li>• NK কোষ এর ক্ষমতা ও বংশবৃদ্ধির মাধ্যমে ক্যান্সার কোষের সংখ্যা বৃদ্ধিকে বাধা দিতে।</li> </ul>

কৃষি ক্ষেত্র		চিকিৎসা ক্ষেত্র	
সুপার রাইস	<i>Japonica</i> টাইপ ধানে, ড্যাফোডিল থেকে বিটা ক্যারোটিন তৈরির চারটি জিন এবং অতিরিক্ত আয়রন তৈরির তিনটি জিন প্রতিস্থাপন করেন। এই ধানের ভাত মানুষ ভিটামিন-A এর অভাবজনিত কারণে আর অন্ধ হবে না এবং মায়েরা দেহে রক্তশূন্যতার জন্য সৃষ্ট বিভিন্ন রোগ থেকে রেহাই পাবে।	টিস্যু প্লাসমিনোজেন অ্যাকটিভেটর (Tissue Plasminogen Activator = TPA)	TPA প্লাজমিনোজেনকে কর্মক্ষম অবস্থায় আনে। ফলে জমাটবাধা রক্ত গলে যায়।
রোগ প্রতিরোধক্ষম জাত উদ্ভাবনে	ভাইরাস, ব্যাকটেরিয়া, ছত্রাক ও নানা ধরনের কীট-পতঙ্গ প্রতিরোধক্ষম জাত উদ্ভাবনে রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির ফলে সাফল্য অর্জিত হয়েছে। উদাহরণ: Bt বেগুন, ভুলা	ইরিথ্রোপোইটিন (EPO)	EPO বোনম্যারোতে প্রবেশ করে RBC তৈরিতে সহায়তা করে।
নাইট্রোজেন সংবন্ধনে	বায়বীয় নাইট্রোজেন সংবেদনকারী ব্যাকটেরিয়া হতে 'নিফ জিন' (যা নাইট্রোজেন সংবন্ধনের জন্য দায়ী) <i>E. coli</i> ব্যাকটেরিয়াতে স্থানান্তর করা সম্ভব হয়েছে। আশা করা হচ্ছে 'নিফ জিন' বাহী ব্যাকটেরিয়ার ব্যবহার জমিতে নাইট্রোজেন ঘটিত সার প্রয়োগ কমাতে বা একেবারে বন্ধ করতে পারবে।	জীন থেরাপি	কোন নির্দিষ্ট রোগ উৎপাদনের জন্য দায়ী ক্রটিপূর্ণ জীনকে সঠিক করার পদ্ধতি জীন থেরাপি।
দ্যুতিময় উদ্ভিদ সৃষ্টি	জোনাকি পোকাক দেহে লুসিফারিজ নামক এনজাইমের প্রভাবে 'লুসিফেরিন' নামক পদার্থ ক্ষরিত হয়ে আলোর বিচ্ছুরণ ঘটে।	মলিকুলার ফার্মিং	ট্রান্সজেনিক প্রাণী উদ্ভাবনের মাধ্যমে তাদেরকে বায়ো-রিঅ্যাক্টর হিসেবে ব্যবহার করা হচ্ছে। এ ধরনের প্রাণী থেকে প্রাপ্ত দুধ, রক্ত ও মলমূত্র থেকে প্রয়োজনীয় ওষুধ আহরণ করা হয়ে থাকে।
বীজহীন ফল সৃষ্টিতে	রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির ব্যবহার করে বর্তমানে সারা বিশ্বের অনেক দেশে বীজহীন ফল সৃষ্টি করা হচ্ছে: যেমন- জাপানে বীজহীন তরমুজ উদ্ভাবন এ প্রযুক্তিরই এক প্রতিফলন।	বায়োফার্মিং	যখন ফার্মাসিউটিক্যাল দ্রব্য বড় মাত্রায় উৎপাদন করা হয় তখন তাকে বায়োফার্মিং বলে।
ট্রান্সজেনিক প্রাণী বা GM প্রাণী সৃষ্টি	রিকম্বিনেন্ট DNA প্রযুক্তির সাহায্যে ট্রান্সজিন সন্নিবেশিতকরণের মাধ্যমে সৃষ্ট কাল্পনিক বৈশিষ্ট্যযুক্ত প্রাণীকে ট্রান্সজেনিক প্রাণী বা GM প্রাণী বলা হয়।	পরিবেশ ব্যবস্থাপনা	অণুজীবের সহায়তায় দুধের কারখানা থেকে নির্গত বর্জ্য থেকে ল্যাকটিক অ্যাসিড তৈরি করা হয়। কাগজ ও কাগজের মণ্ড এবং নির্গত বর্জ্য পদার্থে <i>Torula</i> নামক ইস্ট জন্মায় যার মধ্যে প্রচুর আমিষ থাকে। <i>Saccharomyces cerevisiae</i> এবং <i>Torula utilis</i> বর্জ্য পদার্থের মধ্যে জন্মায়। এদের থেকে অ্যামিনো অ্যাসিড পাওয়া যায়।
কীট-পতঙ্গ রোধী উদ্ভিদ সৃষ্টি	<i>Bacillus thuringiensis</i> (Bt) নামক মুক্তিকাবাসী বড় ব্যাকটেরিয়ার মাধ্যমে উদ্ভিদ তৈরি করা হয়েছে যা কীট-পতঙ্গনাশক।	সমুদ্রে তেল নির্গমন	<i>Pseudomonas</i> , <i>Nocardia</i> , <i>Mycobacteria</i> , বিশেষ ধরনের ইস্ট ও মোন্ড জাতীয় ছত্রাক হাইড্রোক্যার্বন অক্সিডাইজিং অণুজীব হিসেবে কাজ করে থাকে। যা দ্বারা সমুদ্রের তেল নির্গমন করা হয়।
		পয়ঃবর্জ্য বা সিউয়েজ আণ্ডিকরণ	<i>Zooglea ramigera</i> ব্যাকটেরিয়াম এ কাজে ব্যবহৃত হয়। এন্টিভেটেড স্ল্যাজ পদ্ধতিতে সিউয়েজ পরিশোধন করা হয়।

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

- ❖ উন্নত শস্যজাত উৎপাদনের জন্য ব্যবহৃত পদ্ধতিগুলো কি কি?

[RU. Unit-C, 19-20]

উত্তর: উন্নত শস্যজাত উৎপাদনের জন্য ব্যবহৃত পদ্ধতি:

i. কৃত্রিম সংকরায়ন ii. টিস্যু কালচার iii. জেনেটিক ইঞ্জিনিয়ারিং iv. জিন ক্লোনিং।

- ❖ ট্রান্সজেনিক প্রাণী উদ্ভাবনের প্রক্রিয়া সংক্ষেপে বর্ণনা কর।

[PUST. Unit-A, 19-20]

উত্তর: প্রথমে প্রাণী হতে গ্যামেটস (শুক্রাণু, ডিম্বাণু ও জাইগোট) সংগ্রহ করে, মাইক্রোইনজেকশন পদ্ধতিতে DNA প্রবেশ করানো হয়। জন গঠিত হলে সেটি পুনরায় প্রাণীর জরায়ুতে সংস্থাপন করা হয়। এভাবে জন্মানো প্রাণীকে ট্রান্সজেনিক প্রাণী বলা হয়।

- ❖ মলিকুলার ফার্মিং কী?

উত্তর: ট্রান্সজেনিক প্রাণীদের দুধ, রক্ত ও মূত্র থেকে ওষুধ আহরণকে বলে মলিকুলার ফার্মিং।

## ♦ ট্রান্সজেনিক উদ্ভিদ কাকে বলে?

উত্তর: প্রচলিত সংকরায়ন পদ্ধতিতে কাজীকৃত বৈশিষ্ট্য সবক্ষেত্রে উদ্ভিদে সংযোজন করা সম্ভব হয় না। রিকম্বিনেন্ট DNA প্রযুক্তিতে নানা ধরনের অণুজীব, উদ্ভিদ ও প্রাণী হতে সংগৃহীত জিন আবাদকৃত ভ্রূণ বা কোষে প্রবেশ করে চাহিদা মতো জিনোম তৈরি করে আগাছানাশকরোধী, পতঙ্গরোধী, উন্নত পুষ্টিমান সম্পন্ন ফসলী উদ্ভিদ তৈরিকে ট্রান্সজেনিক উদ্ভিদ বলে।

## ♦ ইন্টারফেরন কী?

উত্তর: ইন্টারফেরন হলো এক ধরনের উচ্চ আণবিক ওজন সম্পন্ন প্রোটিন যা ক্যান্সার কোষের বৃদ্ধি ও ভাইরাসের বংশবৃদ্ধিতে বাধা দেয়।

## ♦ নিফ জিন কী?

উত্তর: বায়বীয় নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটেরিয়া হতে 'নিফ জিন' (যা নাইট্রোজেন সংবন্ধনের জন্য দায়ী) *E. coli* ব্যাকটেরিয়াতে স্থানান্তর করা সম্ভব হয়েছে। 'নিফ জিন' বাহী ব্যাকটেরিয়ার ব্যবহার জমিতে নাইট্রোজেন ঘটিত সার প্রয়োগ কমাতে বা একেবারে বন্ধ করতে পারবে। ফলে ফসলের উৎপাদন খরচ কমবে এবং পরিবেশ দূষণ রোধ হবে।

## ♦ সুপার বাগ কী?

উত্তর: *Pseudomonas aeruginosa* তেলের সারফেস টেনসন কমিয়ে মুক্ত করতে সাহায্য করে। জিন প্রকৌশল প্রযুক্তিতে উৎপন্ন কিছু ব্যাকটেরিয়া তেল দূষণ মুক্তকরণের কাজে অত্যন্ত কার্যকর বলে প্রতীয়মান হয়েছে। এরূপ ব্যাকটেরিয়া "সুপার বাগ" পেটেন্ট নামে আমেরিকায় নিবন্ধিত। সুপার বাগ, *Nocardia*, কিছু ইস্ট ও মোল্ড জাতীয় ছত্রাক একাধিক ধরনের হাইড্রোকার্বন ভেঙে দিতে সক্ষম।

## ♦ GM ফসল কী?

উত্তর: জেনেটিক মডিফিকেশনের মাধ্যমে বিভিন্ন ফসলের রোগ-বালাই প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে যে ফসল উৎপাদন করা হয় তাকে GM ফসল বলে। [ঘ. বো. ২০১৯]

## ♦ Bt বেগুন কী?

উত্তর: *Bacillus thuringiensis* নামক একটি সয়েল ব্যাকটেরিয়া থেকে ক্রিস্টাল প্রোটিন জিন (CryIAc) বেগুনের জিনোমে অন্তর্ভুক্ত করে উৎপন্ন বেগুনের নাম দেয়া হয়েছে Bt-বেগুন। [কু. বো. ২০১৭]

## ♦ ট্রান্সজেনিক প্রাণী ও ক্লোন প্রাণীর মধ্যে পার্থক্য লিখ?

উত্তর: ট্রান্সজেনিক প্রাণী ও ক্লোন প্রাণীর মধ্যে পার্থক্য :

পার্থক্যের বিষয়	ট্রান্সজেনিক প্রাণী	ক্লোন প্রাণী
প্রবেশ প্রক্রিয়া	ট্রান্সজেনিক প্রাণীর ক্ষেত্রে শুক্রাণু বা ডিম্বাণু বা জাইগোট বাহির থেকে জিন বা DNA প্রবেশ করানো হয়	ক্লোন প্রাণীর ক্ষেত্রে একটি অনিষিক্ত ডিম্বাণুর নিউক্লিয়াস অপসারণ করে উক্ত অনিষিক্ত ডিম্বাণুর ভেতর (যে প্রাণীকে ক্লোন করা হবে তার) অন্য প্রাণীর দেহকোষের নিউক্লিয়াস প্রবেশ করানো হয়
জিনগত পার্থক্য	বাহির থেকে জিন বা DNA প্রবেশ করানোতে জিনগত পার্থক্য সৃষ্টি হয়	দুটি প্রাণীর নিউক্লিয়ার জিন একত্রিত হয় না বিধায় জিনগত পার্থক্য সৃষ্টি হয় না
বৈশিষ্ট্যের প্রকাশ	বিশেষ বৈশিষ্ট্যের সমাহার ঘটে	কোনো বিশেষ বৈশিষ্ট্যের প্রকাশ ঘটে না
জিনোমগত প্রকাশ	জিনোমগত পার্থক্য সৃষ্টি হয়	জিনোমগত গঠন হুবহু এক
মিউটেশন বা প্রকরণ	মিউটেশন বা প্রকরণ ঘটে	মিউটেশন বা প্রকরণ ঘটে না
বাহ্যিক বৈশিষ্ট্য	বাহ্যিক বৈশিষ্ট্য প্রকাশে ভিন্নতা দেখা দেয়	বাহ্যিক বৈশিষ্ট্য প্রকাশ হুবহু একইরকম
ব্যবহার	শুক্রাণু, ডিম্বাণু বা এককোষী জাইগোট ব্যবহৃত হয়	কেবল ডিম্বাণুর খোলস ব্যবহৃত হয়



## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

01. মানুষের ডায়াবেটিস রোগ নিয়ন্ত্রণে রাখার ইনসুলিন তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?/ কোনটিতে ইনসুলিন তৈরির জিন সংযোজন করা হয়েছে? [DU. 17-18; KU. 15-16]
- A. *Nostoc* B. *Spirulina*  
C. *E. coli* D. *Bacillus* [Ans C]
02. বাংলাদেশের জি.এম.ফসল বেগুনে কোন ব্যাকটেরিয়ার জিন যোগ করে পোকাকার আক্রমণ থেকে রক্ষা করেছে? [DU. 16-17; D. Board: 16-17]
- A. *Agrobacterium tumefaciens* B. *Bacillus subtilis*  
C. *Bacillus thuringiensis* D. *Bacillus amyloiquefaciens* [Ans C]
03. CryIAc জিনের উৎস কোনটি? [DU. 15-16]
- A. *Agrobacterium tumefaciens* B. *Bacillus thuringiensis*  
C. *Agrobacterium tritici* D. *Bacillus denitrificans* [Ans B]
04. এন্টিবায়োটিক মেট্রাসাইক্লিন এর উৎস- [DU. 14-15]
- A. *Streptomyces aureofaciens*  
B. *Streptomyces venezuelae*  
C. *Bocillus subtilis*  
D. *Cephalosporium acremonium* [Ans B]
05. ইনসুলিন হচ্ছে একটি- [DU. 14-15; MBSTU. 12-13; JU. 11-12; MAT. 05-06; C.B: 16-17]
- A. নিউক্লিক অ্যাসিড B. প্রোটিন/সাধারণ প্রোটিন  
C. অ্যামাইনো অ্যাসিড D. গ্লুকোজ [Ans B]

06. ক্যানথারিডিন নামক গুণ্ডু তৈরির অন্য যে কীটের দেহ ব্যবহৃত হয় তা হলো- [DU. 07-08]
- A. *Tachardia lacca* B. *Bombyx mori*  
C. *Lytta vesicatoria* D. *Apis dorsata* [Ans C]

☆ JnU ☆

01. বাংলাদেশের প্রথম GM উদ্ভিদ কোনটি? [JnU. 16-17, 15-16; All Board, 18-19]
- A. Bt-তুলা A. Bt-কলা C. Bt-ডাল D. Bt-বেগুন [Ans D]
02. জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ ইনসুলিন তৈরিতে কোন এনজাইমটি ব্যবহৃত হয় না? [JnU. 14-15]
- A. DNA Ligase B. DNA Polymerase  
C. Reverse transcriptase D. Restriction endonuclease [Ans C]
03. ট্রান্সজেনিক প্রাণী তৈরী পদ্ধতি কোনটি? [JnU. 10-11; Dj. Board: 16-17]
- A. জীন প্রকৌশল (Genetic Engineering)  
B. মিউটেশন (Mutation)  
C. পরাগায়ন (Pollination)  
D. সংকরায়ন (Hybridization) [Ans A]
04. কোন গুণ্ডু উৎপাদনে জৈব প্রযুক্তি ব্যবহার করা হয় না? [JnU. 09-10]
- A. এন্টিহিস্টামিন B. এন্টিবায়োটিক C. হরমোন D. ভ্যাক্সিন [Ans A]
05. কোন ব্যাকটেরিয়ার প্লাজমিডের মাধ্যমে ক্লোভার ঘাসে সালফারযুক্ত অ্যামাইনো এসিড উৎপাদনের জিন স্থানান্তর করা হয়? [JnU. 08-09; JU: 10-11]
- A. *E. coli* B. *Agrobacterium tumefaciens*  
C. *Bacillus thuringiensis* D. কোনটি নয় [Ans B]

## ☆ JU ☆

01. সুপার রাইসে ক্যারোটিন তৈরির জন্য প্রতিস্থাপিত জিনের সংখ্যা কয়টি? [JU: Unit-D; Set-A/B,19-20]

- A. ২ B. ৩ C. ৪ D. ৫

**Ans C Why** সুইডেনের বিজ্ঞানী Ingo Potrykus ও তার সহযোগীরা উদ্ভাবন করেন সুপার রাইস। তারা Japonica টাইপ ধানে, ডাফোডিল থেকে বিটা ক্যারোটিন তৈরির চারটি জিন এবং অতিরিক্ত আয়রন তৈরির তিনটি জিন প্রতিস্থাপন করেন।

02. ইনসুলিন কয়টি অ্যামাইনো এসিড দ্বারা গঠিত? [JU: D;Set: 05,17-18; RU: 16-17, 12-13]

- A. ৫২ B. ৫১ C. ৩১ D. ৩২
- Ans B**

03. কোন ভিটামিনটি সুপার রাইসে পাওয়া যায়? [JU:D;Set: 03,17-18]

- A. Vitamin A B. Vitamin B
- <sub>2</sub>
- 
- C. Vitaming B
- <sub>6</sub>
- D. Vitamin C
- Ans A**

04. কোনটি রোগ প্রতিরোধী ধানের জাত নয়? [JU:D;Set: 05,17-18]

- A. বি আর ১ B. বি আর ১৪
- 
- C. বি আর ২০ D. বি আর ১৫
- Ans B**

05. Clover কী? [JU:D;Set: 05,17-18]

- A. এক ধরনের পশুর লোম B. এক ধরনের ঘাস
- 
- C. ভেড়ার নাম D. এক ধরনের জিন
- Ans B**

06. কোন উদ্ভিদের উপর গবেষণার জন্য Norman Earnest Borlaug নোবেল শান্তি পুরস্কার পান? [JU:D;Set: 09,17-18]

- A. ধান B. গম C. ভুট্টা D. কাউন
- Ans B**

07. কোন দুটি উদ্ভিদের প্লোটোপ্লাস্টের মিলনে পোম্যাটো উদ্ভিদ করা হয়েছে? [JU: D,16-17]

- A. আলু ও মরিচ B. আলু ও মূলা
- 
- C. আলু ও টমেটো D. মূলা ও টমেটো
- Ans C**

08. মানব দেহের প্রোটিন জাতীয় রাসায়নিক প্রতিরক্ষামূলক অস্ত্র কোনটি? [JU:D, 15-16]

- A. ইনসুলিন B. হরমোন
- 
- C. ইথানল D. ইন্টারফেরনস
- Ans D**

09. হিউমলিন কি? [JU:D, 13-14]

- A. মানব ইনসুলিন B. মানব এনজাইম
- 
- C. α-ইনসুলিন D. β-ইনসুলিন
- Ans A**

10. ফ্রাইব্রিনোজেন নামক প্রোটিনের কাজ কি? [JU:D, 11-12]

- A. রক্তনালীর ভিতর রক্ত জমাট B. পোড়া ও শল্য চিকিৎসা
- 
- C. করোনারী প্রম্বসিস D. মলাশয় ক্যাম্পার
- Ans B**

11. করোনারী প্রম্বসিস রোগে কোন প্রোটিন ব্যবহৃত হয়? [JU:D, 11-12]

- A. ফার্টিলিটি হরমোন B. আলফা-1 এন্টিট্রিপসিন
- 
- C. ইন্টারবিউটালিন-2 D. কোলাজেন
- Ans B**

12. কোলাজেন নামক প্রোটিনের প্রয়োগ ক্ষেত্র কোনটি? [JU:D, 11-12]

- A. রক্তনালীর ভিতর রক্ত জমাট B. পোড়া ও হাড় ভাঙ্গা
- 
- C. রক্তাঙ্গতা D. মলাশয় ক্যাম্পার
- Ans B**

13. এন্টিথ্রমিন প্রয়োগের সঠিক ক্ষেত্র কোনটি? [JU:D, 10-11]

- A. রক্তাঙ্গতা B. মলাশয় ক্যাম্পার
- 
- C. করোনারী প্রম্বসিস D. রক্ত জমাট
- Ans D**

14. ইরিথ্রোমাইসিন প্রস্তুতকারী ব্যাকটেরিয়া কোনটি? [JU:D, 09-10]

- A. P. erythseus B. erythenus
- 
- C. S. erythreus D. C. enytherus
- Ans C**

## ☆ RU ☆

01. ইনসুলিন কোন ধরনের পদার্থ? [RU: 15-16; MBSTU: 15-16]

- A. আমিষ B. চর্বি
- 
- C. শর্করা D. নিউক্লিক এসিড
- Ans A**

02. মানুষের শরীরে ভাইরাস সংক্রমণ ও ক্যান্সার প্রতিরোধ ব্যবহৃত হয় কোনটি? [RU: 15-16]

- A. ইন্টারফেরন B. ইনসুলিন
- 
- C. সোম্যাটোস্ট্যাটিন D. গ্লোবিউলিন
- Ans A**

03. সমুদ্রের পানিতে তেলের স্তর শোধনে ব্যবহৃত হয়- [RU: 15-16]

- A. Rhizobium B. Clostridium
- 
- C. Pseudomonas D. Nostoc
- Ans C**

04. বর্তমানে ক্যান্সার চিকিৎসায় কোনটি ব্যবহৃত হচ্ছে? [RU: G, 15-16]

- A. অ্যান্টিবডি B. অ্যান্টিবায়োটিক
- 
- C. ইন্টারফেরন D. ভ্যাক্সিনেশন
- Ans C**

05. M-37 W সংকেতটি কিসের? [RU: C; Set-1, 13-14]

- A. জেনেটিক্যালি মডিফাইড ধান B. জেনেটিক্যালি মডিফাইড গম
- 
- C. জেনেটিক্যালি মডিফাইড ভুট্টা D. জেনেটিক্যালি মডিফাইড মাছ
- Ans C**

06. ভাইরাস কর্তৃক আক্রান্ত হলে মানবদেহের কোন নিচের কোনটি দ্বারা প্রতিরোধ তৈরি করে? [RU: 13-14]

- A. IgA B. ইমিউনোগ্লোবিউলিন
- 
- C. ইন্টারফেরন D. বায়োসেন্সর
- Ans C**

07. ট্রান্সজেনিক প্রাণীর কোন অংশ থেকে ঔষধ আহরণ করা হয় না? [RU: 12-13]

- A. দুধ B. রক্ত C. মূত্র D. মাংস
- Ans D**

08. Bacillus subtilis অনুজীবটি কোন্ এনজাইম উৎপাদন করে? [RU: 11-12]

- A. আলফা অ্যামাইলেজ B. প্রোটিনেজ
- 
- C. লাইপেজ D. অ্যাসিচ ফসফাটোজ
- Ans A**

09. ইন্টারফেরন কি? [RU: 11-12, C<sub>1</sub> 10-11, C.B. 2015]

- A. আমিষজাতীয় রাসায়নিক পদার্থ B. এক ধরনের হরমোন
- 
- C. শ্বেতসার জাতীয় রাসায়নিক পদার্থ D. পিগুরসের একটি উপাদান
- Ans A**

10. কত সালে সর্বপ্রথম ট্রান্সজেনিক পশু উদ্ভাবিত হয়? [RU: 11-12]

- A. ১৯৬৮ B. ১৯৭৮ C. ১৯৮৮ D. ১৯৯৮
- Ans C**

11. হিউমলিন হল মানব ইনসুলিনের- [RU: 09-10]

- A. উৎপাদন B. বিক্রয়
- 
- C. উৎপাদন ও বিক্রয় D. বাণিজ্যিক উৎপাদন ও বিক্রয়
- Ans D**

12. ইনসুলিনের গঠন আবিষ্কৃত হয়- [RU: 09-10]

- A. ১৯৫৩ B. ১৯৪৭ C. ১৯৮২ D. ১৯১৬
- Ans D**

13. Interferon এর আণবিক ওজন কত কিলোডাল্টন? [RU: 09-10]

- A. ১-২ B. ২-৩ C. ৩-৪ D. ৪-৫
- Ans B**

14. বাণিজ্যিকভাবে ইনসুলিন উৎপাদনে প্রধানত কোন অনুজীব ব্যবহৃত হয়? [RU: 08-09]

- A. ভাইরাস B. ব্যাকটেরিয়া/Escherichia
- 
- C. ছত্রাক D. প্রোটোজোয়া
- Ans B**

15. নিম্নের কোনটি জিন প্রযুক্তির সাহায্যে উৎপাদন করা হয়? [RU: F1, 08-09]

- A. প্লাস্টিক B. পাউরুটি C. সয়াবিন D. ইনসুলিন
- Ans D**

16. সর্বপ্রথম ট্রান্সজেনিক প্রাণি উদ্ভাবনের প্রচেষ্টা সফল হয় কোন সালে? [RU: 08-09]

- A. ১৯৭০ B. ১৯৭২ C. ১৯৭৬ D. ১৯৮২
- Ans D**

## ☆ CU ☆

01. লাইপেজ এনজাইম তৈরিতে কোন অণুজীব ব্যবহৃত হয়? [CU: 17-18]

- A. Aspergillus B. Penicillium chrysogenum
- 
- C. Bacillus cereus D. Endothia parasitica
- Ans B**

02. নিম্নের কোনটি জিন প্রযুক্তির সাহায্যে উৎপাদন করা হয়?/Recombinant DNA technology ব্যবহার করে নিচের কোনটি উৎপাদন সম্ভব হচ্ছে? [CU: 12-13; JU: 13-14; RU: 09-10, 08-09; IU: 11-12]

- A. প্লাস্টিক B. পাউরুটি C. সয়াবিন D. ইনসুলিন
- Ans D**

03. ইনসুলিনের কাজ কোনটি? [CU: 12-13; SUST: 09-10]

- A. রক্তের গ্লুকোজের পরিমাণ কমানো
- 
- B. ডায়াবেটিস নিয়ন্ত্রণ করা
- 
- C. রক্তের গ্লুকোজকে কোষে প্রবেশকরণে সহায়তা প্রদান
- 
- D. রক্তের গ্লুকোজের পরিমাণ বাড়ানো
- Ans A**

## ☆ KU ☆

01. সুপার রাইস এ থাকে- [KU: 17-18; RU: 13-14; JU: 17-18; Ctg.Board: 17-18]

- A. ভিটামিন-A B. ভিটামিন-B
- <sub>1</sub>
- 
- C. ভিটামিন-C D. ভিটামিন-D
- Ans A**

02. গোল্ডেন রাইসে কোন ভিটামিন থাকে? [KU: A, 17-18]

- A. এ B. বি C. সি D. ডি
- Ans A**

03. মানুষের ডায়াবেটিস রোগ নিয়ন্ত্রণ রাখার ইনসুলিন তৈরিতে কোনটি ব্যবহৃত হয়? [KU: L, 15-16]

- A. Nostoc B. Spruling C. E. coli D. Bacillus
- Ans C**

## ☆ IU ☆

01. Bt বেগুনের 'Bt' বলতে— [IU: D, 17-18]  
A. Bangladesh transgenic B. Bacterium transformed  
C. *Bacillus trumefaciens* D. কোনোটাই নয় [Ans D]
02. রোগ প্রতিরোধী Bt-বেগুন উৎপাদনে Bt শব্দটি এসেছে— [IU: 15-16]  
A. *Bacillus thuringiensis* B. *Bacillus anthracis*  
C. *Bacillus subtilis* D. কোনটিই নয় [Ans A]
03. কোনটি বায়োটেকনোলজি এর গুরুত্ব? [IU: 15-16]  
A. জিনগত ব্যাধি সনাক্তকরণ ও নিরাময়  
B. রোগ-ব্যাধি সনাক্তকরণের জন্য অ্যান্টিবডি উৎপাদন  
C. রোগ-পতঙ্গ-বালাইনাশক প্রতিরোধী উদ্ভিদ উৎপাদন  
D. উপরের সবগুলো [Ans D]
04. জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রযুক্তির প্রয়োগ ক্ষেত্র কোনটি? [IU: 02-03]  
A. হরমোন বৃদ্ধি ও ইনসুলিন উৎপাদনে।  
B. রোগ বালাই প্রতিরোধী ফসলের জাত উদ্ভাবন।  
C. উন্নততর প্রোটিন সমৃদ্ধ ফসলের জাত উদ্ভাবন।  
D. সবগুলোই। [Ans D]

## STEP 02 ANALYSIS OF SCIENCE &amp; TECHNOLOGY QUESTION

## ☆ SUST ☆

01. জীব প্রযুক্তিতে উদ্ভাবিত ইনসুলিন প্রস্তুতিতে সাধারণত কোন অণুজীব ব্যবহৃত হয়? [SUST: Unit-A, 19-20]  
A. *Streptococcus* B. *Agrobacterium*  
C. *E. Coli* D. *Penicillium*  
E. *Rhizobium*  
[Ans C Why] রিকমিনেট প্রযুক্তির মাধ্যমে *E. Coli* থেকে ইনসুলিন তৈরি করা হয়।

## ☆ JUST ☆

01. নিম্নের কোনটির ক্ষেত্রে সুপার রাইসের ভূমিকা আছে? [JUST: 17-18]  
A. ডায়াবেটিস নিয়ন্ত্রণ B. ভিটামিনের ঘাটতি পূরণ  
C. ক্যান্সার প্রতিরোধ D. হৃদরোগ প্রতিরোধ [Ans B]

## ☆ MBSTU ☆

01. সর্বপ্রথম বাজারজাত করা ইনসুলিনের নাম কি? [MBSTU: B, 2016-17]  
A. ইনসুমাভিন B. হিউমুলিন C. হিউলিন D. ইনসুবিন [Ans B]

## ☆ BSMRSTU ☆

01. নিচের কোন জাতটি ধানের রোগ প্রতিরোধী জাত? [BSMRSTU: Unit-C, 19-20]  
A. মালা B. শাহী বালাম C. গাজী D. শ্রাবনী  
[Ans B ও C Why] রোগ-প্রতিরোধী ধানের জাত: গাজী (BR-14), মুক্তা (BR-10), মোহিনী (BR-15), শাহী বালাম (BR-16)
02. জেনেটিক্যালি মডিফাইড M-37 কী? [BSMRSTU: Unit-C, 19-20; JU: 17-18]  
A. ধান B. গম C. কলা D. পাট  
[Ans B Why] • যেসব খাদ্যদ্রব্য গাছের আমরা নিজেদের প্রয়োজনে জিনগত পরিবর্তন করি, সেগুলোকেই বলে জেনেটিক্যালি মডিফাইড ফুড (GM Food)। কোনো একটা গাছের জিন পরিবর্তন করা হয় তার DNA-র মধ্যে অন্য জীবের (গাছ ভাইরাস বা ব্যাকটেরিয়া) জিন ঢুকিয়ে।  
• নোবেলজয়ী বিজ্ঞানী Horman E. Borlaug গম গাছের জনন প্রকৃতি আবিষ্কার করেন। লম্বা গম গাছে যখন প্রচুর গম ধরতো, তখন তার ভায়ে গম গাছ নিজেই উল্টে যেতো। এটা দূর করার জন্য Dr. Borlaug 'বামন' গম গাছ খুঁজে বের করেন। যার কাণ্ড ছোট, খুব শক্ত এবং ফলন ভালো।

## ☆ PUST ☆

01. *Treptomyces tenebrarius* থেকে কোন অ্যান্টিবায়োটিক তৈরি করা হয়? [PUST: B, 17-18]  
A. Neomycin B. Streptomycin  
C. Teramycin D. Tobramycin [Ans B]

02. স্বাভাবিক কোন কোষ ভাইরাস দ্বারা আক্রান্ত হওয়ার কতদিন পর ইন্টারফেরন উৎপাদন করা শুরু করে? [PUST: B, 15-16]  
A. ৫-৬ দিন B. ৩-৪ দিন  
C. ৮-৯ দিন D. ২-১ দিন [Ans D]

03. ইনসুলিনের B chain এ কয়টি নিউক্লিওটাইড প্রয়োজন? [PUST: B, 15-16]  
A. ৯০ B. ৯৩ C. ৯৮ D. ৮৮ [Ans A]

## ☆ NSTU ☆

01. উদ্ভিদের পতঙ্গ নিয়ন্ত্রণে নিচের কোন ব্যাকটেরিয়া ব্যবহার করা হয়? [NSTU: Unit-A, 19-20]  
A. *Bacillus subtilis* B. *Bacillus megaterium*  
C. *Bacillus thuringiensis* D. *Clostridium acetobutylium*  
[Ans C Why] কতিপয় ব্যাকটেরিয়া (যেমন : *Bacillus thuringiensis*) বিভিন্ন প্রকার পতঙ্গ নিয়ন্ত্রণে ব্যবহার করা হয়। BT ব্যাকটেরিয়ায় একটি প্রোটিন তৈরী হয় যা কীট পতঙ্গের জন্য বিষাক্ত। জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে এই প্রোটিন তৈরীকারী জিন উদ্ভিদে প্রবেশ করিয়ে দিয়ে পতঙ্গ রোধী করা হয়।
02. সুপারবাগ কোনটি ভাঙতে সক্ষম? [NSTU: Unit-A, 19-20]  
A. Carbonate B. Hydrocarbon  
C. Purine D. Aromatic compound  
[Ans B Why] জিন প্রকৌশল প্রযুক্তিতে উৎপন্ন কিছু ব্যাকটেরিয়া তেল দূষণমুক্ত করতে কার্যকর। এরূপ ব্যাকটেরিয়া আমেরিকায় সুপারবাগ পেটেন্ট নামে নিবন্ধিত। সুপারবাগ, *Nocardia*, কিছু ঈস্ট ও মোল্ট জাতীয় ছত্রাক হাইড্রোকার্বন ভেঙ্গে দিতে সক্ষম।

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

## ☆ MAT ☆

01. কোন প্রযুক্তিতে ইনসুলিন তৈরী করা হয়? [MAT: 17-18]  
A. জীন ক্লোনিং B. ডিএনএ রিকমিনেন্ট  
C. টিস্যু কালচার D. এক্সপ্লান্ট কালচার [Ans B]
02. টিকা উৎপাদন করা যায় কোন প্রযুক্তির মাধ্যমে? [MAT: 14-15]  
A. টিস্যু কালচার B. মিউটেশন  
C. জীবপ্রযুক্তি D. হাইব্রিডাইজেশন [Ans C]
03. ইন্টারফেরনের কাজ নয় কোনটি? [MAT: 04-05]  
A. অনাক্রম্যতন্ত্রকে নিয়ন্ত্রণ করা  
B. অ্যান্টিবডি উৎপাদনে বাধা দেয়া  
C. হরমোন উৎপাদনে সাহায্য করা  
D. ND কোষ এর ক্ষমতা ও বংশবৃদ্ধি করা [Ans C]

## ☆ DAT ☆

01. কোন প্রযুক্তি ইনসুলিন তৈরিতে ব্যবহার করা হয়? [DAT: 19-20]  
A. টিস্যু কালচার B. এক্সপ্লান্ট কালচার  
C. জীন ক্লোনিং D. ডিএনএ রিকমিনেন্ট  
[Ans D Why] রিকমিনেন্ট ডিএনএ প্রযুক্তি ব্যবহার করে বিভিন্ন ধরনের টিকা, হরমোন, অ্যান্টিবডি ও অ্যান্টিজেন উৎপাদন করা হচ্ছে। যেমন— ইনসুলিন, ইন্টারফেরন, টিস্যু প্রাজমিনোজেন, অ্যাকটিভেটর (TPO), ইরিথ্রোপোয়েটিন (EPO) প্রভৃতি।
02. নিচের কোনটি ভাইরাসকে নিষ্ক্রিয় করতে পারে? [DAT: 19-20]  
A. রাইবোজোম B. ইন্টারফেরন C. হরমোন D. ব্যাকটেরিয়া  
[Ans B Why] ইন্টারফেরন হলো প্রতিরক্ষামূলক প্রোটিন যা ভাইরাস সংক্রমিত কোষ থেকে নিঃসৃত হয়ে আক্রমণকারী ভাইরাসের প্রোটিন সংশ্লেষণ বন্ধ করে দিয়ে তাকে নিষ্ক্রিয় করে দেয়। ইন্টারফেরন প্রয়োগ করে হেপাটাইটিস-বি হার্পিস সংক্রমণ, প্যাপিলোমা ও জলাতঙ্কের চিকিৎসা করা হচ্ছে।
03. নিচের কোনটি ক্যান্সার রোগের চিকিৎসায় ব্যবহৃত হয়? [DAT: 18-19]  
A. Immunoglobulin B. Histone protein  
C. Interferone D. Heparin [Ans C]

04. নিম্নের কোন তথ্যটি ইন্টারফেরনের জন্য সঠিক?

[DAT. 10-11]

- A. ক্যাস্পার কোষকে ধ্বংস করে  
B. Natural killer cells এর ক্ষমতা কমিয়ে দেয়  
C. B ও T লিম্ফোসাইটের সংখ্যা বৃদ্ধি করে  
D. অ্যান্টিবডি উৎপাদন করে

[Ans A]

05. রিকম্বিনেন্ট ডিএনএ পদ্ধতিতে *E.coli* ব্যাকটেরিয়াকে কাজে লাগিয়ে নিম্নের কোনটি তৈরি করা হয়?

[DAT. 09-10]

- A. পেনিসিলিন B. ইনসুলিন C. ভিটামিন-এ D. রেটিনোল

[Ans B]

06. নিম্নের কোন তথ্যটি সঠিক নয়?

[DAT. 08-09]

- A. ক্যাস্পার কোষ অনিয়ন্ত্রিত ও দ্রুতগতিতে বিভাজিত হয়  
B. ইন্টারফেরন কোন অ্যান্টিবডি নয়  
C. ইনসুলিন রক্তে শর্করার মাত্রা কমায়  
D. হিমোফিলিয়া রোগীর রক্তপাত সহজে বন্ধ হয় না

[Ans D]

## CONCEPT 05

## জিনোম সিকোয়েন্স ও জিন ক্লোনিং

## ◆ Item-01 : জিনোম সিকোয়েন্স

DNA অণুর অনুদৈর্ঘ্যে ATGC বেসগুলো কোন অনুক্রমে (কোনটির পর কোনটি) সজ্জিত থাকে তা হলো জিনোম সিকোয়েন্স, আর এই সিকোয়েন্সটি (সাজানো পদ্ধতি) উদঘাটন করাই হলো জিনোম সিকোয়েন্সিং বা DNA সিকোয়েন্সিং।

- কোনো একটি প্রজাতির একটি নিউক্লিয়াসে ক্রোমোসোমের একটি সেটকে বলা হয় জিনোম।
- মানবদেহে এক জোড়া বা দুইটি জিনোম আছে।
- একটি জীবের জিনোমকে ঐ জীবের মাস্টার ব্লুপ্রিন্ট বলা হয়।
- পাটের বেস পেয়ার ১২০ কোটি।
- বাংলাদেশি বিজ্ঞানী ড. মাকসুদুল আলম ও তার সহযোগীরা তোষা পাটের (*Corchorus olitorius*) জিনোম সিকোয়েন্সিং তথা পাটের জীবনরহস্য উন্মোচন করেছেন।



➤ কয়েকটি জীবের জিনোম সিকোয়েন্সিং তথ্য-

জীবের নাম	ক্রোমোসোম সংখ্যা	জিনসংখ্যা	ক্ষারজোড়
<i>E. coli</i>	১	৩২০০	৪.৬ মিলিয়ন
<i>Haemophilus influenzae</i>	১	১৭০০	১.৮ মিলিয়ন
ঈষ্ট	১৬	৬০০০	১২.১ মিলিয়ন
<i>Arabidopsis thaliana</i> (পুষ্পক উদ্ভিদ)	১০	২৫০০০	১০০ মিলিয়ন
মানুষ	৪৬	২৫০০০ (+বহু অপ্রকাশিত)	৩.২ বিলিয়ন

## ◆ Item-02 : জিনোম ক্লোনিং

কোনো কাঙ্ক্ষিত জিনকে হুবহু কপি করা বা সংখ্যা বৃদ্ধি করাকে বলা হয় জিন ক্লোনিং।

জিন ক্লোনিং-এর জন্য জিন-এর উৎস: তিনটি উৎস থেকে তা পাওয়া যায়-

- বিনা ক্রাইটেরিয়াম (random) তৈরি ক্রোমোসোমের খণ্ড যা ভেক্টর-এ অন্তর্ভুক্ত করা। এগুলো জিন-লাইব্রেরিতে রক্ষিত আছে
- সুনির্দিষ্ট mRNA থেকে রিভার্স ট্রান্সক্রিপশনে করা কমপ্লিমেন্টারি DNA
- গবেষণাগারে অর্গানিক কেমিস্ট্রি কলেক্টর বিশেষ প্রক্রিয়ায় তৈরিকৃত DNA খণ্ড।

PCR (পলিমারেজ চেইন রিঅ্যাকশন): কোষ বহির্ভূত DNA ক্লোনিং এ দ্রুততম পদ্ধতিকে বলা হয় PCR। দ্বিসূত্রক DNA কে 90° সেন্ট্রিফেড তাপমাত্রায় একক সূত্রকে পরিণত করা হয়।

➤ বিভিন্ন প্রকার ক্লোনিং: বিভিন্ন প্রকার ক্লোনিং পদ্ধতি আছে। যথা-

- DNA ক্লোনিং:** রিকম্বিনেন্ট DNA তৈরির মাধ্যমে DNA ক্লোনিং করা হয়। এটি জিন ক্লোনিং নামেও পরিচিত। কোন জীবের কাঙ্ক্ষিত DNA খণ্ড কেটে উপযুক্ত ব্যাকটেরিয়ামের প্লাসমিড DNA তে প্রতিস্থাপন করা হয়, ফলে প্লাসমিড DNA টি একটি রিকম্বিনেন্ট DNA তে পরিণত হয়। উপযুক্ত মাধ্যমে এই রিকম্বিনেন্ট DNA যুক্ত ব্যাকটেরিয়াম আবাদ করলে অল্প সময়ে হাজার হাজার ব্যাকটেরিয়া সৃষ্টি হবে এবং প্রতিটি ব্যাকটেরিয়ামে ঐ কাঙ্ক্ষিত জিন থাকবে। এভাবেই কাঙ্ক্ষিত জিনের অসংখ্য কপি করা হয়।
- রিথ্রোডাকটিভ ক্লোনিং:** জনন পদ্ধতিতে দাতা কোষের DNA এর মাধ্যমে তার হুবহু প্রতিচ্ছবি সম্পন্ন নতুন প্রজন্ম সৃষ্টি করার কৌশল হলো রিথ্রোডাকটিভ ক্লোনিং। ডলি নামক ভেড়ার(১৯৯৬) সৃষ্টি এই পদ্ধতিতে করা হয়েছে।

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

◆ জিনোম সিকুয়েন্সিং বলতে কি বুঝায়?

[RU. Unit-C, 19-20]

উত্তর: DNA অণুর অনুদৈর্ঘ্যে ATGC বেসগুলো কোন অনুক্রমে সজ্জিত থাকে তা হলো জিনোম সিকোয়েন্স, আর এই সিকোয়েন্সটি উদঘাটন করাই হল জিনোম সিকোয়েন্সিং বা DNA সিকোয়েন্সিং।

◆ জিনোম ক্লোনিং কি?

উত্তর: কোনো কাঙ্ক্ষিত জিনকে হুবহু কপি করা বা সংখ্যাবৃদ্ধি করাই হলো জিনোম ক্লোনিং।

◆ DNA প্রোফাইল বলতে কি বুঝায়?

উত্তর: DNA প্রোফাইল হলো একটি অত্যাধুনিক পদ্ধতি যার মাধ্যমে কোষের মধ্যে অবস্থিত ডিএনএ বিশ্লেষণ করে কোনো মানুষের প্রতিকৃতি তৈরি করা হয়। যে প্রতিকৃতি তাকে ভবিষ্যতে সঠিকভাবে শনাক্তে ব্যবহৃত হতে পারে।



# পাটের জিনোম উন্মোচনের স্বপ্নযাত্রা



**ড. হাসিনা খান**  
প্রাণরসায়নবিদ  
'স্বপ্নযাত্রা'র জীববিজ্ঞান দলের প্রধান

**ড. মাকসুদুল আলম**  
জীনবিজ্ঞানী  
'স্বপ্নযাত্রা'র সর্বাধিনায়ক

তোষা পাট

তোষা পাট (*Corchorus olitorius*) থেকে ডিএনএ নিষ্কাশন করা হলো।

পাটের সম্পূর্ণ ডিএনএ


অখণ্ড ডিএনএ কে ভেঙে টুকরো টুকরো করা হলো।

টুকরো টুকরো ডিএনএ


ডিএনএ এর প্রতিটি টুকরো গোল করে জোড়া লাগিয়ে ব্যাক্টেরিয়ার মধ্যে ভরে দেওয়া হলো। এভাবে ব্যাক্টেরিয়ার বংশবৃদ্ধির সাথে সাথে ওই ডিএনএ টুকরোগুলোরও সংখ্যাবৃদ্ধি হলো বহুগুণ।



ব্যাক্টেরিয়া থেকে পাটের ডিএনএর টুকরোগুলো বের করে নিয়ে পরিশোধন করা হলো। তারপর সেগুলো আরো ছোট ছোট টুকরো করে কেটে ৩ নং ধাপের মতো ব্যাক্টেরিয়ার মধ্যে ঢুকিয়ে সংখ্যা বাড়ানো হলো।



এই যন্ত্রে ডিএনএর ছোট ছোট টুকরোর ক্রমই কেবল নির্ণয় করা যায়; বড় বা মাঝারি টুকরোর নয়



**মাহবুব জামান**  
তথ্যপ্রযুক্তিবিদ  
'স্বপ্নযাত্রা'র তথ্যপ্রযুক্তি দলের প্রধান



ব্যাক্টেরিয়া থেকে পাটের ডিএনএর অনেক অনেক ছোট টুকরো বের করে নিয়ে পরিশোধন করা হলো। তারপর একটি যন্ত্রের মাধ্যমে ওই ছোট ছোট টুকরোগুলোর ডিএনএর নিউক্লিওটাইড ক্রম নির্ণয় করা হলো।



কম্পিউটার নেটওয়ার্ক



ডিএনএর কোটি কোটি ছোট টুকরোর ক্রমগুলো মিলিয়ে হিসাব করে ২ নং ধাপে প্রাপ্ত মাঝারি দৈর্ঘ্যের ডিএনএ টুকরোগুলোর ক্রম নির্ণয় করা হলো। অত্যন্ত জটিল এই হিসাব সম্পন্ন করতে বহির্বিশ্বে অনেক দামী সুপার কম্পিউটার ব্যবহৃত হয়, যা আমাদের সাধ্যের বাইরে। কিন্তু আমাদের তথ্যপ্রযুক্তিবিদরা কেবল অনেকগুলো সাধারণ কম্পিউটার জোড়া দিয়ে নেটওয়ার্ক বানিয়ে কাজটা সফলভাবে করে ফেললেন!




## বিডি নিয়োগ.কম

ডিএনএর খসড়া ক্রম

মাঝারি টুকরোগুলোর ক্রম নির্ণয় করা ঠিক আছে কিনা তা যাচাই করা হলো। তারপর সেই ক্রমগুলো হতে পাটের সমগ্র ডিএনএ ক্রম নির্ণয় করা হলো। এটাই পাটের জিনোম। এই ধাপের হিসাবও অনেক জটিল। তবু তা করা সম্ভব হলো আগের মতো কেবল কম্পিউটার নেটওয়ার্ক ব্যবহার করেই।

ডিএনএর চূড়ান্ত ক্রম (জিনোম ক্রম)





## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



### STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

01. মানব জিনোমে ক্ষারক-যুগলের সংখ্যা— [DU: 19-20]

A. ৩ মিলিয়ন B. ৩০ মিলিয়ন C. ৩০০ মিলিয়ন D. ৩০০০ মিলিয়ন

**Ans D Why** কয়েকটি জীবের জিনোম সিকোয়েন্সিং তথ্য:

জীবের নাম	ক্রোমোসোম সংখ্যা	জিনসংখ্যা	ক্ষারজোড়
<i>E.coli</i>	১	৩২০০	৪.৬ মিলিয়ন
<i>Haemophilus influenzae</i>	১	১৭০০	১.৮ মিলিয়ন
Yeast	১৬	৬০০০	১২.১ মিলিয়ন
<i>Arabidopsis thaliana</i> (গুপ্পক উদ্ভিদ)	১০	২৫০০০	১০০ মিলিয়ন
মানুষ	৪৬	২৫০০০	৩.২ বিলিয়ন

02. প্রথম ক্লোন করা স্তন্যপায়ী প্রাণির নাম— [DU: 07-08; IU: 00-01]

A. Poly B. Moly C. Dolly D. Tracy **Ans C**

☆ JU ☆

01. Yeast-এর ক্রোমোসোম সংখ্যা কয়টি? [JU: Unit-D; Set-M,19-20]

A. ৮ B. ১৬ C. ৩২ D. ৬৪

**Ans B Why** কয়েকটি জীবের জিনোম সিকোয়েন্সিং তথ্য: [DU: 19-20] প্রশ্নের ব্যাখ্যা দেখো।

02. বাংলাদেশে পাটের জিনোম আবিষ্কার করেন কে? [JU: 13-14]

A. ড. ফারুক হোসেন B. ড. মাকসুদুল আলম  
C. ড. মাহফুজ রহমান D. ড. ফেরদৌসী কাদরী **Ans B**

03. মানব জীনম প্রকল্পের ধারণা অনুযায়ী জীনোমে কতগুলো নিউক্লিওটাইড ক্ষার রয়েছে? [JU: 11-12]

A. ৩০ লক্ষ B. ৩ কোটি  
C. ৩০ কোটি D. ৩০০ কোটির বেশী **Ans D**

04. প্রথম স্তন্যপায়ী ক্লোন ডলি স্কটল্যান্ডের যে গবেষণাগারের গবেষকবৃন্দ সৃষ্টি করেছিলেন তার নাম কি? [JU: 11-12]

A. মনসান্টো  
B. ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি  
C. রোজলিন ইনস্টিটিউট  
D. বায়োজেন **Ans C**

☆ RU ☆

01. cDNA-এর ক্ষেত্রে কোনটি সঠিক? [RU: 15-16; RU: 13-14]

A. Chromosomal DNA B. Compressed DNA  
C. Cloned DNA D. Complimentary DNA **Ans D**

02. জিন থেরাপিতে বাহক হিসেবে ব্যবহার করা হয়— [RU: D, 15-16]

A. ব্যাকটেরিয়া B. ভাইরাস C. ছত্রাক D. শৈবাল **Ans B**

03. 2013 সালে মেডিসিনে নোবেল পুরস্কার দেওয়া হয় কোন তত্ত্বের উপর? [RU: C; Set:-2, 13-14]

A. কোষের ভেসিকুল ট্রান্সফিকিং-এর উপর  
B. কোষের সিগন্যালিং-এর উপর  
C. কোষের অভ্যন্তরে স্টেরয়েড হরমোনের ট্রান্সপোর্টের উপর  
D. কোষ মেমব্রন গঠনের উপর **Ans A**

04. কোনটি জিনের বৈশিষ্ট্য? [RU: F1, 12-13]

A. রিকমিনেশন B. মিউটেশন C. ট্রান্সফরমেশন D. ফার্মেন্টেশন **Ans B**

05. হিউম্যান জিনোম কোড কোন সালে আবিষ্কৃত হয়? [RU: F1, 04-05]

A. ১৯৯৯ B. ২০০০ C. ২০০১ D. ২০০২ **Ans B**

06. প্রাণির কার্বন-কপি তৈরি হয় কোন পদ্ধতিতে? [RU: 04-05]

A. ক্লোনিং B. সংকরায়ন  
C. পার্থেনোজেনেসিস D. অঙ্গজ জনন **Ans A**

☆ CU ☆

01. বাংলাদেশের বিজ্ঞানীগণ যে উদ্ভিদটির জিনোম সিকোয়েন্স সম্পন্ন করেন তার নাম— [CU: 11-12]

A. *Oryza sativa* B. *Zea mays*  
C. *Corchorus olitorius* D. *Triticum aestivum*  
E. *Pisum sativum* **Ans C**

02. ভেরাশাবক ডলিকে কে ক্লোনিং-এর মাধ্যমে জন্ম দেন? [CU: 10-11]

A. রবার্ট হুক B. ল্যামার্ক  
C. ইয়েন উইলমুট D. দ্য ড্রিস E. জর্জ কুভিয়ে **Ans C**

03. জীন ক্লোনিং কি? [CU: 01-02]

A. অজৈব প্রযুক্তি B. অবিকল ভেড়া সৃষ্টি  
C. DNA এর অবিকল কপি সৃষ্টি D. অবিকল মানুষ সৃষ্টি **Ans C**

☆ KU ☆

01. *E.coli*-এর Chromosome সংখ্যা কয়টি? [KU:L, 15-16]

A. 1 B. 32 C. 46 D. 21 **Ans A**

☆ IU ☆

01. ঈস্টের একটি ক্রোমোসোমে বিদ্যমান জেনেটিক ইনফরমেশনের সংখ্যা— [IU: 13-14]

A. 31, 500 B. 3, 15, 000  
C. 5, 10, 000 D. 4, 50, 000 **Ans B**

02. জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রোডাক্ট— [IU: 11-12]

A. গ্লুকোজ B. অ্যালকোহল C. হিস্টোন D. ইনসুলিন **Ans D**

03. বিশ্বের প্রথম ক্লোন মানব শিশুর উদ্ভাবক— [IU: 02-03]

A. এইচ, জি, খোরানা B. সেভিরিনো এন্টিনোরি  
C. বোই সেলিয়ার D. ওয়াটসন **Ans C**

04. ক্লোনিংয়ের মাধ্যমে সৃষ্ট প্রথম ভেড়ার নাম কি ছিল— [IU: 00-01]

A. মলি B. ডলি C. অর্থা D. মুন্ডন **Ans B**

### STEP 02 ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION

☆ JUST ☆

01. পাটের জিনোম সিকোয়েন্স উদ্ভাবনকারী বিজ্ঞানী— [JUST: Unit-C, 19-20]

A. ড. মাকসুদুল আলম B. ড. মাকবসুদুল করিম  
C. ড. মাকসুদুর রহমান D. ড. মাকসুদুল ইসলাম

**Ans A Why** বাংলাদেশি বিজ্ঞানী ড. মাকসুদুল আলম ও তাঁর সহযোগীরা তোষা পাটের জিনোম সিকোয়েন্সিং তথা পাটের জীবনরহস্য উন্মোচন করেছেন। পাটের বেস পেয়ার ১২০ কোটি।

02. কোনটি লবণাক্ত সহিষ্ণু জিন? [JUST: Unit-C, 19-20]

A. PDH45 B. PDH50 C. PDH55 D. PDH60

**Ans A Why** জিনোম সিকোয়েন্সিং এর মাধ্যমে লবণাক্ত সহিষ্ণু জিন PDH45 তৈরি করা হয়েছে যা কৃষিক্ষেত্রে প্রয়োগ করা হয়।

03. ক্লোনিং এর মাধ্যমে কত সালে ভেড়া শাবক 'ডলি' জন্মলাভ করে? [JUST: 11-12]

A. ১৯৯৩ B. ১৯৯৪ C. ১৯৯৫ D. ১৯৯৬ **Ans D**

☆ BSMRSTU ☆

01. জিন ক্লোনিং এর ক্ষেত্রে পোষক হিসেবে কোনটি ব্যবহার করা হয়? [BSMRSTU:H, 18-19]

A. ব্যাকটেরিয়া B. ভাইরাস C. প্রোটোজোয়া D. মাইকোপ্লাজমা

**Ans A Why** জিন ক্লোনিং এ পোষক হিসেবে সাধারণত ব্যাকটেরিয়া ব্যবহার করা হয়।

## 02. জিন স্প্লাইসিং কোন ধাপে হয়?

[BSMRSTU. 17-18]

- A. রেপ্লিকেশন  
B. ট্রান্সক্রিপশন  
C. ট্রান্সলেশন  
D. টারমিনেশন

[Ans B]

## 03. Recombinant DNA কাঙ্ক্ষিত জিন বহন করছে কিনা তা যেভাবে সনাক্ত করা যায়?

[BSMRSTU. 17-18]

- A. PCR Process  
B. Gene Cloning  
C. Probing  
D. DNA Ligation

[Ans A]

## ☆ NSTU ☆

## 01. PDH45 কী ধরনের জিন?

[NSTU: Unit-A, 19-20]

- A. তাপ সহিষ্ণু জিন  
B. ঠাণ্ডা সহিষ্ণু জিন  
C. বরফ সহিষ্ণু জিন  
D. লবণাক্ততা

[Ans D Why] জিনোম সিকোয়েন্স এর মাধ্যমে লবণাক্ত সহিষ্ণু জিন PDH45 তৈরি করা হয়েছে যা কৃষিক্ষেত্রে প্রয়োগ করা হয়।

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

## ☆ MAT ☆

## 01. বর্তমানে কোনটি ব্যবহার করে রিকম্বিনেন্ট DNA শনাক্ত করা যায়? [MAT. 15-16]

- A. Gene cloning  
B. DNA finger printing  
C. Gene therapy  
D. DNA probe

[Ans D]

## 02. নিম্নের কোন অণুজীব 'জীবাণু অস্ত্র' হিসাবে ব্যবহৃত হয় না? [MAT. 11-12]

- A. অ্যানথ্রাক্স ব্যাসিলাস  
B. প্লেগ ব্যাসিলাই  
C. কলেরা ভিব্রিও  
D. প্লাজমোডিয়াম প্রজাতি

[Ans A]

## ☆ DAT ☆

## 01. বিশ্বের প্রথম ক্লোন ভেড়া 'ডলি' কোন রোগে মৃত্যুবরণ করে? [DAT. 05-06]

- A. ক্যাসার  
B. টিউবারকিউলোসিস  
C. নিউমোনিয়া  
D. অর্থাইটিস

[Ans D]

## এক নজরে কিছুক্ষণ

## V.V.I DATA AT A GLANCE

## মনে রাখ সারাক্ষণ

- আলু ও টমেটোর সংকর হলো পোমাটো।
- আলুতে অসমোটিন জিন দ্বারা *Phytohthora infestans* প্রতিরোধী উদ্ভিদ উদ্ভাবন করা হয়েছে।
- প্রতিটি সজীব উদ্ভিদ কোষেরই একটি পূর্ণাঙ্গ উদ্ভিদে পরিণত হওয়ার অন্তর্নিহিত ক্ষমতা আছে। এই ক্ষমতাকে টটিপোটেন্সি বলে।
- এ প্রক্রিয়ায় ক্ষুদ্র অংশ ব্যবহারের মাধ্যমে পূর্ণাঙ্গ উদ্ভিদ তৈরি করা হয় বলে একে মাইক্রোপ্রোপাগেশন বলা হয়।
- সাইটোপ্লাজমের মিলনকে সাইব্রিড বলে।
- উদ্ভিদের শীর্ষমুকুলের অগ্রভাগের টিস্যুকে মেরিস্টেম বলে।
- যে কোন আবাদী কোষ বা টিস্যু হতে সৃষ্ট প্রকরণকে বলে সোমাক্রোনাল ভারিয়েশন।
- আবাদী গ্যামিট কোষ হতে উৎপন্ন ক্রোনীয় প্রকরণকে বলে গ্যামিটোক্রোনাল ভারিয়েশন।
- প্রতিটি ব্যাকটেরিয়াম কোষ কমপক্ষে ১টি রেপ্লিকেশন এনজাইম উৎপন্ন করে থাকে।
- প্লাজমিড গ্রহণকৃত ব্যাকটেরিয়ামকে ট্রান্সফরমড ব্যাকটেরিয়াম বলে।
- সূর্যমুখীর সালফার অ্যামিনো অ্যাসিড সৃষ্টিকারী জিন ব্যাকটেরিয়াম প্লাজমিড DNA এর মাধ্যমে ক্লোভার ঘাসে স্থানান্তর করা হয়েছে।
- বায়বীয় নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটেরিয়া হতে 'নিফজিন' E. coli ব্যাকটেরিয়াতে স্থানান্তর করা হয়েছে।
- *Bacillus thuringiensis* নামক একটি সয়েল ব্যাকটেরিয়া থেকে ক্রিস্টাল প্রোটিন জিন (CryI Ac) বেণ্ডনের জিনোমে অন্তর্ভুক্ত করে উৎপন্ন বেণ্ডনের নাম দেয় Bt বেণ্ডন।
- লবণাক্ততা সহিষ্ণু জিন PDH 45।
- ডলি হলো পৃথিবীর প্রথম স্তন্যপায়ী যা একটি পূর্ণবয়স্ক দেহকোষ (স্তনস্থিতি কোষ) থেকে ক্লোন করা হয়েছে।
- বাংলাদেশী বিজ্ঞানী ড. মাকসুদুল আলম ও তার সহকর্মীরা তোষা পাটের, ম্যাক্রোফোমিনা ছত্রাক এবং দেশিপাট জিন সিকোয়েন্স উদ্ধার করেছেন।
- মেরিস্টেম কালচারের মাধ্যম উৎপাদিত চারাগাছ সাধারণত রোগমুক্ত হয়ে থাকে।

- ১৯৭০ দশকে রিকম্বিনেন্ট DNA প্রযুক্তি তথা জিন-প্রকৌশল উদ্ভাবিত হওয়ার পর জীবপ্রযুক্তি বিষয়টি নতুনমাত্রা লাভ করেছে।
- DNA-Ligase এনজাইম ব্যবহার করে কাঙ্ক্ষিত DNA খণ্ডকে প্লাসমিড DNA এর সাথে সংযুক্ত করা হয়।
- Electroporation পদ্ধতিতে পোষক কোষে DNA প্রবেশ করানো হয়।
- আমেরিকায় চাষকৃত ভুট্টার ৪০ ভাগ, তুলার ৫০ ভাগ এবং সয়াবিনের ৪৫ ভাগেই ট্রান্সজেনিক প্রকরণ।
- সূর্যমুখীর সালফার তৈরিকারী জিন সমৃদ্ধ ক্লোভার ঘাস হলো একটি ট্রান্সজেনিক উদ্ভিদ।
- টোবাকো মোজাইক ভাইরাস, পটেটো ভাইরাস-এর কোট প্রোটিন জিন দিয়ে ট্রান্সফর্মেশনকৃত তামাকগাছ ভাইরাস আক্রমণ হতে নিজেকে প্রতিরোধ করছে।
অগ্রমস্তিষ্ক (প্রোসেনসেফালন)	সেরেব্রাম	কাজ: চিন্তা, বুদ্ধি, ইচ্ছাশক্তি, উদ্ভাবনী শক্তি প্রভৃতি মানসিক বোধের নিয়ন্ত্রণ ও সহজাত প্রবৃত্তি, বাকশক্তি এবং ঐচ্ছিক পেশীর কার্যকলাপ নিয়ন্ত্রণ করে। <b>Mnemonic:</b> ইচ্ছা ও বুদ্ধি থাকলে চিন্তা দিয়ে বাকশক্তি নিয়ন্ত্রণ করা যায় গঠন: • মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ, মোট মস্তিষ্কের ৮০% • বাইরে গ্রেম্যাটার ও ভেতরে হোয়াইট ম্যাটারে গঠিত • দুটি সেরেব্রাল হেমিস্ফিয়ার নামক খণ্ড কর্পাস ক্যালোসাম নামক স্নায়ুগুচ্ছ দ্বারা যুক্ত থাকে। • সেরেব্রাল হেমিস্ফিয়ার, সেরেব্রাল কর্টেক্স, বেসাল গ্যাংলিয়া ও কর্পাস স্ট্রাটাম নিয়ে গঠিত। • উঁচু জায়গাকে জাইরাস ও নিচু জায়গাকে সালকাস বা ফিসার বলে। • সেরেব্রাম অঞ্চল আঘাত প্রাপ্ত হলে মানুষ প্যারালাইজড হয়ে যায়।
	থ্যালামাস	• চাপ, স্পর্শ, যন্ত্রণা প্রভৃতি স্থূল অনুভূতির কেন্দ্র, আবেগের কেন্দ্র ও অভ্যন্তরীণ অপের নিয়ন্ত্রক কেন্দ্র হিসেবে কাজ করে। এছাড়া সংজ্ঞাবহ স্নায়ুর রিলে স্টেশন, মানুষের ব্যক্তিত্ব ও সামাজিক আচরণ এবং ঘুমন্ত মানুষকে হঠাৎ জাগিয়ে তোলা এবং পরিবেশ সম্পর্কে সতর্ক করে। <b>Mnemonic:</b> ঈদের সময় ট্রেনে উঠলে যে ঘটনা ঘটে • সেরেব্রাম এর প্রধান প্রবেশ পথ বা সিংহদ্বার বলে।
	হাইপোথ্যালামাস	• জীব তাত্ত্বিক ঘড়ি বা Biological Clock বলে। • স্বয়ংক্রিয় স্নায়ুকেন্দ্রের কেন্দ্র হিসেবে কাজ করে। দেহতাপ নিয়ন্ত্রণ করে। ক্ষুধা, তৃষ্ণা, ঘাম, ঘুম, রাগ, পীড়ন, ভালোলাগা, ঘৃণা, উদ্বেগ প্রভৃতির কেন্দ্র হিসেবে কাজ করে। রক্তচাপ নিয়ন্ত্রণ করে এবং অন্তঃক্ষরা গ্রন্থির ক্ষরণ নিয়ন্ত্রণ করে। ভ্যাসোপ্রেসিন ও অক্সিটোসিন নামে দু'রকম নিউরোহরমোন সরাসরি ক্ষরিত হয় এবং তা পশ্চাৎ পিটুইটারির মধ্যে জমা থাকে।
মধ্যমস্তিষ্ক (মেসেনসেফালন)	মেসেনসেফালন	অগ্র ও পশ্চাৎমস্তিষ্কের মধ্যে যোগসূত্র রচনা করে; বিভিন্ন দর্শন ও শ্রবণ তথ্যের সমন্বয় ঘটায় এবং প্রতিবেদন সৃষ্টি করে।
পশ্চাৎমস্তিষ্ক (রমেনসেফালন)	সেরেবেলাম	• ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ করে। ঐচ্ছিক পেশির পেশিটান নিয়ন্ত্রণ করে। দেহের ভারসাম্য ও দেহভঙ্গি বজায় রাখে। চলাফেরার দিক নির্ধারণ করে।
	পনস (সেতু মস্তিষ্ক)	• সেরেবেলাম ও মেডুলাকে মস্তিষ্কের অন্যান্য অংশের সাথে যুক্ত (রিলে স্টেশন) করে; মস্তিষ্কের বিভিন্ন অংশে সংবেদ প্রবাহের প্রেরণ কেন্দ্র হিসেবে কাজ করে এবং স্বাভাবিক শ্বাসক্রিয়ার হার নিয়ন্ত্রণ করে। • পনস এর মধ্য দিয়ে মস্তিষ্ক ও স্পাইনাল কর্ডের মধ্যে বিদ্যমান স্নায়ুতন্তুগুলো আড়াআড়িভাবে একে অপরকে অতিক্রম করে এ কারণে মস্তিষ্কের বাম অংশ দেহের ডান অংশের এবং ডান অংশ দেহের বাম অংশের কার্যাবলী নিয়ন্ত্রণ করে।
	মেডুলা অবলংগাটা	• প্রতিবর্ত কেন্দ্রগুলো নিয়ন্ত্রণ করে; হৃৎপিণ্ডের স্পন্দন, শ্বসন, চর্বণ, খাদ্য গলাধকরণ পরিপাক রস ক্ষরণ, ঘাম নিঃসরণ ইত্যাদি ঘটায়। পৌষ্টিকনালির স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণ নিঃশ্বাস-প্রশ্বাস, রক্তনালির সংকোচন-প্রসারণ, লালি নিঃসরণ প্রকৃতি নিয়ন্ত্রণ করে। • ৮টি (V-XII) করোটিক স্নায়ু উৎপত্তি লাভ করে।

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)

## ♦ Item-03 : মস্তিষ্কের গহ্বর সমূহ বা নিলয় সমূহ

গহ্বরের নাম	অবস্থান
পার্শ্বীয় বা ১ম ও ২য় গহ্বর	অলফ্যাক্টরি লোব বা সেরেব্রাল হেমিস্ফিয়ার
তৃতীয় গহ্বর	ডায়েনসেফালন
চতুর্থ গহ্বর	পশ্চাৎ মস্তিষ্ক
কেন্দ্রীয় গহ্বর	মেডুলা অবলংগাটা

**Nice To know:**  
পার্শ্বীয় ভেন্ট্রিকল দুটি 'ফোরামেন অব মনরো' নামক নালিদ্বারা ৩য় ভেন্ট্রিকলের সাথে যুক্ত থাকে ৩য় ভেন্ট্রিকল 'সেরেব্রাল অ্যাকুইডাক্ট' বা 'অ্যাকুইডাক্ট অব সিলভিয়াস' দ্বারা ৪র্থ ভেন্ট্রিকলের সাথে যুক্ত থাকে।



(Ref: আজমল স্যার, মাজেদা ম্যাডাম)

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

♦ সুসুম্নাকান্ডের অংশগুলোর নাম লিখ?

উত্তর: সুসুম্নাকান্ডের অংশগুলোর নাম :

১. কেন্দ্রীয় নালি

২. সেরিব্রোস্পাইনাল ফ্লুইড

৩. পূসর বস্তু বা গ্রে ম্যাটার

৪. শ্বেত বস্তু বা হোয়াইট ম্যাটার

৫. পৃষ্ঠীয়মূল বা ডরসাল রুট

৬. অক্ষীয়মূল বা ভেন্ট্রাল রুট

◆ গ্রে-ম্যাটার ও হোয়াইট ম্যাটার এর মধ্যে পার্থক্য লিখ?

উত্তর: গ্রে-ম্যাটার ও হোয়াইট ম্যাটার এর মধ্যে পার্থক্য :

পার্থক্যের বিষয়	গ্রে ম্যাটার বা ধূসর পদার্থ	হোয়াইট ম্যাটার বা শ্বেত পদার্থ
বর্ণ	ধূসর বর্ণের	শ্বেত বর্ণের
গঠন	কোষদেহ, ডেনড্রাইট এবং সিন্যাপস নিয়ে গঠিত	মায়োলিন সিথিয়ুক্ত নিউরনের অ্যাক্সন নিয়ে গঠিত
অবস্থান	মস্তিষ্কে গ্রে ম্যাটারের নিচে হোয়াইট ম্যাটার থাকে	সুষুম্নাকাণ্ডে হোয়াইট ম্যাটারের নিচে গ্রে ম্যাটার থাকে

◆ সেরেবেলাম এর কাজ লিখ?

উত্তর: • দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ এর প্রধান কাজ • মাথা ও চোখের সম্বলন নিয়ন্ত্রণ করে। • ঐচ্ছিক চলাফেরা অর্থাৎ দেহভঙ্গি, পেশিটান নিয়ন্ত্রণ, দৌড়ানো, টাইপ করা, পিয়ানো বাজানো, দেহের সুষ্ঠু ও সাবলীল চলাফেরা, চলাফেরার দিক নির্ধারণ ইত্যাদি নিয়ন্ত্রণ করে। • দেহের সকল স্বয়ংক্রিয় কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।

❖❖❖ REAL TEST ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS ❖❖❖

STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

01. মানুষের মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ডের আবরণ কোনটি? [DU: 19-20]

- A. মেনিনজেস B. পেরিটোনিয়াম  
C. পেরিকার্ডিয়াম D. নিউরোকার্ভিডিয়াম

**Ans A Why** • সমগ্র মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ড একটি দৃঢ় ও মজবুত আবরণে আবৃত থাকে। একে মেনিনজেস (Meninges) বলে। মেনিনজেস ৩টি তন্তুময় ঝিল্লি নিয়ে গঠিত যথা: বাইরের ডুরাম্যাটার, মধ্যবর্তী অ্যারাকনয়েড ম্যাটার এবং ভিতরের পায়াম্যাটার। মেনিনজেসের সংক্রমণকে মেনিনজাইটিস বলে।

• পেরিটোনিয়াম: সিলোমের বাইরের আবরণ।

• পেরিকার্ডিয়াম: হৃৎপিণ্ডের বাইরের আবরণ।

02. মস্তিষ্কের কোন অংশ দেহের ভারসাম্য রক্ষা করে?

[DU: 11-12, 99-00; JU: Unit-D; Set-M; 19-20; BU: 15-16, 12-13; RU: 16-17]

- A. Cerebellum B. Cerebrum C. Pons D. Hypothalamus

**Ans A Why** সেরেবেলামের কাজ: ঐচ্ছিক চলাফেরাকে নিয়ন্ত্রণ করে। ঐচ্ছিক পেশির পেশিটান নিয়ন্ত্রণ করে। দেহের ভারসাম্য ও দেহভঙ্গি বজায় রাখে। চলাফেরার দিক নির্ধারণ করে।

☆ JnU ☆

01. ডুরাম্যাটার এক ধরনের— [JnU: 08-09; BSMRSTU: Unit-C; 19-20]

- A. হরমোন B. এনজাইম C. পর্দা D. নালি

**Ans C Why** মস্তিষ্ক স্নায়ুতন্ত্রের সবচেয়ে বড়, জটিল ও গুরুত্বপূর্ণ অংশ। মেনিনজেস নামক আবরণ দ্বারা মস্তিষ্ক আবৃত। এটি ৩টি ঝিল্লি দ্বারা গঠিত। ঝিল্লি বা পর্দা তিনটি হচ্ছে: ডুরাম্যাটার, পায়াম্যাটার এবং অ্যারাকনয়েড ম্যাটার।

☆ JU ☆

01. মস্তিষ্কের কোন অংশ বুদ্ধিবৃত্তি, স্মৃতিশক্তি ও বিচারবুদ্ধির কেন্দ্র হিসেবে কাজ করে? [JU: Unit-D; Set-I; 19-20]

- A. সেরেব্রাম B. থ্যালামাস C. সেরেবেলাম D. পনস

**Ans A Why** সেরেব্রামের কাজ: সংবেদী অঙ্গ থেকে আসা অনুভূতি গ্রহণ ও বিশ্লেষণ করে। চিন্তা, বুদ্ধি, ইচ্ছাশক্তি, উদ্ভাবনীশক্তি প্রভৃতি উন্নত মানসিক বোধের নিয়ন্ত্রণ করে। বিভিন্ন সহজাত প্রবৃত্তির নিয়ন্ত্রক হিসেবে কাজ করে। বাকশক্তিকে নিয়ন্ত্রণ করে। দেহের সব ঐচ্ছিক পেশির কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।

02. পাইরোজেন মস্তিষ্কের কোথায় বিপাকীয় পরিবর্তন ঘটায়? [JU: Unit-D; Set-I, 18-19]

- A. সেরেব্রামে B. হাইপোথ্যালামাসে  
C. সেরেবেলামে D. ফ্রন্টাল লোবে **Ans B**

03. কোনটি মানুষের স্বাভাবিক শ্বাসক্রিয়ার হার নিয়ন্ত্রণ করে? [JU: D; Set: 05, 17-18]

- A. পনস B. সেরেবেলাম  
C. থ্যালামাস D. মেডুলা অবলংগাটা **Ans A**

04. একজন পূর্ণবয়স্ক মানুষের সেরেবেলামের আনুমানিক গড় ওজন কত?

[JU: D; Set: 09, 17-18]

- A. ১৪৫ গ্রাম B. ১৫০ গ্রাম C. ১৬০ গ্রাম D. ১৬৫ গ্রাম **Ans B**

05. মানবদেহের সেরেবেলাম কোন মস্তিষ্কের অংশ? [JU: D, 17-18, 13-14; RU: 13-14]

- A. অগ্রমস্তিষ্ক B. মধ্যমস্তিষ্ক  
C. পশ্চাৎমস্তিষ্ক D. কোনটি নয় **Ans C**

06. মানবদেহের মস্তিষ্কের সেরেবেলামের গোলার্ধ দুটি কি দ্বারা যুক্ত থাকে? [JU: 13-14]

- A. কর্পাস ক্যালোসাম B. ভার্মিস  
C. সেরেব্রাল অ্যাকুইডাক্ট D. ফোরামেন অব মনরো **Ans B**

07. মস্তিষ্কের কোন অংশ আবেগ/মানুষের ব্যক্তিত্ব ও সামাজিক আচরণের নিয়ন্ত্রণ করে? [JU: D, 13-14; RU: 13-14, 11-12, 10-11; MAT: 06-07; JUST: 15-16]

- A. থ্যালামাস B. হাইপোথ্যালামাস  
C. মেডুলা D. প্যারাথাইরয়েড **Ans A**

☆ RU ☆

01. শ্বসনের মৌলিক হ্রদ নিয়ন্ত্রণ করে— [RU: 15-16]

- A. সেরিব্রাম B. সেরিবেলাম  
C. হাইপোথ্যালামাস D. মেডুলা **Ans D**

02. নিম্নের কোনটি হাইপোথ্যালামাসের কাজ? [RU: 12-13; MAT: 04-05, 09-10]

- A. অল্প ও ক্ষারের সাম্যতা রক্ষা করা B. ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ করা  
C. দেহের ভারসাম্য রক্ষা করা D. দেহতাপ নিয়ন্ত্রণ করা **Ans D**

03. মস্তিষ্কের কোন অংশকে প্রেরকযন্ত্র বলে? [RU: 11-12]

- A. হাইপোথ্যালামাস B. থ্যালামাস  
C. সেরিবেলাম D. সেরিব্রাল কর্টেক্স **Ans B**

04. ক্ষুধা, তৃষ্ণা, ঘুম প্রভৃতির কেন্দ্র হিসাবে কাজ করে মস্তিষ্কের কোন্ অংশ? [RU: 11-12]

- A. সেরেব্রাম B. থ্যালামাস  
C. হাইপোথ্যালামাস D. সেরেবেলাম **Ans C**

05. আচরণ নিয়ন্ত্রণের সর্বময় ক্ষমতার অধিকারী কোনটি? [RU: F1, 10-11]

- A. মেরুসজ্জু B. থ্যালামাস C. হাইপোথ্যালামাস D. মস্তিষ্ক **Ans B**

06. চতুর্থ ভেন্ট্রিকলের অবস্থান হচ্ছে— [RU: 08-09]

- A. হৃৎপিণ্ডে B. বৃক্কে C. চোখে D. মস্তিষ্কে **Ans D**

07. ঘুমন্ত মানুষকে হঠাৎ জাগিয়ে তোলা কার কাজ? [RU: 04-05]

- A. সেরেব্রাম B. থ্যালামাস C. সেরেবেলাম D. সবগুলোই **Ans B**

☆ CU ☆

01. ক্ষুধা উদ্বেগের স্থানটি মস্তিষ্কের কোথায় অবস্থিত? [CU: 19-20; MAT: 14-15]

- A. সেরেব্রাম B. সেরেবেলাম  
C. মেডুলা অবলংগাটা D. হাইপোথ্যালামাস **Ans D Why** হাইপোথ্যালামাস: দেহ তাপ নিয়ন্ত্রণ, ক্ষুধা, তৃষ্ণা, ঘাম, ঘুম, রাগ, পীড়ন, ভালোলাগা, ঘৃণা, উদ্বেগ প্রভৃতির কেন্দ্র হিসেবে কাজ করে।

02. অগ্রমস্তিষ্কের অংশ হচ্ছে— [CU: 17-18]

- A. সেরেবেলাম B. সেরেব্রাম  
C. মেডুলা অবলংগাটা D. সেরেব্রাল পেডাক্সল **Ans B**

03. মানুষের মস্তিষ্কের কোন্ অংশটি শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণের সাথে সম্পর্কিত? [CU: F1, 16-17]

- A. সেরিবেলাম B. সেরিব্রাম  
C. মেডুলা অবলংগাটা D. হাইপোথ্যালামাস **Ans D**

## ☆ KU ☆

01. নিউরোহরমোন উৎপন্ন হয় মস্তিষ্কের কোন অংশে? [KU. 17-18, 15-16]  
A. থ্যালামাস B. হাইপোথ্যালামাস  
C. কর্পাস ক্যালোসাম D. সেরেবেলাম [Ans B]
02. পশ্চাৎ মস্তিষ্কের অংশ নয় কোনটি? [KU. 17-18; RU. 16-17]  
A. সেরেবেলাম B. পন্স  
C. মেডুলা অবলংগাটা D. সেরেব্রাল পেডাক্সল [Ans D]

## ☆ BU ☆

01. প্রাপ্ত বয়স্ক মানুষের মস্তিষ্কের গড় ওজন প্রায়- [BU. 17-18]  
A. 1.26 কেজি B. 1.36 কেজি  
C. 1.54 কেজি D. 1.75 কেজি [Ans B]
02. মানুষের মস্তিষ্কের অংশ নয়- [BU. 17-18]  
A. Prosencephalon B. Mesencephalon  
C. Rhombencephalon D. Tolencephalon [Ans D]
03. প্রাপ্তবয়স্ক মানুষের মস্তিষ্কের আয়তন প্রায়- [BU. 17-18]  
A. 800 সিসি B. 1000 সিসি  
C. 1200 সিসি D. 1500 সিসি [Ans D]

## ☆ JKKNIU ☆

01. Medulla মানবদেহের কোন অঙ্গের অংশ? [JKKNIU: B, 17-18]  
A. ব্রেইন B. লিভার C. হার্ট D. চোখ [Ans A]

## ☆ DU-7Clg ☆

01. কোনটি পশ্চাৎমস্তিষ্কের অংশ? [DU-7Clg: 19-20]  
A. সেরেব্রাম B. সেরেব্রাল পেডাক্সল  
C. সেরেবেলাম D. হাইপোথ্যালামাস  
[Ans C Why] • অগ্র মস্তিষ্কের অংশ : সেরেব্রাম, থ্যালামাস, হাইপোথ্যালামাস।  
• মধ্যমস্তিষ্কের অংশ : সেরেব্রাল পেডাক্সল, কর্পোরা কোয়াড্রিজিমিন, সেরেব্রাল অ্যাকুইডাক্ট।  
• পশ্চাৎ মস্তিষ্কের অংশ : সেরেবেলাম, মেডুলা অবলংগাটা, পন্স।

## STEP 02 ANALYSIS OF SCIENCE &amp; TECHNOLOGY QUESTION

## ☆ JUST ☆

01. মধ্যমস্তিষ্কের অংশ কোনটি? [JUST. 17-18]  
A. সেরেব্রাম B. মেডুলা অবলংগাটা  
C. হাইপোথ্যালামাস D. সেরেব্রাল পেডাক্সল [Ans D]

## ☆ BSMRSTU ☆

01. কর্পাস ক্যালোসাম মস্তিষ্কের কোন অংশে থাকে? [BSMRSTU. 2017-18]  
A. সেরেব্রাম B. থ্যালামাস  
C. হাইপো থ্যালামাস D. কোনটিই নয় [Ans A]

## ☆ PSTU ☆

01. মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ কোনটি? [PSTU. 18-19; JUST. 18-19]  
A. থ্যালামাস B. সেরেব্রাম  
C. সেরেবেরাম D. ম্যাডুলা অবলংগাটা  
[Ans B Why] সেরেব্রাম- মানব মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ যা মস্তিষ্কের ওজনের ৮০% এবং সেরেব্রাল হেমিস্ফিয়ার নামক দুটি খন্ড দ্বারা গঠিত।
02. মস্তিষ্কের কোন অংশ দেহের তাপ নিয়ন্ত্রণ করে? [PSTU: G, 2017-18]  
A. সেরেব্রাম B. থ্যালামাস  
C. হাইপোথ্যালামাস D. সেরেবেলাম  
[Ans C Why] হাইপোথ্যালামাসের কাজ: স্বয়ংক্রিয় স্নায়ুকেন্দ্রের কেন্দ্র হিসেবে কাজ করে। দেহতাপ নিয়ন্ত্রণ করে। ক্ষুধা, তৃষ্ণা, ঘাম, ঘুম, রাগ, পীড়ন, ভালোলাগা, ঘৃণা, উদ্বেগ প্রভৃতির কেন্দ্র হিসেবে কাজ করে। নিউরোহরমোন উৎপন্ন করে ট্রপিক হরমোনের ক্ষরণ নিয়ন্ত্রণ করে।

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

## ☆ MAT ☆

01. কোনটি মানুষের পশ্চাৎ মস্তিষ্কের অংশ নয়? [MAT. 18-19]  
A. মেডুলা অবলংগাটা B. পন্স  
C. সেরেবেলাম D. থ্যালামাস [Ans D]
02. ডায়েনসেফালনের মধ্যস্থ গহ্বরটিকে কী বলে? [MAT. 14-15]  
A. দ্বিতীয় ভেন্ট্রিকল B. চতুর্থ ভেন্ট্রিকল  
C. প্রথম ভেন্ট্রিকল D. তৃতীয় ভেন্ট্রিকল [Ans D]
03. মস্তিষ্কের কোন অংশে ক্ষুধা নিয়ন্ত্রণ কেন্দ্র অবস্থিত? [MAT. 14-15]  
A. সেরেব্রাম B. থ্যালামাস  
C. হাইপোথ্যালামাস D. সেরেবেলাম [Ans C]
04. সেরেবেলাম-এর কাজ কোনটি? [MAT. 13-14]  
A. ঘুমন্ত মানুষকে হঠাৎ জাগানো B. দেহতাপ নিয়ন্ত্রণ  
C. দেহের ভারসাম্য বজায় রাখা D. স্বাভাবিক শ্বাসক্রিয়ার হার নিয়ন্ত্রণ [Ans C]
05. নিম্নের কোনটি দেহের ভারসাম্য রক্ষায় ভূমিকা রাখে না? [MAT. 11-12]  
A. অন্তঃকর্ণ B. সেরিবেলাম  
C. হাইপোথ্যালামাস D. ভেস্টিবুলার স্নায়ু [Ans C]
06. মল-মূত্র ত্যাগ নিয়ন্ত্রণ করে নিয়ন্ত্রণ করে মস্তিষ্কের নিম্নের কোন অংশ? [MAT. 10-11]  
A. মেডুলা অবলংগাটা B. পন্স  
C. থ্যালামাস D. হাইপোথ্যালামাস [Ans A]
07. নিম্নে উল্লিখিত মস্তিষ্কের কোন অংশ ঐচ্ছিক চলন নিয়ন্ত্রণ করে? [MAT. 08-09]  
A. সেরেব্রাম B. সেরেবেলাম C. পন্স D. মেডুলা [Ans B]
08. মেডুলা অবলংগাটা মস্তিষ্কে যার অংশ- [MAT. 00-01]  
A. ডায়েনসেফালন B. রোমেনসেফালন  
C. সেরেব্রাল পেডাক্সল D. মেসেনসেফালন [Ans B]
09. শ্বাস নিয়ন্ত্রণ কেন্দ্র কোথায় আছে? [MAT. 90-91]  
A. অপটিক লোব B. টেমপোরাল লোব  
C. অলফ্যাক্টরী লোব D. মেডুলা অবলংগাটা [Ans D]
10. মস্তিষ্কের যে অংশে বুদ্ধিমত্তা থাকে- [MAT. 89-90; DAT. 02-03; RU.16-17]  
A. অথকোরয়েড প্লেস্ক্সাস B. সেরিব্রাল হেমিস্ফিয়ার  
C. সেরিবেলাম D. মেডুলা অবলংগাটা [Ans B]


## ☆ DAT ☆

01. কোনটি সেরেব্রামের কাজ নয়? [DAT. 18-19]  
A. শ্বাসপ্রশ্বাসের হার B. ইচ্ছাশক্তি  
C. স্মৃতিশক্তি D. বুদ্ধিবৃত্তি [Ans A]
02. মানুষের সেরেব্রাল অ্যাকুইডাক্ট নিম্নের কত মি.মি. লম্বা? [DAT. 10-11]  
A. ২০ B. ১০ C. ২৫ D. ১৫ [Ans D]
03. নিম্নের কোনটি অগ্র মস্তিষ্কের অংশ নয়? [DAT. 07-08; RU.12-13]  
A. সেরেব্রাম B. সেরেবেলাম  
C. থ্যালামাস D. হাইপোথ্যালামাস [Ans B]
04. যেটি হাইপোথ্যালামাসের কাজ নয়? [DAT. 01-02]  
A. স্বাভাবিক শ্বাসক্রিয়ার হারকে নিয়ন্ত্রণ করে  
B. স্বয়ংক্রিয় স্নায়ুকেন্দ্রের কেন্দ্র হিসাবে কাজ করে  
C. ভ্যাসোপ্রেসিন ও অক্সিটোসিন নামে দু'রকম নিউরোহরমোন সরাসরি ক্ষরিত হয় এবং তা পশ্চাৎ পিটুইটারির মধ্যে জমা থাকে  
D. আবেগ, উদ্বেগ প্রভৃতির কেন্দ্র হিসেবে কাজ করে। [Ans A]
05. থ্যালামাসের তলদেশে অবস্থিত হাইপোথ্যালামাসের মধ্যে যেটি পড়বে না? [DAT. 01-02]  
A. আবেগ, উদ্বেগ প্রভৃতির কেন্দ্র হিসাবে কাজ করে  
B. দেহতাপ নিয়ন্ত্রণ হয়  
C. স্বাভাবিক শ্বাসক্রিয়ার হারকে নিয়ন্ত্রণ করে  
D. এর দ্বারা ভ্যাসোপ্রেসিন ও অক্সিটোসিন নামে দু-রকম নিউরোহরমোন সরাসরি ক্ষরিত হয় [Ans C]
06. মস্তিষ্কের চতুর্থ গহ্বর যেখানে অবস্থিত- [DAT. 00-01]  
A. ডায়েনসেফালন B. মেসেনসেফালন  
C. মেডুলা অবলংগাটা D. রোমেনসেফালন [Ans C]

## CONCEPT 04

## চোখ সম্পর্কিত তথ্যাবলি

## Item-01 : চোখের বিভিন্ন অংশ



## Item-02 : চোখের বিভিন্ন অংশের কাজ

চোখের অংশ	অবস্থান	প্রধান কাজ
স্ক্লেরা	অক্ষিগোলকের বহিরাবরণীর $\frac{5}{6}$ অংশ অক্ষিকোটরে অবস্থিত।	<ul style="list-style-type: none"> <li>অক্ষিগোলকের আকৃতি বজায় রাখতে সাহায্য করে।</li> <li>চোখকে বাইরের আঘাত থেকে রক্ষা করে।</li> </ul>
কর্ণিয়া (চোখের জানালা)	অক্ষিগোলকের সর্বাপেক্ষা বাইরের স্তরের $\frac{1}{6}$ অংশ স্বচ্ছ এবং কোটরের বাইরে অবস্থিত।	<ul style="list-style-type: none"> <li>প্রতিসারক মাধ্যমরূপে কাজ করে</li> <li>আলোকরশ্মিকে কেন্দ্রীভূত করে।</li> </ul>
কোরয়েড	অক্ষিগোলকের মধ্যবর্তী স্তরটির প্রায় $\frac{5}{6}$ অংশ এবং এটি রঞ্জক পদার্থযুক্ত।	<ul style="list-style-type: none"> <li>অক্ষিগোলকে বিচ্ছুরিত আলোকের প্রতিফলন রোধ করে।</li> <li>অক্ষিগোলকের পুষ্টি প্রদান করে।</li> <li>সিলিয়ারি বডি থেকে অ্যাকুয়াস হিউমার নিঃসরণ করে।</li> </ul>
আইরিশ	কর্ণিয়া এবং লেসের মাঝে অ্যাকুয়াস হিউমারে ঝুলন্ত একটি পাতলা গোলাকার সংকোচনশীল, মাঝখানে ছিদ্রযুক্ত চাকতি বিশেষ।	পিউপিলের ছিদ্র ছোট-বড় করে আলোর প্রবেশ নিয়ন্ত্রণ করে।
সিলিয়ারি বডি	স্থূল পেশীস্তর লেসকে পরিবেষ্টন করে আবর্তকারে অবস্থান করে।	লেসের উপযোগে সহায়তা করে।
রেটিনা	অক্ষিগোলকের একেবারে ভেতরের স্নায়ুসমৃদ্ধ আবরণ।	বস্তুর প্রতিবিম্ব সৃষ্টি করে।
লেস	আইরিশের পশ্চাৎভাগে অবস্থিত দ্বি-উত্তল বৃত্তাকার চাকতি।	<ul style="list-style-type: none"> <li>আলোর প্রতিসরণ ঘটায়।</li> <li>আলোকরশ্মিকে রেটিনার উপর কেন্দ্রীভূত করে।</li> </ul>
পিউপিল	আইরিশের মাঝখানে অবস্থিত একটি ক্ষুদ্র ছিদ্রবিশেষ।	এর মাধ্যমে চোখে আলোকরশ্মি প্রবেশ করে।
কনজাংটিভা	কর্ণিয়ার বাইরে অবস্থিত পাতলা শ্লেষ্মাস্তর বিশেষ।	বাইরের ধূলাবালি থেকে কর্ণিয়াকে রক্ষা করে।
অন্ধবিন্দু	রেটিনা ও অপটিক স্নায়ুর মিলনস্থলে অবস্থিত।	অন্ধবিন্দুতে প্রতিবিম্ব সৃষ্টি হয় না।
ফোব্রিয়া সেন্ট্রালিস	পিউপিলের বিপরীত দিকে রেটিনার উপর অবস্থিত।	বস্তুর প্রতিবিম্ব সৃষ্টি এখানেই সবচেয়ে ভাল হয়।
রড কোষ	রেটিনায় অবস্থিত।	মৃদু আলো শোষণ করে।
কোণকোষ	রেটিনায় অবস্থিত।	উজ্জ্বল আলো ও বর্ণ শোষণ করে।

চোখের অংশ	অবস্থান	প্রধান কাজ
অ্যাকুয়াস হিউমার	কর্ণিয়া ও লেন্সের মধ্যবর্তী প্রকোষ্ঠে অবস্থিত।	• লেন্সের পুষ্টি যোগায় • বিবর্ধক মাধ্যমরূপে কাজ করে।
ভিট্রিয়াস হিউমার	লেঙ্গ ও রেটিনার মধ্যবর্তী স্থানে।	• রেটিনার দিকে আলোর প্রতিসরণে সাহায্য করে। • অক্ষিগোলকের আকৃতি বজায় রাখে।
অশ্রুগ্রন্থি	চোখের বহিঃকোণের ঠিক উপরে ছোট পটল আকৃতি কিংবা অনেকটা খোলসযুক্ত বাদামের মতো গ্রন্থি।	• অশ্রুস্রাব করে চোখকে আর্দ্র রাখা অর্থাৎ শুষ্কতা হতে রক্ষা করা। • চোখের মধ্যে প্রবিষ্ট ক্ষতিকারক জীবাণু ধ্বংস করা।




TRICKS & TIPS | TnT

➤ চক্ষুগ্রন্থি সম্পর্কিত তথ্য: চোখে তিন ধরনের গ্রন্থি পাওয়া যায়।

Mnemonic: হামলা

হা
↓
হার্ডেরিয়ান গ্রন্থি (Harderian Gland)
ম
↓
মেবোমিয়ান গ্রন্থি (Mebomian Gland)
লা
↓
ল্যাক্রিমাল গ্রন্থি (Lacrimal Gland)



চিত্র : মানুষের চোখের লম্বচ্ছেদ

➤ কোরয়েড এর উপাদান:

ছন্দ	CH	I	P	S
তথ্য	সিলিয়ারী বডি	আইরিশ	পিউপিল	সাসপেন্ডরী লিগামেন্ট

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

◆ Yellow Spot বা পীতবিন্দু কী?

উত্তর: অক্ষবিন্দুর সন্নিহিতে রেটিনার সবচেয়ে তীক্ষ্ণ অনুভূতিসম্পন্ন টোল খাওয়ানো সংক্ষিপ্ত অঞ্চলটিকে পীতবিন্দু বা ফোবিয়া সেন্ট্রালিস বলে। এতে কেবল কোন কোষ থাকে, রড কোষ থাকে না।

◆ চোখের প্রকোষ্ঠগুলোর বিবরণ দাও?

উত্তর: অক্ষিগোলকে তিনটি গহ্বর বা প্রকোষ্ঠ থাকে।

১. অগ্র প্রকোষ্ঠ: কর্ণিয়া ও আইরিশ মাঝে অবস্থিত মাঝারি আকৃতির প্রকোষ্ঠ। এ প্রকোষ্ঠটি অ্যাকুয়াস হিউমার নামক তরল পদার্থ দ্বারা পূর্ণ থাকে।

২. পশ্চাৎ প্রকোষ্ঠ: আইরিশ ও লেন্সের মাঝে অবস্থিত ক্ষুদ্রাকৃতির প্রকোষ্ঠ। এ প্রকোষ্ঠটির অ্যাকুয়াস হিউমার তরল পদার্থ দ্বারা পূর্ণ থাকে। অ্যাকুয়াস হিউমারের প্রকৃতি অনেকটা সেরিব্রোস্পাইনাল ফ্লুইডের মতো।

৩. ভিট্রিয়াস প্রকোষ্ঠ: এটি লেন্স ও রেটিনার মধ্যবর্তী গোলাকৃতির বৃহৎ প্রকোষ্ঠ। এটি চোখের প্রায় চার-পঞ্চমাংশ গঠন করে। এটি ভিট্রিয়াস হিউমার নামক জেলির মতো তরল পদার্থ দ্বারা পূর্ণ থাকে যাতে ৯৯% পানি ও ১% হায়ালুরোনিক এসিড বিদ্যমান।

◆ রড কোষ ও কোণ কোষের পার্থক্য লিখ?

উত্তর: রড কোষ ও কোণ কোষের মধ্যে পার্থক্য :

পার্থক্যের বিষয়	রডকোষ	কোণকোষ
আকৃতি	বাইরের খণ্ড রড আকৃতির	বাইরের খণ্ড কোন আকৃতির
দর্শনের তীক্ষ্ণতা	কম	বেশি
রঞ্জক পদার্থ	রডোপসিন	আয়োডোপসিন
সংযুক্তি	একটি বাইপোলার কোষের সঙ্গে অনেকগুলো রড কোষ সংযুক্ত থাকে	একটি বাইপোলার কোষের সঙ্গে একটি মাত্র কোণকোষ সংযুক্ত থাকে
সংখ্যা	প্রতি রেটিনায় ১২ কোটি থেকে ১২ কোটি ৫০ লক্ষ	প্রতি রেটিনায় ৬০-৭০ লক্ষ
বিতরণ	সমগ্র রেটিনায় সমভাবে উপস্থিত	রেটিনার মধ্যস্থলে বিশেষ করে হলুদ বিন্দুতে সবচেয়ে বেশি
সংবেদনশীলতা	আলোর প্রতি অধিক সংবেদনশীল, তাই রাতের দর্শনে ব্যবহৃত হয়। একে স্ক্যাটোপিক দর্শন বলা হয়	আলোর প্রতি কম সংবেদনশীল, তাই দিনের দর্শনে ব্যবহৃত হয়। একে ফটোপিক দর্শন বলা হয়
প্রতিবিম্ব	দর্শন বস্তুর সাদাকালো প্রতিবিম্ব তৈরি করে	দর্শন বস্তুর রঙিন প্রতিবিম্ব তৈরি করে
রোগ	এটি ক্ষতিগ্রস্ত বা নষ্ট হলে রাতকানা রোগ হয়	এটি ক্ষতিগ্রস্ত বা নষ্ট হলে বর্ণান্ধ রোগ হয়

## ♦ অন্ধবিন্দু ও পীতবিন্দুর পার্থক্য লিখ?

উত্তর: অন্ধবিন্দু ও পীতবিন্দুর মধ্যে পার্থক্য :

পার্থক্যের বিষয়	অন্ধবিন্দু	পীতবিন্দু
অবস্থান	রেটিনার পেছনে অপটিক শ্নায়ুর প্রবেশ পথে	অন্ধবিন্দুর সামান্য উপরে টোল খাওয়া হলদে অঞ্চল
রড ও কোণ কোষ	কোনো কোষ থাকে না	শুধু কোণ কোষ থাকে, রড কোষ থাকে না
আলোর সংবেদন	আলোক সংবেদী নয়	অতিমাত্রায় আলোক সংবেদী
প্রতিবিম্ব গঠন	রড কোষ ও কোণ কোষ না থাকায় কোনো প্রতিবিম্ব গঠিত হয় না	আলোকরশ্মি কেন্দ্রীভূত হওয়ায় বস্তুর প্রতিবিম্ব গঠিত হয়
শ্নায়ুতন্ত্র	কোনো শ্নায়ুতন্ত্র দেখা যায় না	অসংখ্য শ্নায়ুতন্ত্র থাকে

## ♦ দর্শন কৌশলের প্রবাহচিত্র লিখ?

উত্তর: দর্শন কৌশলের প্রবাহচিত্র :

আলোকরশ্মি → কর্ণিয়া → অ্যাকুয়াস হিউমার → পিউপিল → লেন্স → ভিট্রিয়াস হিউমার → লেন্স → রেটিনা → অপটিকস শ্নায়ু → মস্তিষ্কের দর্শন কেন্দ্র → দর্শন (সোজা প্রতিবিম্ব গঠন)।

## ♦ অন্ধবিন্দু কাকে বলে?

[রা. বো. ২০১৯]

উত্তর: চোখের রেটিনার যে স্থানে অপটিক শ্নায়ু প্রবেশ করে সেখানে রড বা কোণ কোষ থাকে না। ফলে এই স্থানে কোনো বস্তুর প্রতিবিম্ব সৃষ্টি হয় না, একে অন্ধবিন্দু বলা হয়।

## ♦ উপযোজন কী?

[দি. বো. ২০১৯]

উত্তর: দর্শনীয় বস্তু ও লেন্সের মধ্যবর্তী দূরত্ব অপরিবর্তিত রেখে সিলিয়ারি পেশি ও সাসপেন্সরি লিগামেন্টের সংকোচন প্রসারণে ও লেন্সের ফোকাস দূরত্বের পরিবর্তন ঘটিয়ে যেকোনো দূরত্বে অবস্থিত বস্তুকে স্পষ্টভাবে দেখার জন্য চোখে যে বিশেষ ধরনের পরিবর্তন ঘটে তাকে উপযোজন বলে।



## REAL TEST

## ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

01. মানব চক্ষুতে কয়টি রেকটাস পেশি থাকে? [DU:18-19]

A. ৮ B. ৪ C. ৩ D. ৬

**Ans B Why** প্রতিটি অক্ষিগোলক ৬টি করে অক্ষিপেশির সাহায্যে অক্ষিকোটরের মধ্যে অবস্থান করে। এর মধ্যে ৪টি রেকটাস পেশি থাকে ও ২টি অবলিক পেশি।

02. কোনটি চোখের অংশ নয়? [DU: 01-02]

A. কংজাংগ্গিতা B. কর্ণিয়া C. ককলিয়া D. কোরয়েড

**Ans C Why** ককলিয়া চোখের অংশ নয়, এটি অন্তঃকর্ণের অংশ।

03. চোখের কোন অংশে অন্ধবিন্দু অবস্থিত? [DU:99-00]

A. আইরিস B. রেটিনা C. কোরাকয়েড D. স্ক্লেরা

**Ans B Why** রেটিনার অপটিক ডিস্ক অংশে কোনো রড ও কোণকোষ না থাকায় এটি আলোক সংবেদী নয়। তাই একে অন্ধবিন্দু ও বলা হয়।

☆ JU ☆

01. মানুষের চোখের কত অংশ বাহিরে উন্মোচিত থাকে? [JU: D; Set: 07, 17-18]

A. ০.১৯% B. ০.১৭%  
C. ০.১৮% D. ০.২০%

**Ans B**

02. চোখের কর্ণিয়া আবৃতকারী পর্দার নাম কী? [JU: D; Set: 09, 17-18]

A. অক্ষিপল্লব B. আইরিশ C. কনজাংগ্গিতা D. স্ক্লেরা **Ans C**

03. অক্ষিগোলককে বাহিরের দিকে ঘুরতে সাহায্য করে কোন পেশি? [JU: D; 17-18, 15-16]

A. মিডিয়াল রেক্টাস B. ল্যাটারাল রেক্টাস  
C. সুপিরিয়র রেক্টাস D. ইনফিরিয়র রেক্টাস **Ans B**

04. হার্ডেরিয়ান গ্রন্থির অবস্থান- [JU:D, 17-18, 12-13; RU:09-10]

A. জিহ্বায় B. তুকে C. চোখে D. কানে **Ans C**

05. অক্ষিগোলককে ভিতরের দিকে ঘুরতে সাহায্য করে কোন পেশি? [JU: D, 15-16]

A. মিডিয়াল রেক্টাস B. ল্যাটারাল রেক্টাস  
C. সুপিরিয়র রেক্টাস D. ইনফিরিয়র রেক্টাস **Ans A**

06. অক্ষিগোলককে উপরের দিকে ঘুরতে সাহায্য করে কোন পেশি? [JU: D, 15-16]

A. মিডিয়াল রেক্টাস B. ল্যাটারাল রেক্টাস  
C. সুপিরিয়র রেক্টাস D. ইনফিরিয়র রেক্টাস **Ans C**

07. অক্ষিগোলককে অপটিক শ্নায়ু ও কর্নিয়ার মধ্যবর্তী অক্ষ বরাবর ঘুরতে সাহায্য করে কোন পেশি? [JU: D, 15-16]

A. মিডিয়াল রেক্টাস B. সুপিরিয়র অবলিক  
C. সুপিরিয়র রেক্টাস D. ইনফিরিয়র রেক্টাস **Ans B**

08. অক্ষিগোলককে নিচের দিকে ঘুরতে সাহায্য করে কোন পেশি [JU: D, 15-16]

A. মিডিয়াল রেক্টাস B. ল্যাটারাল রেক্টাস  
C. সুপিরিয়র রেক্টাস D. ইনফিরিয়র রেক্টাস **Ans D**

09. মানবদেহের চক্ষুর কোন গ্রন্থি থেকে নিঃসৃত লাইসোজাইম এনজাইম কনজাংগ্গিতাকে জীবাণুমুক্ত রাখে? [JU:D,13-14]

A. অশ্রু গ্রন্থি B. হার্ডেরিয়ান গ্রন্থি  
C. মেবোমিয়ান গ্রন্থি D. অক্ষিগোলকের গহ্বর **Ans A**

10. মানবদেহের চক্ষুর পীতবিন্দুতে কোন কোষ থাকে? [JU:D, 13-14]

A. কেবলমাত্র কোণ কোষ B. কেবলমাত্র রড কোষ  
C. দুটি কোষই থাকে D. কোন কোষই থাকে না **Ans A**

11. মৃদু আলোতে / রাতের দর্শনে চোখের কোন কোষ ব্যবহৃত হয়? [JU:D,13-14, 11-12; RU:10-11, 04-05; HSTU: A. 18-19]

A. রড কোষ B. কোণ কোষ  
C. আইরিশ কোষ D. পিউপিল কোষ **Ans A**

12. চোখে উজ্জ্বল আলোতে রঙ্গিন প্রতিবিম্ব গঠন করে কোনটি? [JU:D,13-14]

A. কোণ কোষ B. পীতবিন্দু  
C. অন্ধবিন্দু D. রড কোষ **Ans A**

13. মানবদেহের অক্ষিগোলকের আকৃতি বজায় রাখতে সাহায্য করে কোনটি? [JU:D,12-13]

A. কোরয়েড B. রডকোষ C. কোণ কোষ D. স্ক্লেরা **Ans D**

14. মানবচক্ষুর ভিট্রিয়াস হিউমারের কাজ কি? [JU:D,11-12]

A. ক্ষতিকর জীবাণু ধ্বংস B. আলোর প্রতিসরণে সাহায্য  
C. বিবর্ধক মাধ্যম D. লেন্সের পুষ্টি যোগানো **Ans B**

15. মানব চক্ষুর কোরয়েড এর কাজ কি? [JU:D,11-12]

A. লেন্সের পুষ্টি যোগানো B. অক্ষিগোলকের পুষ্টি যোগানো  
C. অক্ষিগোলকের আকৃতি বজায় রাখা D. আঘাত থেকে রক্ষা করা **Ans B**

16. মানব চক্ষুর অ্যাকুয়াস হিউমার এর কাজ কি? [JU:D,11-12]

A. অক্ষিগোলকের আকৃতি দান B. বিবর্ধকের কাজ করা  
C. কর্ণিয়াকে রক্ষা করা D. লেন্সের উপযোজনে সহায়তা করা **Ans A**

17. চোখের কোন অংশে সবচেয়ে ভালো প্রতিবিম্ব সৃষ্টি হয়? [JU:D, 11-12]
- A. রেটিনা B. অন্ধবিন্দু  
C. ফোবিয়া সেন্ট্রালিস D. আইরিস

☆ RU ☆

01. বস্তুর প্রতিবিম্ব তৈরি হয় চোখের কোন অংশে? [RU: C1; 17-18]
- A. কর্ণিয়া B. রেটিনা  
C. লেন্স D. অ্যাকুয়াস হিউমার
02. চোখের কোন স্তর স্নায়ুকোষ দিয়ে গঠিত? [RU:16-17]
- A. কর্ণিয়া B. রেটিনা C. কোরয়েড D. ক্লেরা
03. অক্ষিগোলকের পুষ্টি প্রদান করে কোন অঙ্গটি?/ মেলানিন রঞ্জকে রঞ্জিত স্তর নিম্নের কোনটি? [RU.15-16; 10-11; MAT. 10-11]
- A. কর্ণিয়া B. ক্লেরা C. কোরয়েড D. আইরিশ
04. চোখের লেন্সে পরিমিত আলো প্রবেশ নিয়ন্ত্রণ করে- [RU.14-15]
- A. কর্ণিয়া B. আইরিশ C. রেটিনা D. সিলিয়ারী বডি
05. মানুষের চোখের রড কোষগুলোতে কোন ভিটামিনের উপস্থিতি পাওয়া যায়? [RU.13-14]

- A. ভিটামিন-ই B. ভিটামিন-এ  
C. ভিটামিন-ডি D. ভিটামিন-কে
06. রড ও কোণ কোষ থাকে- [RU. 13-14; IU.00-01]
- A. মস্তিস্কে B. আইরিশে C. কর্ণিয়াতে D. রেটিনায়
07. চোখের জলে কোন এনজাইম থাকে? [RU. 12-13]
- A. থ্রোটিয়েজ B. অ্যামাইলেজ C. ট্রিপসিন D. লাইসোজাইম
08. মেবোমিয়ান গ্রন্থি কোথায় পাওয়া যায়? [RU. 11-12]
- A. চোখে B. তুকে C. জিহ্বায় D. কর্ণে
09. চোখের 'রড' কোষগুলোতে বিদ্যমান আমিষ জাতীয় রঞ্জক রডোপসিন এর রং কি? [RU:C1, 10-11]
- A. নীল B. বেগুনী C. কালো D. সাদা
10. অক্ষিপটের যে স্থানে দস্ত বা শঙ্কু কোষ নেই তাকে বলে- [RU: F1, 10-11]
- A. স্নায়ুপথ B. অন্ধবিন্দু C. ফোবিয়া D. প্রান্তীয় এলাকা
11. অক্ষিগোলকের অংশ নয়- [RU. 09-10]
- A. কর্ণিয়া B. আইরিস C. কনজাংক্টিভা D. পিউপিল
12. রক্ত সরবরাহ নাই- [RU. 09-10]
- A. রেটিনায় B. কর্ণিয়ায় C. লেন্সে D. আইরিশে
13. ভিট্রিয়াস হিউমার চোখের কোন প্রকোষ্ঠে থাকে? [RU.08-09]
- A. প্রথম B. দ্বিতীয় C. তৃতীয় D. কোনটিই নয়
14. চক্ষু গ্রন্থি নয় কোনটি? [RU.08-09]
- A. অশ্রু B. মেবোমিয়ান  
C. হার্ডেরিয়ান D. কোল্যাটেরিয়াল
15. মানব চক্ষুর দৃষ্টি কোন ধরণের? [RU.04-05]
- A. একনেত্র B. দ্বিনেত্র  
C. A ও B উভয়ই D. কোনটিই নয়

☆ CU ☆

01. চোখের কোন ধরনের কোষ রঙ্গিন বস্তু দেখতে সাহায্য করে [CU. 15-16]
- A. রড কোষ B. কোণকোষ  
C. রড কোষ ও কোণকোষ D. কর্ণিয়া কোষ
02. মানুষের দেখার ক্ষমতা- [CU. 13-14]
- A. ত্রিমাত্রিক B. মোজাইক  
C. ত্রিমাত্রিক ও মোজাইক D. রঙ্গিন E. কোনটিই নয়
03. অশ্রু স্রবণের গ্রন্থির নাম- [CU. 11-12]
- A. সুডোরিফেরাস গ্রন্থি B. সিবোসাস গ্রন্থি  
C. সেরমিনাস গ্রন্থি D. ল্যাক্রিমাল গ্রন্থি E. প্রস্টেট গ্রন্থি
04. মানুষের প্রতিটি চোখে কয় ধরনের গ্রন্থি থাকে? [CU.09-10]
- A. 8 B. ৩  
C. ৫ D. ২ E. ৭

☆ KU ☆

01. রেটিনাতে Rod Cells এর পরিমাণ কত Million? [KU. 15-16]
- A. 7 B. 120 C. 150 D. কোনটিই না

☆ IU ☆

01. কনজাংক্টিভাকে জীবাণু মুক্ত রাখে- [IU. 16-17]
- A. সোডিয়াম ক্লোরাইড B. সোডিয়াম বাই কার্বনেট  
C. পানি D. লাইসোজাইম
02. আইরিশের কেন্দ্রীয় ছিদ্রকে কি বলে? [IU. 15-16]
- A. হিউমেরাস B. আলনা C. পিউপিল D. ফিমার

## STEP 02 ANALYSIS OF SCIENCE &amp; TECHNOLOGY QUESTION

☆ JUST ☆

01. মানুষের চোখ দুটি মাথায় সামনের কত দূরে অবস্থিত? [JUST. 15-16]
- A. 6.1 cm B. 6.3 cm C. 6.5 cm D. 6.7 cm

☆ MBSTU ☆

01. অক্ষিগোলকের আবরণ কয়টি স্তর নিয়ে গঠিত? [MBSTU. 12-13]
- A. দুইটি B. তিনটি C. চারটি D. ৬টি

☆ PUST ☆

01. চোখের লেন্সে পরিমিত আলো প্রবেশ নিয়ন্ত্রণ করে- [PUST: B, 15-16]
- A. আইরিশ B. কর্ণিয়া  
C. রেটিনা D. সিলিয়ারী বডি

☆ HSTU ☆

01. আইরিশ কত ধরনের অনৈচ্ছিক পেশীতে গঠিত? [HSTU. 16-17]
- A. 2 B. 4 C. 5 D. 6
- [Ans A Why] আইরিশ বৃত্তাকার পেশি ও অরীয় পেশি নিয়ে গঠিত।
02. নিম্নের কোনটি চোখের ভিতরে আলোর প্রতিফলনকে হ্রাস করে? [HSTU. 15-16]
- A. কোরয়েড B. ক্লেরা C. সিলিয়ারী বডি D. পিউপিল
- [Ans A Why] কোরয়েডে আলো শোষিত হয়। এটি কালো বর্ণের অংশ।

## STEP 03 ANALYSIS OF MEDICAL &amp; DENTAL QUESTION

☆ MAT ☆

01. চোখের রেটিনার ভিতর সবচেয়ে আলোক সংবেদী অংশের নাম কী? [MAT. 18-19]
- A. অন্ধ বিন্দু B. আলোক বিন্দু  
C. পীত বিন্দু D. সাদা বিন্দু
02. চোখের ক্লেয়ার রঙ কি? [MAT. 17-18]
- A. কালো B. সাদা C. হালকা হলুদ D. লাল
03. মেলানিন রঞ্জকে রঞ্জিত স্তর নিম্নের কোনটি? [MAT. 14-15]
- A. ক্লেরা B. কোরয়েড  
C. সিলিয়ারী বডি D. সাসপেন্সরী লিগামেন্ট
04. পিউপিল কার অংশ- [MAT. 14-15; RU.12-13]
- A. কর্ণিয়া B. রেটিনা C. আইরিশ D. কোরয়েড
05. কোনটি অক্ষি পেশী? [MAT. 12-13]
- A. এক্সটারনাল অবলিক B. সুপিরিয়র রেট্টাস  
C. ইন্টারনাল অবলিক D. এক্সটারনাল রেট্টাস
06. নিম্নের কোনটি চোখের একমাত্র আলোকসংবেদী অংশ? [MAT. 08-09]
- A. পিউপিল B. আইরিশ C. রেটিনা D. অন্ধবিন্দু
07. নিম্নে উল্লেখিত চোখের কোন অংশ বস্তুর প্রতিবিম্ব সৃষ্টি করে? [MAT. 07-08]
- A. লেন্স B. কর্ণিয়া C. পিউপিল D. রেটিনা
08. নিম্নের কোনটি চোখের কোরয়েড-এর অংশ নয়? [MAT. 07-08]
- A. রেটিনা B. আইরিশ  
C. পিউপিল D. সিলিয়ারী বডি

09. মানুষের চোখের ভিতরে আলোর পরিমাণ নিয়ন্ত্রণ করে- [MAT. 91-92]

- A. চক্ষুলেপ B. অক্ষিপট  
C. চক্ষুস্নায়ু D. চক্ষুমণিকা বা তারারন্ধ্র

[Ans D]

10. রোডোপসিন চোখের কোন অংশে পাওয়া যায়? [MAT. 88-89]

- A. রেটিনা B. কর্ণিয়া  
C. অ্যাকোয়াস হিউমার D. কোনটিই নয়

[Ans A]

11. চোখের কনজাংক্টিভা সিক্ত রাখে- [MAT. 88-89]

- A. ল্যাক্রিমাল গ্রন্থি B. হারডেরিয়ান গ্রন্থিত  
C. সিবিসিয়াস গ্রন্থি D. মিউকাস গ্রন্থি

[Ans A]

☆ DAT ☆

01. চোখের লেঙ্গ ও রেটিনার মধ্যে অবস্থান করে নিচের কোনটি? [DAT. 18-19]

- A. ভিট্রিয়াস হিউমার B. অ্যাকুয়াস হিউমার  
C. কর্ণিয়া D. হিমোসিল

[Ans A]

02. নিম্নের কোনটি দৃষ্টির ত্রুটি নয়? [DAT. 03-04]


- A. চালশে B. অ্যানিমিয়া  
C. দূরদৃষ্টি D. ক্ষীণদৃষ্টি

[Ans B]

## CONCEPT 05


## কান সম্পর্কিত তথ্যাবলি

## ◆ Item-01 : কানের বিভিন্ন অংশ



## MUST TO KNOW

- **ককলিয়া:** অন্তঃকর্ণে অবস্থিত শামুকের খোলকের মতো প্যাঁচানো অস্থিময় প্রকোষ্ঠ বা নালিকাবিশেষ যা শ্রবণ অনুভূতি গ্রহণ করে ও মস্তিষ্কে প্রেরণ করে।
- **অর্গান অব কর্টি:** ককলিয়ার বেসিলার বিন্দির উপর অবস্থিত এবং অডিটরি স্নায়ুর সাথে যুক্ত, শব্দ-গ্রাহকযন্ত্ররূপে কাজ করে।
- **ভেস্টিবুলার যন্ত্র:** ককলিয়ার উপরের অস্থিময় ল্যাবিরিন্থ ও মেমব্রেনাস ল্যাবিরিন্থ দিয়ে গঠিত, ভারসাম্য রক্ষা করে।
- **অর্ধবৃত্তাকার নালী:** অন্তঃকর্ণে অবস্থিত অর্ধবৃত্তাকার নালী (তিনটি) বিগলিময় ল্যাবিরিন্থের অন্যতম অংশ, ভারসাম্য নিয়ন্ত্রণ করে।
- **ইউট্রিকুলাস ও স্যাকুলাস** উভয় প্রকোষ্ঠে ম্যাকুলা নামের সংবেদী কোষ থাকে।
- **অর্গান অব কর্টিতে** সংবেদী রোম কোষের সংখ্যা প্রায় ২৫০০০।
- **পেরিলিম্ফে** শব্দ ২০ গুণ বৃদ্ধি পায়।



(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)



SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

## ◆ শ্রবণ কৌশলের প্রবাহ চিত্রঃ

উত্তরঃ শব্দতরঙ্গ → পিনা → বহিঃঅডিটরি মিটাস → টিমপ্যানিক মেমব্রেন → মধ্যকর্ণের অস্থিত্রয় → ককলিয়া → অর্গ্যান অব কর্টি → সংবেদী কোষের উত্তেজনা সৃষ্টি → স্নায়ুস্পন্দন → অডিটরি স্নায়ু → মস্তিষ্কের শ্রবণ কেন্দ্র → শ্রবণ।

## ❖❖❖ REAL TEST ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS ❖❖❖

## STEP 01 ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

☆ DU ☆

## 01. অর্গান অব কর্টি কোথায় থাকে?

[DU.16-17, 14-15, 97-98; MAT. 89-90, RU.13-14, 09-10]

- A. অন্তঃকর্ণে B. এন্ডোলিম্ফে  
C. ককলিয়াতে/ স্যাকুলাস D. পেরিলিম্ফে

[Ans C] Why অর্গান অব কর্টি থাকে অন্তঃকর্ণের স্যাকুলাসের ককলিয়াতে।

## 02. মানব দেহের ভারসাম্য রক্ষায় কর্ণের কোন অংশটি সম্পৃক্ত?

[DU.15-16]

- A. মেমব্রেনাস ল্যাবিরিন্থ (Membranous labyrinth)  
B. অর্গান অব কর্টি (Organ of corti)  
C. টিমপেনিক পর্দা (Tympanic membrane)  
D. ম্যালিয়াস (Maleus)

[Ans A]

## 03. ককলিয়া হলো-

[DU. 12-13]

- A. দৃষ্টির সাথে সংশ্লিষ্ট অঙ্গ B. শ্রবণের সাথে সংশ্লিষ্ট অঙ্গ  
C. শ্রবণের সাথে সংশ্লিষ্ট অঙ্গ D. খাদ্য চর্বণের সাথে সংশ্লিষ্ট অঙ্গ

[Ans B]

## 04. সজ্জানুযায়ী কর্ণের হাড়গুলো যথাক্রমে-

[DU.10-11, 06-07]

- A. ইনকাস, স্টেপিস, ম্যালিয়াস B. স্টেপিস, ইনকাস, ম্যালিয়াস  
C. ইনকাস, ম্যালিয়াস, স্টেপিস D. ম্যালিয়াস, ইনকাস, স্টেপিস

[Ans D] Why সজ্জানুযায়ী বাহির থেকে ভিতরে: ম্যালিয়াস→ইনকাস→স্টেপিস।

☆ JnU ☆

## 01. কানের কাজ কোনটি?

[JnU. 14-15]

- A. শ্রবণ B. ভারসাম্য রক্ষা  
C. অনুভূতি D. A & B উভয়ই

[Ans D]

☆ JU ☆

## 01. নিম্নের কোনটি শরীরের ভারসাম্য রক্ষা করে?

[JU:D, 13-14; MAT. 07-08]

- A. ইনকাস B. অর্গান অব কর্টি  
C. ভেস্টিবুলার যন্ত্র D. ককলিয়া

[Ans C]

## 02. মানবদেহের কর্ণের ইউট্রিকুলাসে কোন অংশটি থাকে না?

[JU:D,13-14]

- A. অর্গান অব কর্টি B. অর্ধবৃত্তাকার নালী  
C. অ্যাম্পুলা D. ওটোলিম্ফ

[Ans A]

## 03. মানুষের অন্তঃকর্ণ অবস্থিত এক ধরণের চুন নির্মিত কণিকাকে কি বলে?

[JU:D,12-13]

- A. ককলিয়া B. ক্যুপুলা C. ইনকাস D. স্টেপিস

[Ans B]

## 04. কানের কোন অংশটি ভারসাম্য নিয়ন্ত্রণ করে না?

[JU:D, 11-12]

- A. ভেস্টিবুলার যন্ত্র B. অর্ধবৃত্তাকার নালী  
C. ক্যুপুলা D. ককলিয়া

[Ans D]

## 05. ইনকাস কিসের অংশ?

[JU:D,08-09]

- A. পিনা B. বহিঃকর্ণ C. অন্তঃকর্ণ D. মধ্যকর্ণ

[Ans D]

## 06. মধ্যকর্ণের মধ্যবর্তী অস্থি-

[JU:D,04-05]

- A. ম্যালিয়াস B. ইনকাস C. স্টেপিস D. ককলিয়া

[Ans B]

☆ RU ☆

## 01. নিচের কোনটি দেহের ভারসাম্য রক্ষায় ভূমিকা রাখে না?

[RU: SG-2,18-19]

- A. অন্তঃকর্ণ B. সেরিবেলাম  
C. হাইপোথ্যালামাস D. ভেস্টিবুলার যন্ত্র

[Ans C]

## 02. ওটিটিস মিডিয়া কি?

[RU: SG-1,18-19]

- A. সাইনুসাইটিস B. তাবক প্রদাহ  
C. মধ্য কর্ণের প্রদাহ D. এমফাইসেমা

[Ans C]

## 03. কোনটি মধ্যকর্ণের অস্থি নয়?

[RU: G2; 17-18; MAT: 98-99]

- A. ম্যালিয়াস B. ইনকাস C. স্টেপিস D. অ্যাটলাস

[Ans D]

## 04. মধ্য ও অন্তঃকর্ণের মধ্যবর্তী বিভেদক ছিদ্রালো পর্দার নাম-

[RU.16-17]

- A. ফেনেস্ট্রা B. টিমপ্যানিক পর্দা  
C. অ্যাম্পুলা D. ম্যাকুলা

[Ans A]

## 05. কানের পর্দার নিকটতম অস্থিটির নাম কী?

[RU. 12-13]

- A. স্টেপিস B. ম্যালিয়াস C. ইনকাস D. কোনটিই নয়

[Ans B]

## 06. মধ্যকর্ণের সাথে গলার সংযোগকারী নালিটির নাম-

[RU.11-12]

- A. ককলিয়ার জলনালী B. ভেস্টিবুলার জলনালী  
C. ইউস্টেশিয়ান জলনালী D. টিমপ্যানিক জলনালী

[Ans C]

## 07. মানুষের অন্তঃকর্ণের কোন অংশটি ভারসাম্য রক্ষায় সাহায্য করে?

[RU. 11-12]

- A. মেমব্রেনাস ল্যাবিরিন্থ B. পেরিলিম্ফ  
C. ইউট্রিকুলাস D. স্যাকুলাস

[Ans C]

## 08. অটোলিম্ফের অবস্থান-

[RU. 09-10]

- A. গিজার্ভে B. এন্টেনাতে  
C. অন্তঃকর্ণে D. কোনটিতেই নয়

[Ans C]

## 09. টিমপেনিক পর্দার উভয়পাশে বায়ুর চাপে সমতা রক্ষা করে-

[RU.08-09]

- A. অর্ধবৃত্তাকার নালী B. ইউট্রিকুলাস স্যাকুলাস নালী  
C. ইউস্টেশিয়ান নালী D. প্যাঁচানো নালী

[Ans C]

## 10. ককলিয়া কয়টি প্রকোষ্ঠে বিভক্ত?

[RU.08-09]

- A. ৩ B. ৪ C. ৫ D. ৬

[Ans A]

## 11. সেরমিনাস গ্রন্থির অবস্থান-

[RU.04-05]

- A. অন্তঃকর্ণে B. বহিঃকর্ণে C. ডার্মিসে D. চক্ষুপেশিতে

[Ans B]

## 12. স্যাকুলা এবং অটোলিম্ফিক মেমব্রেনকে একত্রে কি বলে?

[RU.04-05]

- A. অ্যাম্পুলা B. কিউপুলা  
C. অটো কর্ণিয়াম D. ইউট্রিকুলাস

[Ans C]

☆ CU ☆

## 01. ফেনেস্ট্রা ওভালিস কি?

[CU.08-09]

- A. ওভার অংশ B. স্নায়ুর নাম  
C. মধ্য কর্ণের ছিদ্রপথ D. পাকস্থলির ছিদ্রপথ

[Ans C]

## 02. ইউস্টেশিয়ান নালী মানুষের কানের কোন অংশে থাকে?

[CU.00-01]

- A. মধ্যকর্ণ B. বহিঃকর্ণ C. অন্তঃকর্ণ D. ইউট্রিকুলাস

[Ans A]

☆ JKKNIU ☆

## 01. কোন কর্ণাঙ্ঘি হাড়টির মতো দেখতে?

[JKKNIU: B, 17-18]

- A. ম্যালিয়াস B. ইনকাস C. স্টেপিস D. স্যাকুলাস

[Ans A]

☆ DU-7Clg ☆

## 01. মধ্যকর্ণের অস্থির সংখ্যা কোনটি?

[DU-7Clg: 19-20]

- A. ২ B. ৩ C. ৪ D. ৫

[Ans B] Why মধ্যকর্ণের অস্থির সংখ্যা তিনটি। ম্যালিয়াস, ইনকাস, স্টেপিস (মানবদেহে সবচেয়ে ক্ষুদ্র অস্থি)।

**STEP 02 ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION**

☆ NSTU ☆

01. মানব শরীরের কোন গ্রন্থি কর্ণপটটিকে ধূলা-বালি থেকে রক্ষা করে? [NSTU. 13-14]  
A. সিবিসিয়াস B. মেবোবিয়ান C. সিবুমিনাস D. ল্যাক্রিমাল  
**Ans C Why** কর্ণকূহরে অবস্থিত স্বেদ গ্রন্থিগুলো সিবুমিনাস (Cerumen) নামক মোমজাতীয় পদার্থ ক্ষরণ করে। এসব গ্রন্থিকে সিবুমিনাস গ্রন্থি বলে। কর্ণকূহরে লোম ও মোমে বিভিন্ন ক্ষতিকর কীটপতঙ্গ, জীবাণু ধূলাবালি আটকে যাওয়ায় কানের সংবেদনশীল পর্দা রক্ষা পায়।

**STEP 03 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION**

☆ MAT ☆

01. মানব দেহের ভারসাম্য রক্ষা করে- [MAT. 17-18; IU. 19-20]  
A. বহিঃকর্ণ B. অন্তঃকর্ণ C. মধ্যকর্ণ D. নাসা গলবিল  
**Ans B Why** মানুষের ভারসাম্যের অঙ্গকে ভেস্টিবিউলার অ্যাপারেটাস বলে। এটি ইউট্রিকুলাস ও স্যাকুলাস নামক দুটি ছোট গহ্বর এবং তিনটি অর্ধবৃত্তাকার নালি সমন্বয়ে গঠিত। ইউট্রিকুলাস হচ্ছে অন্তঃকর্ণের একটি অংশ।  
02. কোনটি মানুষের কানের অর্ধবৃত্তাকার নালীর কাজ? [MAT. 05-06]  
A. ভারসাম্য নিয়ন্ত্রণ করা B. শব্দ তরঙ্গ প্রেরণ করা  
C. বায়ুচাপের সমতা রক্ষা করা D. ভারসাম্য রক্ষা করা **Ans D**

03. কর্ণাঙ্কি, স্টেপিস, অন্তঃকর্ণ ও মধ্যকর্ণের মধ্যবর্তী প্রাচীর যে পদার্থের সঙ্গে যুক্ত থাকে সেটি হল- [MAT. 00-01]  
A. অমো B. কর্ণপটট্  
C. ফেনেস্ট্রা ওভালিস D. ফেনেস্ট্রা রোটান্ডা **Ans C**

04. কোন অঙ্গটি অবস্থান সম্পর্কবোধ সৃষ্টি করে? [MAT. 92-93]  
A. ফেসিকল B. অর্ধবৃত্তাকার নালী  
C. ককলিয়া D. ওভাল জানালা **Ans B**

05. কর্ণপটটের ভিতরে ও বাইরে বায়ুর চাপের সমতা রক্ষা করে- [MAT. 90-91]  
A. মালপিজিয়ান নালী B. স্টেপিস  
C. ইউস্টেশিয়ান নালী D. কোনটিই নয় **Ans C**


06. শ্রবণ ছাড়াও কর্ণের অন্যতম কাজ- [MAT. 89-90]  
A. দেহকে সতেজ রাখা B. দেহের কার্যক্ষমতা বাড়ানো  
C. দেহের ভারসাম্য রক্ষা করা D. উপরের কোনটিই নয় **Ans C**

☆ DAT ☆

01. নিম্নের কোন গ্রন্থি মোমের মতো আঁঠালো পদার্থ তৈরী করে? [DAT. 10-11]  
A. সিবিসিয়াস B. সেরুমিনাস  
C. লালাগ্রন্থি D. মিবোমিয়ান **Ans B**

**CONCEPT 06****গ্রন্থি ও হরমোন সম্পর্কিত তথ্যাবলি****◆ Item-01 : প্রাথমিক কথা**

- গ্রন্থি: গঠন ও কার্যগতভাবে বিশেষায়িত যে কোষ বা কোষগুচ্ছ দেহের বিভিন্ন জৈবনিক প্রক্রিয়ায় প্রয়োজনীয় রাসায়নিক পদার্থ ক্ষরণ করে, তাকে গ্রন্থি বা গ্ল্যান্ড বলে।  
প্রকারভেদ:



- বহিঃক্ষরা গ্রন্থির বৈশিষ্ট্য: অনালী, নিঃসৃত পদার্থের নাম রস বা এনজাইম, ক্ষরণ দূরবর্তী স্থানে ক্রিয়াশীল নয়।
- অন্তঃক্ষরা গ্রন্থির বৈশিষ্ট্য: সনালী, নিঃসৃত পদার্থের নাম হরমোন, দূরবর্তী স্থানে ক্রিয়াশীল, রক্ত সরবরাহ বেশী, রক্তের মাধ্যমে সাড়া দেহে বাহিত হয়।

## ➤ হরমোন:

হরমোন এক প্রকার রাসায়নিক পদার্থ যা অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হয়ে রক্ত বা লসিকার মাধ্যমে বাহিত হয়ে দূরবর্তী অঙ্গে ক্রিয়াশীল হয়। ব্রিটিশ বিজ্ঞানী Starling এবং Bayliss (1904) সর্বপ্রথম Hormone শব্দটি ব্যবহার করেন।

## হরমোনের বৈশিষ্ট্য:

- হরমোন এক ধরনের ক্ষুদ্র ও জৈব অণু যা রক্তে বাহিত হয়।
- উৎপত্তিস্থল থেকে (নির্দিষ্ট কোষ বা কোষগুচ্ছ বা গ্রন্থি থেকে) সংবহনতন্ত্রের মাধ্যমে দেহের দূরবর্তীস্থানে পরিবাহিত হয়ে নির্দিষ্ট অংশে কাজ করে।
- হরমোন এক ধরনের দ্রবনীয় জৈব অনুঘটকের কাজ করে কিন্তু কাজ শেষে ধ্বংসপ্রাপ্ত হয়।
- হরমোন স্বল্প মাত্রায় বা ঘনত্বে কার্যকরী হয় এবং ক্রিয়ার স্থায়ীত্বকাল অনেকদিন বজায় থাকে।
- হরমোন সাধারণত ভবিষ্যতের জন্য জমা থাকে না।
- একটি অন্তঃক্ষরা গ্রন্থি থেকে একাধিক হরমোন ক্ষরিত হতে পারে কিন্তু এগুলোর কাজ বা ক্ষরণ পরস্পর নির্ভরশীল নয়।
- স্নায়ুতন্ত্রের সাথে সম্পর্ক রেখে হরমোন বিভিন্ন দৈহিক ও শারীরবৃত্তিক কাজ নিয়ন্ত্রণ করে।
- হরমোন জীবদেহের কোষে রাসায়নিক সংযোগ সাধন করে এবং রাসায়নিক বার্তা প্রেরণ করে।



## ➤ মানবদেহে ৩ ধরনের রাসায়নিক সমন্বয় দেখা যায়-

- এন্ডোক্রাইন সমন্বয়: পিটুইটারি গ্রন্থি ক্ষরিত Thyroid Stimulating Hormone রক্ত দ্বারা পরিবাহিত হয়ে থাইরয়েড গ্রন্থিতে পৌঁছে এবং অধিক হরমোন উৎপাদনের জন্য উত্কে উদ্দীপ্ত করে।
- প্যারাক্রাইন সমন্বয়: অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স এর  $\alpha$  কোষ থেকে নিঃসৃত গ্লুকাগন পার্শ্ববর্তী  $\beta$  কোষের নিঃসরণকে বাধা দেয়।
- অটোক্রাইন সমন্বয়: রক্তনালীর প্রাচীরের এন্ডোথেলিয়াল কোষে উৎপাদিত Platelet activating factor এ কোষেই কাজ করে।

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম)

## ♦ Item-02 : বিভিন্ন গ্রন্থি নিঃসৃত হরমোন ও এদের ভূমিকা

গ্রন্থির নাম	অবস্থান	ভাগ	নিঃসৃত হরমোন	কাজ
হাইপোথ্যালামাস	অগ্রমস্তিষ্ক		গ্রোথ হরমোন রিলিজিং হরমোন (GHRH)	গ্রোথ হরমোন (GH) নিয়ন্ত্রণ করে
			থাইরেট্রোপিন (TRH)	থাইরয়েড স্টিমুলেটিং ও থ্রোল্যাকটিন ক্ষরণ নিয়ন্ত্রণ করে
			কার্টিকোট্রোপিন (CRH)	অ্যাড্রিনোকরটিকোট্রোপিক হরমোন ক্ষরণ নিয়ন্ত্রণ করে
			গোনাডোট্রোপিন (GRH)	লুইটিনাইজিং ও ফলিকল স্টিমুলেটিং ক্ষরণ নিয়ন্ত্রণ করে
			সোমাস্ট্যাটিন (SS)	গ্রোথ হরমোন ক্ষরণ রোধ নিয়ন্ত্রণ করে
			ডোপামিন (DA)	গ্রোথ হরমোন ক্ষরণ রোধ নিয়ন্ত্রণ করে
পিটুইটারি গ্রন্থি (প্রধান গ্রন্থি বা প্রভু গ্রন্থি বা Principle gland বা Master gland বা হাইপোফাইসিস সেরিবি) • সবচেয়ে ছোট গ্রন্থি • ওজন: ০.৫২১ গ্রাম	চোখের পেছনে মস্তিষ্কের পাদদেশে	অগ্রভাগ বা Anterior Pituitary বা Adenohypophysis	STH বা HGH	<ul style="list-style-type: none"> <li>• অস্থি ও কোমল টিস্যুর বৃদ্ধি</li> <li>• প্রোটিন সংশ্লেষ</li> <li>• গ্লাইকোজেন সঞ্চালন ও চর্বি সঞ্চয়কে উদ্দীপ্ত করন।</li> </ul>
			TSH	• থাইরয়েড গ্রন্থিকে হরমোন সংশ্লেষণ ও ক্ষরণে উদ্দীপ্ত করে।
			LH	<ul style="list-style-type: none"> <li>• নারীদেহে ডিম্বপাত ঘটায়</li> <li>• কর্পাস লুটিয়াম সৃষ্টি করে।</li> <li>• ইস্ট্রোজেন ও প্রোজেস্টেরন সংশ্লেষণকে উদ্দীপ্ত করে।</li> <li>• পুরুষে টেস্টোস্টেরন ক্ষরণে উদ্দীপনা দান করে।</li> </ul>
			FSH	<ul style="list-style-type: none"> <li>• ডিম্বাশয়ের ফলিকলের পূর্ণতা দান করে।</li> <li>• এস্ট্রোজেন সংশ্লেষণে উদ্দীপনা যোগায়।</li> </ul>
			PRL বা LTH	• স্তনগ্রন্থির বৃদ্ধি, দুগ্ধ ক্ষরণ নিয়ন্ত্রণ, অনাক্রম্যের প্রতি সাড়া দান, মাতৃ বাৎসল্য।
			ACTH	• অ্যাড্রেনাল কর্টিক্সকে উদ্দীপনা দান।
		মধ্যভাগ	MSH বা ইন্টারমেডিন	• ত্বক ও চুলের বর্ণ নিয়ন্ত্রণ।
		পশ্চাৎ ভাগ বা Posterior Pituitary বা নিউরোহাইপোফাইসিস	কার্টিকোট্রোপিন সদৃশ মধ্যবর্তী খন্ড পেপটাইড	• ACTH এর অগ্রদূত হিসেবে কাজ করে।
			অক্সিটোসিন	<ul style="list-style-type: none"> <li>• জরায়ুর সংকোচন।</li> <li>• দুগ্ধ ক্ষরণে উদ্দীপনা।</li> </ul>
		থাইরয়েড (প্রজাপতি আকৃতির) • ওজন: ২০-২৫ গ্রাম বা ১৫- ২০ গ্রাম। • সংখ্যা: ২টি।	ট্র্যাকিয়ার উভয় পাশে	
থাইরক্সিন ( $T_4$ ) বা ডেট্রোআয়োডোথাইরোনিন	• বিপাকীয় প্রক্রিয়ার হারকে নিয়ন্ত্রণ করে।			
ক্যালসিটোনিন বা থাইরোক্যালসিটোনিন	<ul style="list-style-type: none"> <li>• রক্তে ক্যালসিয়ামের মাত্রা কমায়।</li> <li>• হাড়ে ক্যালসিয়াম সঞ্চয় করে।</li> <li>• ভিটামিন D উৎপাদন নিয়ন্ত্রণ করে।</li> </ul>			
প্যারাথাইরয়েড	থাইরয়েডের পেছনে		প্যারাথরমোন বা প্যারাথাইরিন	<ul style="list-style-type: none"> <li>• রক্তে ক্যালসিয়ামের মাত্রা বাড়ায় ও ফসফরাসের মাত্রা কমায়।</li> <li>• অস্থির ক্যালসিয়াম ও ফসফেটের শোষণ ক্ষমতা বাড়ায়।</li> </ul>
থাইমাস			থাইমোসিন বা থাইমোক্রাইসিন	<ul style="list-style-type: none"> <li>• লিম্ফোসাইট ও অ্যান্টিবডি গঠনে সহায়তা করে।</li> <li>• অস্থিতে খনিজ লবণ জমতে সহায়তা করে।</li> </ul>

গ্রন্থের নাম	অবস্থান	ভাগ	নিঃসৃত হরমোন	কাজ
এড্রেনাল বা সুপ্রায়েনাল গ্রন্থি	বৃক্কের উপরে	কর্টেক্স	থ্রুকোকর্টিকয়েড (কর্টিসল, কর্টিসোন, কর্টিকোস্টেরন)	• শর্করা বিপাক নিয়ন্ত্রণ। • ফিটাসের ফুসফুস গঠন।
			মিনারেলোকর্টিকয়েড (অ্যালডোস্টেরন, ডিঅক্সিকর্টিকোস্টেরন)	• খনিজ লবণের বিপাক নিয়ন্ত্রণ করে।
			যৌন কর্টিকয়েড (এড্রোজেন, ইস্ট্রোজেন, প্রোজেস্টেরন)	• যৌনাজ বা গৌণ যৌন বৈশিষ্ট্যের বিকাশ ঘটায়।
		মেডুলা	এড্রেনালিন বা এপিনেফ্রিন (আপৎকালীন হরমোন বলে)	• বিপাক নিয়ন্ত্রণ। • হৃৎপিণ্ড ও ধমনীর অনৈচ্ছিক পেশীর সংকোচন নিয়ন্ত্রণ। • দেহের উষ্ণতা নিয়ন্ত্রণ করে। • ভয়, আনন্দ, শোক প্রকাশ।
			নর এড্রেনালিন বা নর এপিনেফ্রিন	• হৃৎপেশী উদ্দীপ্ত। • রক্তবাহিকা সংকুচিত। • রক্তচাপ বৃদ্ধি।
অগ্ন্যাশয় (আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স)			$\alpha$ →থ্রুকাগন	• রক্তে থ্রুকোজের পরিমাণ বাড়ায়।
			$\beta$ →ইনসুলিন	• রক্তে থ্রুকোজের পরিমাণ কমায়।
			$\delta$ →সোম্যাটোস্ট্যাটিন	• গ্যাস্ট্রিনের ক্ষরণ নিবারণ। • পৌষ্টিক নালীর পেশীর সঞ্চালন কমায়। • অগ্ন্যাশয় রসের ক্ষরণ কমায়।
			P.P/γ → প্যানক্রিয়েটিক পলিপেপটাইড	• খাদ্য গ্রহণের পর ক্ষরিত হয়ে ক্ষুধা হ্রাস করে।
গ্যাস্ট্রিক গ্রন্থি ও আন্ত্রিক গ্রন্থি			গ্যাস্ট্রিন	• পাকস্থলি প্রাচীরকে HCl ও পেপসিন নিঃসরণে উদ্দীপনা দান করে।
			সিক্রেটিন	• অগ্ন্যাশয় রস নিঃসরণ করে।
			কোলেসিস্টোকাইনিন	• পিত্তরস ক্ষরণ করে।
			এন্টারোক্রোইনিন	• আন্ত্রিকরস নিঃসরণ করে।
পিনিয়াল বডি	মস্তিষ্কের ডায়েনসেফালনে		মেলাটোনিন	• ত্বকের বর্ণ নিয়ন্ত্রণ করে।

**Must to Know**

STH = Somatotrophic hormone.  
LH = Luteinizing hormone.  
PRL = Prolactin hormone.  
ADH = Anti diuretic hormone.

TSH = Thyroid stimulating hormone.  
FSH = Follicle stimulating hormone.  
MSH = Melanocyte stimulating hormone.

**বি.দ্র.:** শুক্রাশয় ও ডিম্বাশয় সম্পর্কে ৯ম অধ্যায় থেকে পড়ে নাও।

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)

**◆ Item-03 :** মানবদেহে হরমোনের প্রভাব

➤ মানবদেহে হরমোনের প্রভাব:

নিঃসৃত হরমোন	কম নিঃসরণে ক্ষতি	অধিক নিঃসরণে ক্ষতি
সোম্যাটোট্রপিক হরমোন (STH or GH)	পিটুইটারি বামনত্ব	পিটুইটারি দৈত্যাকৃতি ও এক্রোমেগালী।
TSH হরমোন	মানুষের বামনাকৃতি হয়	দৈত্যাকার ধারণ করে (অনেক লম্বা হয়ে যায়)।
GTH : গোন্যাডোট্রপিক হরমোন	ডিম্বাশয়ের বৃদ্ধি বাধা প্রাপ্ত হয়	অকাল বার্ধক্য হয়।
থাইরক্সিন (T4) (Thyroxin)	মিথ্রোডেমা ও ক্রিটিনিজিম হয়	গ্রেভস রোগ ও থাইরোটক্সিকোসিস হয়।
ট্রাই-আইয়োডো থাইরোনিন (T3)	গলগন্ড হয়	এক্সোথ্যালমিক গুয়টার (চক্ষু স্ফীত হয়)
ক্যালসিটোনিন (Calcitonin)	অস্থি নরম ও ভঙ্গুর হয় ও রক্তে Ca <sup>++</sup> বেড়ে যায়।	হাইপোক্যালসিমিয়া হয়।
প্যারাথরমোন (Parathormone)	টিটানি রোগ	বৃক্ক পাথর হয় ও অস্থি ক্ষয়প্রাপ্ত হয়।
থাইমোট্রপিন/ থাইমোসিন	দেহের প্রতিরোধ ব্যবস্থা পরিপক্ব হয় না	পূর্ণ বয়স্ক অবস্থায় ক্রমশ ছোট হয়ে অকেজো হয়ে যায়।
(i) থ্রুকোকর্টিকয়েড (ii) মিনারেলোকর্টিকয়েড (iii) সেক্সকর্টিকয়েড (iv) অ্যাড্রেনালিন (v) নর অ্যাড্রেনালিন	(i) এডিসন রোগ হয় (ii) বিপাক ক্রিয়া হ্রাস পায় (iii) রক্ত চাপ কমায়	(i) কুশিং রোগ হয় (ii) হাইপার অ্যালডোস্টেরনিজম
টেস্টোস্টেরন (Testosterone)	শুক্রাণু উৎপাদন ব্যাহত হয়	অল্প বয়সে যৌবনোদগম হয় বা যৌবন আবির্ভূত হয় ও অকাল বার্ধক্য দেখা দেয়।

নিঃসৃত হরমোন	কম নিঃসরণে ক্ষতি	অধিক নিঃসরণে ক্ষতি
ক. ইস্ট্রোজেন (Estrogen) খ. প্রোজেস্টেরন (Progesteron) গ. রিলাক্সিন	গর্ভধারণ ক্ষমতাহ্রাস পায়, দৈহিক ও মানসিক অপূর্ণতা দেখা দেয়।	অল্প বয়সে যৌবনোদগম হয় বা যৌন পরিপক্বতা লাভ হয়।
গ্লুকাগন (Glucagon)	হাইপোগ্লাইসেমিয়া	হাইপারগ্লাইসেমিয়া হয়।
গ্যাস্ট্রিন (Gastrin)	স্বাভাবিক পরিপাক ব্যাহত হয়।	স্বাভাবিক পরিপাক ব্যাহত হয়।
সিক্রেটিন (Secretin)	অগ্ন্যাশয় রস ঠিক মতো ক্ষরিত হয় না।	পরিপাক ব্যাহত হয়।
কোলিসিস্টোকাইনিন	পিত্তরস ঠিক মতো ক্ষরিত হয় না।	পরিপাক ব্যাহত হয়।

➤ হরমোনের নেতিবাচক প্রভাব:

- হাইপোগ্লাইসেমিয়া: রক্তে অস্বাভাবিক কম মাত্রায় গ্লুকোজের উপস্থিতি।
- টারনার সিনড্রোম: নারীদেহে ক্রোমোসোম একটি কিংবা সম্পূর্ণ অনুপস্থিত।
- অ্যাক্রোমেগালি/ম্যারিজব্যাদি: মুখমণ্ডল, মাথা, হাত, পা, বুকের অস্বাভাবিক স্ফীতি।
- কার্পাল টানেল সিনড্রোম: মিডিয়ান স্নায়ু কজির গোড়ায় চাপা পড়লে আঙ্গুল ও হাতে, এমনকি কণ্ঠই পর্যন্ত অসার ও কাঁটা কাঁটা ভাব।
- প্রাডের উইলি সিনড্রোম: মানবদেহে ক্রোমোসোম-15 এ ক্রোমোসোমাল পদার্থের অনুপস্থিতির ফলে সৃষ্ট ব্যাদি। এর ফলে বিলম্বিত বৃদ্ধি, দুর্বল পেশি গঠন, খর্ব আকৃতি, ছোট হাত-পা, অসম্পূর্ণ যৌন পরিপক্বতন, বিশেষ ধরনের মুখমণ্ডল, সারাশরীরে ক্ষুধাভাব ইত্যাদি।
- মানুষের বৃদ্ধি হরমোন সোম্যাটোস্ট্যাটিন নামে পরিচিত যা ৩০ বছর বয়সের পরে ক্ষরণ কমে যায়।



(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, কাইয়ুম স্যার)

SAQ  
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ  
Broad Ans Question

◆ মানুষের দৈহিক বৃদ্ধিতে (Physical growth) থাইরক্সিন হরমোনের ভূমিকা লিখ।

[JnU. 19-20]

উত্তর: থাইরক্সিন হরমোনের ভূমিকা:

- পিটুইটারি গ্রন্থিকে গ্রোথ হরমোন ক্ষরণে উদ্দীপ্ত করে।
- প্রোটিন সংশ্লেষণের হার বাড়িয়ে দেহের বৃদ্ধি ঘটায়।
- কঙ্কাল পেশির বৃদ্ধি ও রক্ষণাবেক্ষণ নিয়ন্ত্রণ করে।
- বিভিন্ন টিস্যুর বিভেদ ও পরিপক্বতার জন্য এটি অত্যাবশ্যিক।
- খাদ্যের বিপাকীয় হার বৃদ্ধি করে।

◆ অগ্ন্যাশয়কে কেন মিশ্র গ্রন্থি বলা হয়?

উত্তর: অগ্ন্যাশয় গ্রন্থি বহিঃক্ষরা ও অন্তঃক্ষরা উভয় প্রকার কোষের সমন্বয়ে গঠিত তাই অগ্ন্যাশয়কে মিশ্র গ্রন্থি বলে।

◆ পিটুইটারী গ্রন্থি নিঃসৃত হরমোনগুলোর নাম লিখ?

উত্তর: পিটুইটারী গ্রন্থি নিঃসৃত হরমোনগুলোর নাম :

ফলিকল উদ্দীপক হরমোন (FSH), লিউটিনাইজিং হরমোন (LH), প্রোল্যাক্টিন বা লুটিওট্রপিক হরমোন (PRL/LTH), থাইরয়েড উদ্দীপক হরমোন (TSH), অ্যাড্রিনাল উত্তেজক হরমোন (ACTH), সোম্যাটোট্রপিন বা দেহ বৃদ্ধিকারক হরমোন (STH/GH), অক্সিটোসিন, অ্যান্টিডাই-ইউরোটিক হরমোন (ADH)

◆ হরমোন কী?

[ব. বো. ২০১৭]

